बहरहाल १८ वी शती के मध्य से २०वी. शती के पूवार्ध की हिन्दी नाट्य यात्रा को तीन भागो में बाँटा जा सकता हैः

१) भारतेन्दु युग १८५०–१८८६

२) प्रसाद युग १८८९–१९३७

३) प्रेमचंद युग १८८९–१९३६

भारतेन्दु हरिशचंद ही आधुनिक नाटक के जन्मदाता कहे जाते है। पारसी नाटकों के फूहड़पन, अश्लीलता तथा दिशाहीनता से व्यथित हो कर अपनी अनुवाद परंपरा से मुक्तिलाभ करते हुये इन्होने रुचि सम्पन्न और समकालीन सामाजिक समस्याओ के साथ राष्ट्रीयता की भावना से सम्पन्न, भारत भूमि के ऐतिहासिक गौरव को प्रस्तुत करने वाले सार्थक नाटकों की रचना की। भारतेन्दु हिन्दी नाट्य लेखन के प्रणेता ही नहीं थें वरन उन्होने हिन्दी नाट्य लेखन को एक नयी दिशा की ओर उन्मुख किया जिसकी यात्रा निरंतर अग्रगामी हैं। सन् १८८१ में उन्होने अंधेर नगरी चौपट राजा नामक एक ऐसे राजनैतिक नाटक की रचना की जिसने ब्रिटानी हुकूमत की नीदं हराम कर दी तथा तत्कालीन शासन तन्त्र नें आतंकित होकर इस नाटक पर कठोर प्रतिबंध लगा दिया। भारतेन्दु युग के उल्लेखनीय नाट्यकारो में श्री निवास दास, राधाकृष्ण दास, किशोरीलाल गोस्वामी, राव कृष्णदेव शरण आदि का नाम लिया जा सकता है।

इस नाट्य लेखन परंपरा को आगे बढ़ाते हुये प्रसाद ने "ध्रुव-स्वामिनी" जैसे नारी–अस्मिता के पैरोकार तथा "चन्द्रगुप्त" जैसे राजनैतिक चेतना के नाटकों की सृष्टि की। प्रसाद की नाट्य रचना भाव-प्रवाह में विकसित हुई जिसमें मंचन की सुविधाओं को नियन्त्रित नही किया गया था। जब कि भारतेन्दु के नाटको की रचना में मंचन की सुविधाओं का पूर्ण ध्यान रखा गया है। इसीलिये प्रसाद के नाटक अपने में अर्न्तभुक्त विषय की उत्कृष्टता के बावजूद मंचन की दृष्टि से कठिन एवं जटिल साबित हुये। बावजूद इसके कई प्रसिद्ध नाट्य गोष्ठीयों ने उनके नाटको का उत्कृष्ट एवं सफल मंचन किया। प्रसाद युग नाट्य धारा के प्रमुख नाट्य कृतिकार बद्रीनाथ भट्ट, गोविन्द बल्लभ पन्त, गोपाल राम गहमरी, सुदर्शन, उदय शंकर भट्ट, बेचन शर्मा उग्र, हरेकृष्ण प्रेमी, सेठ गोबिन्द दास, लक्ष्मीनारायण मिश्र, विश्वम्भर शर्मा कौशिक आदि थे।

उर्दू साहित्य सृजन में रत धनपत राय ने मुन्शी प्रेमचंद के नये नाम के साथ हिन्दी साहित्य सृजन क्षेत्र में प्रवेश किया। मुन्शी प्रेम चंद पहले हिन्दी प्रगतिशील लेखक थे। आप मूलतः उपन्यास लेखक एवं कथाकार थे। उन्होनें अपने समय की सामाजिक कुरीतियों, नारी शोषण, धर्मान्धता, छुआछूत, साम्प्रदायिकता, साहुकारी शोषण के साथ राजनैतिक चेतना एवं राष्ट्र प्रेम से समृद्ध रचनाये दी। शोषकों के खिलाफ उनके पुरजोर बगावती तेवर ने तत्कालीन समाज को उद्वेलित ही नही किया वरन् कुरीति से भरे सामाजिक ढ़ाचे में बदलाव की तीव्र चेतना भी जाग्रत कर जन-गण में विद्रोह एवं परिवर्तन के भाव का संचार किया। साथ ही साथ गांधी वादी दृष्टिकोण पर आधारित अपनी रचनाओ के माध्यम से उन्होने संवेदनशील विषयों पर प्रखर प्रकाश डालते हुये नव-जागरण की प्रवृति को बल दिया। प्रेमचंद की रचनाओं का विभिन्न स्वदेशी एवं विदेशी भाषाओं में अनुवाद किया जाना उनकी अति विशिष्टता को रेखांकित करता है। हालाकि उन्होने कर्बला नाम से एक नाटक भी लिखा है। उनकी रचनाओं, गबन, कफन, सवा सेर गेहू, मृतक भोज, गोदान, पंच परमेश्वर, आदि का नाट्य रुपान्तर एवं सफल नाट्य मंचन प्रायः सभी भारतीय भाषाओ में विख्यात नाट्य दलो द्वारा किया गया है। यही नही उनकी रचनाओं पर सत्यजित राय एवं श्याम बेनेगल जैसे स्वयम् सिद्ध चलचित्र निर्देशको द्वारा सफल हिन्दी फिल्में भी बनायी गई। जो लोकप्रियता के शिखर पर पहुची। मूलतः नाट्यकार न होते हुये भी उनकी कथाओं एवं उपन्यासों के नाट्य एवं छाया चित्र रुपान्तरण ने सार्थक हिन्दी नाटको की विकास यात्रा को तीव्र अग्रगति प्रदान की। अतः कथाकार एवं उपन्यासकार होते हुये भी उनकी रचनाओं के नाट्य रुपान्तरण एवं मचंन द्वारा हिन्दी रंगमंच की विकास यात्रा को काफी बल मिला। निःसन्देह जिसे उनके अप्रत्यक्ष

अवदान के रुप में रेखांकित किया जाना आवश्यक हो जाता है।

२०वी सदी का पूवार्ध सारे विश्व को उद्वेलित कर देने वाला युग था। इस महान परिवर्तन के ऐतिहासिक युग में नवजागरण की चेतना से विश्व प्लावित हो रहा था। पुरानी मान्यताओ की अस्वीकृति के साथ नये मूल्य बोध अपनी उफान पर थे। इस समय पराधीन भारत में स्वतंत्रता संग्राम के साथ नव-जागरण की लहरें भी हिलोरें ले रही थी। १९१५ में गांधी जी के अफ्रीका से भारत लौटने के बाद उनकी सक्रियता में स्वतंत्रता संग्राम ने नया रुप धारण किया। १९२० के प्रथम असहयोग आंदोलन के प्रयोग की आंशिक सफलता, भारतीय दिग भ्रमित परंपरा एवं कुरीतियो की अंधेरी गलियो को प्रकाशित कर एक नयी दृष्टि तथा सोच प्रदान करने वाले प्रकाश स्तम्भ जैसी थी। छुआछूत, धर्मान्धता, साम्प्रदायिकता, नारीशोषण, साहूकारी शोषण, सती प्रथा जैसी कई कुरीतियाँ ऐसी थी जिसकी वजह से भारत की सामग्रिक शक्ति विभक्त एवं छिन्न-भिन्न थी। गांधी जी नें इस विखण्डन को पहचाना तथा देश की सामग्रिक शक्ति को एकात्म करने के लिये इन कुरीतियों एवं कुसंस्कारो से मुक्त भारतीय समाज के पुनर्गठन की आवश्यकता के लिये लोगों को प्रेरित करने के महत्व पर जोर दिया। भारतीय जनगण में गांधी जी के इस दृष्टिकोण पर आम सहमति भी बनी। गांधी जी के आवाहन पर कला, साहित्य एवं नाटकों के माध्यम से इस नये दर्शन का जोर-शोर से प्रचार भी होने लगा। फलःस्वरुप १९३० के असहयोग आन्दोलन तक नारी घरों की दहलीज पार कर साहित्य, राजनीति, शिक्षा एवं समाज सुधार के कार्यो में खुलकर हिस्सा लेने लगी। यही नहीं गांधी जी के असहयोग आन्दोलनो में नारियों नें असाधारण भूमिका ही नहीं निभायी वरन् उनके जेल भरो आन्दोलन में कारागार जानेवाली महिलाओं की संख्या भी रेखांकित करने योग्य है। जन जगारण के इस वातावरण के निर्माण में हिन्दी नाटको ने भी बड़ी अहम भूमिका निभायी।

१९४३ में मुम्बई में ईप्टा का गठन एक अति महत्वपूर्ण घटना थी। इस की शाखाये देश के हर प्रान्त में क्रमशः प्रसारित हुयी। तथा इन शाखाओं नें काश्मीर से कन्याकुमारी तक नाट्य प्रस्तुतियों के माध्यम से सामाजिक कुरीतियों के निराकरण के संदेश के साथ-साथ राष्ट्रीय चेतना एवं स्वतत्रता संग्राम को शशक्त बनाने में महत्वपूर्ण भूमिका का पालन किया।

स्वतंत्रता के बाद विकास के कई सोपानो का आरोहण करते हुये हिन्दी नाटक भारतेन्दु - प्रसाद युग से बहुत आगे निकल गया। देश स्वाधीन होने के बाद हमारे नाट्यकारों और रंगकर्मीयों को देश विदेश के नाट्य कर्मीयों तथा उनके द्वारा किये जा रहे प्रयोगों को देखने एवं उससे कुछ सीखने का अवसर मिला। विश्व युद्ध की विभीषिका के उपरान्त वैश्विक स्तर पर कुछ देशो के मानव समुदाय स्वयं को असहाय अनुभव कर रहे थे तथा कुछ देश पुर्ननिर्माण की चुनौतियों को स्वीकार कर कर्मशील जीवन का आवाहन कर रहे थे। उस समय वैश्विक स्तर पर इन दोनो प्रवृतियों का प्रतिनिधित्व दो नाट्य शैलियाँ कर रही थी। एक सेमुअल बेकेट की "एब्सर्ड" नाटक शैली और दूसरी बर्टोल्ट ब्रेख्त की "एपिक" नाट्य शैली। स्वतंत्रता के बाद पहले हमारे नाट्यकारों में एब्सर्ड नाटको का प्रभाव दिखा पर कालान्तर में ब्रेख्त का प्रभाव स्थायी रुप से स्थापित हुआ। १९५३ में संगीत नाटक एकाडेमी तथा नेशनल स्कूल आफ ड्रामा की स्थापना एक ऐतिहासिक घटना थी।

हिन्दी रंग कर्मीयों में संस्कृत नाटको एवं देश के विभिन्न लोक शैली के नाटको को समृद्ध करने की आकांक्षा बलवती हुई। १९७१ में संगीत नाटक एकाडेमी की गोल - मेज बैठक में देश के रंगकर्मीयों ने भारतीय नाटक के सामग्रिक रुप को परिभाषित करते हुये काश्मीर से कन्याकुमारी तक की लोक नाट्य शैलियों का हिन्दी में मंचन करने का सिद्ध संकल्प लिया तथा इसे क्रियान्वित करने की प्रक्रिया में स्वयं को समर्पित भी किया।

यद्यपि आज नही कहा जा सकता कि हिन्दी नाटक राष्ट्रीय स्तर के अनुकूल विकसित और समृद्ध हो गया है पर इतना अवश्य कहा जा सकता है कि आज वह मंच पूरी तरह से जुड़ गया है और उसका एक निजी रंगमंच भी निर्मित हो गया है। नाट्यकारो एवं नाट्यकर्मीयो को प्रोत्साहन नही मिल पाता है – रंग महोत्सवो की संख्या भी कम है – वैद्युतिक संचार माध्यम ने फिलहाल नाटकों की लोकप्रियता कम कर दी है। इन सारी कमियों के बाद भी निःसन्देह हिन्दी नाटकों का भविष्य उज्जवल है।

हिन्दी नाटक की विकास यात्रा को अग्रगति देने वाले विशिष्ट नाट्यकारों एवं नाट्यकर्मियो में उल्लेखनीय नाम है – हबिब तनवीर, बि. बी. कारन्त, अब्राहम अलकाजी, गिरीश कर्नाड, मणि मधुकर, भीष्म साहनी, डा. लक्ष्मी नारायण लाल, मोहन राकेश, निर्मल वर्मा, डा० शंकर शेष, धर्मवीर भारती, मृणाल पाण्डे, डॉ० कुसुम कुमार आदि का।

प्रताप जयसवाल एक बेहतरीन अभिनेता है। उन्होने बहुत सारी फिल्म, टेलीविजन, रंगमंच में अभिनय किया हैं। उन्होंने सकारात्मक एवं नकारात्मक दोनों प्रकार की भूमिकाओं में अपने समर्थ अभिनय द्वारा सफलता अर्जित की हैं।

শৈশব-বাল্য শেক্সপিয়র এবং কালিদাস-এ

শুভঙ্কর চক্রবর্তী

দেশভেদে কালভেদে শিশুর সবটুকুই মধুর। সব শিশুই সবকালে সবদেশে ভেতরে শিশুই থাকে। এই স্বাভাবিক চিরত্বের গুণেই সব মানুষেরই শিশুকে ভালো লাগে। কালিদাসের কাব্যে ও নাটকে শিশুদের ভেতর দিয়ে এই চিরন্তন মধুর শৈশব বাল্যকেই আমরা দেখি। শেক্সপিয়রের লেখনীতেও শৈশববাল্যের ভাবৈশ্বর্য অঙ্কনের শিল্পদক্ষতা যে ছিল তার প্রকৃষ্ট নিদর্শন শিশু ম্যামিল্লিয়াস। কিন্তু এই একটি মাত্র শিশু ছাড়া শেক্সপিয়রের নাটকের সব শিশু বালক শৈশব বাল্যের চিরন্তন স্বভাববৈশিষ্ট্য থেকে দূরেই রয়ে গেল। কালিদাসের কাব্য এবং শেক্সপিয়রের নাটকে শিশু চরিত্রগুলির উপর আলোকপাত করা হল এই প্রবন্ধে।

১

শেক্সপিয়রের সৃষ্টিসম্ভারে শিশু আছে কিন্তু শিশুর শৈশব-কথা বিরল। শিশুর অন্তরের অন্তঃপুরে প্রবেশ করে শৈশব বাল্য স্বভাবের বৈশিষ্ট্যে সাজিয়ে শিশু বালচরিত্র তিনি কদাচিৎ সৃষ্টি করেছেন। ঘটনাচ্ছলে, কথা প্রসঙ্গে, বর্ণনায় শৈশব দেখতে পাই। কিন্তু শিশুদের ভেতর দিয়ে শৈশব দেখি না। যে-কটি মুকুলিত শিশু বাল্যে প্রস্ফুটিত হয়েছে, যৌবনে পা রাখার আগেই তাদের মধ্যে কারও মৃত্যুসংবাদ শোনা গেছে, কাউকে মঞ্চে এনে প্রকাশ্যে হত্যা করা হয়েছে। শৈশববাল্য রক্তাক্ত হয়েছে শেক্সপিয়রের নাটকে। নাবালকের মৃত্যুযন্ত্রণার আর্তনাদ মহাকবির একের পর এক নাটকে। মহাকবির লেখনীশক্তি শিশু বালকদের আরক্ষণে অপারগ হয়েছে। শেক্সপিয়রের প্রধান প্রধান নায়কনায়িকার শৈশববাল্য নাটকে উপেক্ষিত।

অথচ 'অ্যাজ ইউ লাইক ইট' নাটকে ডিউকের জিজ্ঞাসার উত্তরে জেকাস বলেছিল—সারা দুনিয়াটা একটি রঙ্গমঞ্চ। নরনারী সে মঞ্চে কেবলমাত্র অভিনেতা অভিনেত্রী। তারা মঞ্চে প্রবেশ করে এবং অভিনয় শেষে প্রস্থান করে। জীবনের অনেক ভূমিকায় একজনকে অংশ নিতে হয়। জীবনের সাতটি কাল হচ্ছে সাতটি অঙ্ক। প্রথম অঙ্ক শিশুকাল। দ্বিতীয় অঙ্ক বালককাল। তৃতীয় . . . উদ্দাম প্রেমিক। কিন্তু শেক্সপিয়র জেকাসের কথা রাখেন নি। তাঁর কোনো নাটকেই নায়কনায়িকা মঞ্চে তাদের নিষ্পাপ, নিরুপদ্রব, আদুরে শিশুকাল ও প্রাণোচ্ছল বালককালের ভূমিকায় অংশ নেয় নি।

ধাত্রীর কোলে শিশুর ক্ষীণকণ্ঠে কান্না, হাতপা ছুঁড়ে দুষ্টুমি, স্কুলে যেতে অনিচ্ছুক বালকের বইয়ের ব্যাগ পিঠে ঘ্যানঘ্যানানি—এমন সব শৈশব বালস্বভাবের কথা তিনি কথাচ্ছলে এনেছেন। বাল্যসখ্যের আনন্দ, শৈশবের সারল্য, চিরকালের বালকের মতো থাকার বাসনা এসব কথোপকথনের মধ্যে উল্লেখ করেছেন। কিন্তু নাটকে শিশুবালকেরা দু'একটি ছাড়া কেউই শৈশবের হাবভাব, কলচ্ছলে, শিশুবাল চরিত্রের চিরন্তন স্বভাবস্বরূপে প্রস্ফুটিত হয়ে উঠতে পারে নি। যে-কটি প্রস্ফুটিত হতে পেরেছে তাদের মধ্যেও কেমন একটা উদ্বেগ ও ভয় রয়েছে। শিশুবালচরিত্র মঞ্চে আনতে শেক্সপিয়রের মধ্যে কেমন এক দ্বিধা, অনিচ্ছা, আশঙ্কা ছিল। বহু নাটকে শিশুর উল্লেখ আছে কিন্তু মঞ্চে তারা আসে নি। কোনো শিশু ধাত্রীশালা থেকে চুরি হয়ে গেছে। কোনো শিশুকে লুকিয়ে রাখতে হয়েছে। শিশু মঞ্চে এলেও তাড়াতাড়ি তাদের সরিয়ে দেবার অথবা বয়সে যুবক-যুবতী করে তোলার কেমন এক ব্যস্ততা নাট্যকারের মধ্যে। সর্পশিশু, শিশুপ্রেত এরকম সব প্রতীকে শিশু এসেছে।

'ম্যাকবেথ' নাটকে দুটি শিশু মঞ্চে এলো। কিন্তু তারা কেউ মানবশিশু ছিল না। দুটিই শিশুবেশে দুই প্রেতাত্মা। একটি রক্তাক্ত শিশুবেশে (a bloody child) মঞ্চে এসে ম্যাকবেথকে বলে গেল—নিজের সংকল্প সাধনে রক্তপাত করতেও দ্বিধা কোরো না। দ্বিতীয় প্রেতাত্মা শিশুটি গাছ হাতে মুকুট পরে মঞ্চে এসে (a child crowned, with a tree in his hand) রাজহন্তারক স্বৈরাচারী ম্যাকবেথকে অভয় দিয়ে চলে গেল।

'সিমবেলিন' নাটকে মাতৃহারা তিনটি শিশুর দু'টি সম্পর্কে কথাচ্ছলে জানা গেল তারা প্রাসাদের ধাত্রীশালা থেকে চুরি গেছে। অপর শিশুকন্যা ইমোজেন-এর শৈশবস্বভাবের চিত্রণ নেই। রাজপ্রাসাদ পিতার স্নেহে সে দ্রুত শৈশববাল্যকাল পেরিয়ে যৌবনে পা দিয়েছে।

'পেরিক্লিস দ্য প্রিন্স অব টায়ার' নাটকে দু'টি শিশুকন্যা মেরিনা ও ফিলেটিন। রূপে সর্বমনোলোভা মেরিনাকে মঞ্চে দেখা গেলেও ফিলেটিন মঞ্চে আসে নি। মেরিনার শৈশবও এসেছে কথা প্রসঙ্গে।

'টাইটাস অ্যাণ্ডোনিকাস' নাটকেও দু'টি শিশুর কথা আছে। মঞ্চে তাদের দেখাও গেল। কিন্তু তারাও শৈশবের স্বভাব বৈশিষ্ট্য থেকে দূরেই রয়ে গেল।

'টুয়েলফত নাইট' নাটকে সেব্যান্টিয়ান এবং ভাওলা যমজ শিশু ভাইবোন দু'টি কাহিনির শুরুতেই শৈশব পেরিয়ে যৌবনের পথে পা রেখেছে।

'কমেডি অব এররস' নাটকে চারটি শিশুর কথা আছে। কিন্তু তাদের শৈশবের চিত্রণ নেই। মঞ্চ তারা প্রবেশ করল একেবারে যুবক বেশে।

'হ্যামলেট' নাটকে ক্লডিয়াস যে হ্যামলেটকে বলেছে—তুমি মিষ্টি স্বভাবের ছেলে, নাটকের নায়ক সেই হ্যামলেট মঞ্চে শিশু বা বালকের ভূমিকায় নয়, যুবকের ভূমিকায় অংশ নিয়েছে।

'অ্যান্টনি ও ক্লিওপেট্রা' নাটকে মৃত্যুপথযাত্রী ক্লিওপেট্রা যেন ঘোরের মধ্যে থেকেই চারিয়ানকে বলছে— তুমি কি আমার বুকের ওপর আমার

শিশু-সন্তানটিকে দেখতে পাচ্ছ না ? সে যে আমার বুকের দুধ পান করে ঘুম পাড়াচ্ছে (Dost thou not see my baby at my breast that sucks the nurse asleep...)। কী মিষ্টি প্রলেপের মতো, মৃদু বাতাসের মতো তার স্পর্শ (As sweet as balm, as soft as air, as gentle...)। কিন্তু এ শিশু কোনো মানবশিশু নয়। নীলনদের একটি বিষধর সাপ। তাকে বুকের ওপর শিশুর মতো রেখে ক্লিওপেট্রা বলছে—এসো মৃত্যুদূত। তুমি তোমার ধারালো দাঁত দিয়ে আমার জীবনের বন্ধনটাকে কেটে দাও।

শেকসপিয়রের নাটকে কেবল দুটি শিশু আছে যারা মঞ্চে এসে তাদের বালসুলভ স্বভাবের চকিত প্রকাশ দেখিয়ে মিলিয়ে গেল। যেমন 'টাইটাস অ্যাণ্ডোনিকাস' নাটকে লুসিয়ামের বালক পুত্রটি । পারিবারিক আবহে একদিন দেখা গেল বালকটি বগলে বই চেপে ধরে দৌড়াচ্ছে। পেছনে পেছনে ছুটছে তার স্নেহময়ী পিসিমা ল্যাভিনিয়া (Lavinia running after young Lucius and the boy flies from her with his books under his arm)। বালক লুসিয়াসের বাল আচরণ মঞ্চে ঐ বই নিয়ে ছোটাছুটি পর্যন্ত।

'করাইওলেনাস' নাটকে কথাপ্রসঙ্গে একটি শিশুর বালস্বভাবের ক্ষণিক পরিচয় পেয়েছি। মার্সিয়াসের বালপুত্রটির দামালপনার বর্ণনা দিতে গিয়ে ভ্যালেরিয়া বলছে—বাপকা বেটা। বুধবার আমি ওকে দেখেছি আধঘন্টা ধরে একটি সোনার রঙের প্রজাপতির পেছনে ছোটাছুটি করতে। একবার সেটাকে ধরছিল আবার উড়িয়ে দিচ্ছিল। এভাবে খেলতে খেলতে যখন সে মাটিতে পড়ে গেল, রেগে গিয়ে প্রজাপতিটিকে ধরে দাঁতে কেটে আধখান করে দিল। (O' my word, the father's son! I'll swear 'tis a very pretty boy. O' my troth, I look'd upon him a Wednesday half an hour together; has such a confirmed countenance! I saw him run after a gilded butterfly; and when he caught it he let it go again, and after it again, and over and over he comes and up again, catch'd it again; or whether his fall enrag'd him, or how 'twas, he did so set his teeth and tear it. O, I warrant, how he mammock'd it!) এই পর্যন্ত। এই দামাল বালকটির বালস্বভাবের বর্ণনা ভ্যালেরিয়ার মুখেই যতটুকু শোনা গেল। বালকটি বালচরিত্র হয়ে মঞ্চেও এলো না।

'দি টেম্পেস্ট' নাটকে নির্জন দ্বীপের প্রকৃতির মধ্যে শিশুকাল থেকে পালিতা সরল মধুর বনলতা মিরান্দার শৈশব বাল্যের স্বভাবচিত্রণের অনুকূল অবসর ছিল। কিন্তু নাটকে সাগর, পর্বত, বনভূমির প্রকৃতি মিরান্দার শৈশব বাল্যকে বিকশিত করতে সহায়তা করেনি। মিরান্দা উদ্ভিন্নযৌবনা। তার প্রেমিক ফার্দিনান্দের প্রথম দৃষ্টিতেই মিরান্দা পূর্ণতাপ্রাপ্তা, অতুলনীয়া, জীবজগতের শ্রেষ্ঠ সৃষ্টি রূপসী শ্রেষ্ঠা এক নারী (for several virtues have I liked several women ... but you'o you, so perfect and so peerless, are created of every creature's best!) ফার্দিনান্দ তাকে বিয়ে করে নেপলসের যুবরানি করতে চায়। মিরান্দাও ফার্দিনান্দকে দেখে প্রথম যৌবনের মুগ্ধতায় প্রেমবিহ্বল হয়ে বলে উঠল—আমাকে বিয়ে করে তোমার স্ত্রী করো। আর যদি না-ও-করো আমি তোমার দাসী থেকেই মরবো (I am your wife, if you will marry me. If not, I'll die your maid)। টেম্পেস্ট নাটকে মিরান্দার প্রেমের স্বভাববর্ণনা, যৌবনের আবেগ, স্বপ্নঘোর, সংরাগের কথা আছে। কিন্তু অরণ্যপ্রকৃতির মধ্যে মিরান্দার শৈশববাল্যের স্বভাববর্ণনা নেই। 'টেম্পেস্ট' নাটকে নায়িকা মিরান্দা শিশুকাল ও বালককালের ভূমিকায় অংশ নেয় নি। শেকসপিয়র জেকাসের কথা রাখেন নি।

শেকসপিয়রের নাটক-কাব্য-সনেটগুচ্ছ মিলিয়ে ৪৩ খানা সৃষ্টির সম্ভারে (*The Complete Works of William Shakespeare*, Oxford and IBH Publishing Co. Pvt. Ltd., New Delhi) একটি মাত্র শিশুই—'দি উইন্টার্স টেল' নাটকে, দ্বিতীয় অঙ্কে, রাজকুমার ম্যামিল্লিয়াস তার বালস্বভাব নিয়ে মঞ্চে এসেছে। শিশুর ভেতর দিয়ে দেশকাল ভেদে শৈশবের চিরত্ব দেখা গেল । আকাশের মতো শিশুটির চোখ (welkin eye)। এঁড়ে বাছুরের মতো সে চঞ্চল, একগুঁয়ে (wanton calf)। শিশুর মুখে পাকাপাকা কথা শুনে মা ও ধাত্রীদেব মজা পাওয়া, শিশু ম্যামিল্লিয়াসের কথা বলার ভঙ্গি, দুষ্টুমি, উত্যক্তকরার স্বভাব, তার চঞ্চলতা, পছন্দ-অপছন্দের বালসুলভ মর্জি, ভূতপরীর গল্প শোনার ও গল্প বলার আগ্রহ, ধাত্রীর সঙ্গে খুনসুটি, মানঅভিমান—সব মিলিয়ে একটি কলচ্ছল, চপলচঞ্চল আস্ত শিশু মঞ্চে শৈশবের নরমসুন্দর উচ্ছল প্রিয়তার আলো ছড়িয়ে দিয়ে গেল। শিশু ম্যামিল্লিয়াসের ভেতর দিয়ে চিরন্তন শিশুস্বভাব শেক্সপিয়র চিত্রণ করেছেন। শিশুর ভেতর দিয়ে শৈশব দেখলাম।

[Enter Hermiona, Mamillius and ladies]

Her. Take the boy to you; he so troubles me. 'tis post enduring.

1 lady. Come, my gracious lord.
Shall I be your play fellow?

Mam. No, I'll none of you.

1 lady. Why, my sweet lord?

Mam. You'll kiss me hard and speak to me as if I were a baby still. I love you better.

2 lady. And why so, my lord?

Mam. Not for because your brows are blacker; yet black brows, they say become some women best; so that there be not too much hair there, but in a semicircle or a half-moon made with a pen.

2 lady. Who taught't this?

Mam. I learned it out of women's faces. Pray now what colour are your eyebrows?

1 lady. Blue, my lord.

Mam. Nay, that's mock. I have seen a lady's nose. That has been blue, but not her eyebrows.

1 lady. Hark ye.
The Queen your mother rounds aface. We shall present our services to a fine new prince

one of these days; and then you'd wanton with us.
If we would have you…
Her. Come, sir, now.
I am for you again. Pray you sit by us,
And tell's a tale.
Mam. Merry or sad shall.
Her. As marry as you will.
Mam. A sad tale's best for winter, I have one of sprites and goblins.
Her. Let's have that, good sir.
Come on, sit down; come on, and do your best to fright me with your sprites; you're powerful at it.
Mam. There was a man—
Her. Nay, come, sit down; then on.
Mam. Dwelt by churchyard—I will tell it softly yond crickets shall not hear it.
Her. Come on them.
And give't me in mine ear.]

(বাংলা অনুবাদ)

(হার্মিওনি, ম্যামিল্লিয়াস ও অন্যান্য মহিলাদের প্রবেশ)

হার্মিওনি ॥ বাচ্চাটিকে তোমাদের কাছে সরিয়ে নাও। বড্ড বিরক্ত করছে। সহ্যের বাইরে চলে যাচ্ছে।

১ম মহিলা ॥ সুন্দর ছোটো রাজকুমার, আমার কাছে এসো। আমার সঙ্গে খেলা করবে ?

ম্যামিল্লিয়াস ॥ না, তোমাদের কারো সঙ্গে খেলব না।

১ম মহিলা ॥ কেন গো ছোট্ট মিষ্টি রাজকুমার ?

ম্যামিল্লিয়াস ॥ তুমি আমাকে আদর করতে গিয়ে বড্ড জোরে চুমো খাও। আর এমনভাবে কথা বলো আমি যেন এখনো বাচ্চাটিই আছি। তবুও তোমাকে আমি বেশি ভালবাসি।

২য় মহিলা ॥ কেন রাজকুমার ?

ম্যামিল্লিয়াস ॥ মোটেই ভেবো না তোমার ভুরু একটু বেশি কালো বলে ভালবাসি। লোকে বলে কালো ভুরুর মেয়েরা নাকি বেশ ভালো মেয়ে হয়। যাদের ভুরুতে বেশি চুল না থাকে তারাও ভালো মেয়ে হয়। কমল দিয়ে একটা অর্ধবৃত্ত বা অর্ধচন্দ্র আঁকলে যেমনটি দেখায়, ভালো মেয়েদের ভুরু নাকি সেরকমই হয়।

২য় মহিলা ॥ একথা তোমাকে কে শিখিয়েছে ?

ম্যামিল্লিয়াস ॥ মেয়েদের মুখ দেখে দেখেই আমি একথা শিখেছি। এখন একটু বলো দেখি তোমার ভুরুর রঙ কী ?

১ম মহিলা ॥ আমার ভুরুর রঙ নীল।

ম্যামিল্লিয়াস ॥ না। তুমি মিথ্যে বলছ। আমি একটি মেয়ের নীল নাক দেখেছি। কিন্তু তার ভুরু তো নীল ছিল না।

১ম মহিলা ॥ ঐ শোনো, মহারানি তোমার মা, ব্যস্ত হয়ে পড়েছেন। কয়েকদিন তোমাকে আমাদেরই সামলাতে হবে। তারপর তুমি যা খুশি কোরো।

হার্মিওনি ॥ কই, এসো দেখি বাছা, আবার তোমার সঙ্গে একটু সময় কাটাব। একটু শান্ত হয়ে বসে একটা গল্প বলো দেখি। আমরা শুনি।

ম্যামিল্লিয়াস ॥ দুঃখের গল্প বলব নাকি আনন্দের গল্প বলব ?

হার্মিওনি ॥ যতো আনন্দের বলতে পার ততোই ভালো।

ম্যামিল্লিয়াস ॥ শীতের দিনে দুঃখের গল্পই ভালো লাগবে। ভূত পরীর একটা সুন্দর গল্প আমি জানি।

হার্মিওনি ॥ তবে সেটাই বলো। এসো, বোসো। খুব সুন্দর করে গল্পটা বলো। ভূত দিয়ে আমাকে ভয় পাইয়ে দাও দেখি। সেটা তো তুমি বেশ ভালোই পার। তাই না ?

ম্যামিল্লিয়াস ॥ একটা লোক ছিল—

হার্মিওনি ॥ না, আগে এসে বসো, তারপর বলো।

ম্যামিল্লিয়াস ॥ গির্জার বাগানে সে থাকত। গল্পটা আমি কিন্তু খুব আস্তে আস্তে বলবো। বাগানের ঝিঁ ঝিঁ পোকারাও তা শুনতে পাবে না।

হার্মিওনি ॥ বেশ, তাহলে আমার কানেকানেই বলে যাও।

শৈশববাল্যের চিরন্তন বৈশিষ্ট্যে মুকুলিত ম্যামিল্লিয়াস মঞ্চে এসে দর্শক হৃদয় বাৎসল্যে উথলে দিল। কিন্তু শেক্সপিয়র এই প্রাণবন্ত শিশুটিকেও বাঁচতে দিলেন না। রানির চরিত্রে সন্দিহান নারীবিদ্বেষী রাজা ও কারাগারে নিক্ষিপ্ত নিষ্কলঙ্ক চরিত্রের রানির টানাপোড়েনের মধ্যে পড়ে এই প্রাণোচ্ছল শিশুটি মা'র কোল থেকে ছিন্ন হয়ে রাজপ্রাসাদে বসে কাঁদতে কাঁদতে আর না খেয়ে না ঘুমিয়ে, তার ওপর মায়ের বিচার হচ্ছে শুনে ভয়ে চিরতরে ঝরে গেল। শীতের দিনে দুঃখের গল্প বলতে চেয়েছিল শিশুটি। ভাগ্যের কী পরিহাস। গভীরতর দুঃখই কোমল সজীব শিশুটিকে মৃত্যুর কোলে সঁপে দিল।

এই একটি মাত্র শিশুর ক্ষেত্রেই শৈশববাল্য চিত্রণে শেক্সপিয়রের লেখনীশক্তির অসাধারণ নৈপুণ্য স্ফুরিত হয়েছে। এই নাটকেই কারাগারে নিক্ষেপের সময় রানি হার্মিওনি ছিল সন্তান সম্ভবা। কারাগারেই অফুরন্ত রূপরাশি নিয়ে তার একটি কন্যা জন্মায়। নাম তার পার্ডিটা। কিন্তু কন্যাটিকে শ্বাপদসংকুল জঙ্গলে মৃত্যুর মুখে ছেড়ে দেবার আদেশ দিল রাজা। অ্যান্টিগোনস সেই আদেশ পালন করল। এক সহৃদয় মেষপালক জঙ্গল থেকে শিশুটিকে তুলে নিয়ে লালনপালন করে। কিন্তু পার্ডিটার শৈশবের কোনো চিত্রণ নেই। পার্ডিটা দেখতে শুনতে, কথাবার্তায় কান্তিময়ী যুবতী। ষোলো বছর তাকে লুকিয়ে থাকতে হয়েছে।

শেক্সপিয়রের সনেট গুচ্ছে ১৫৪টি সনেট রয়েছে। কবি ওয়ার্ডসওয়ার্থের কথায় সনেটের চাবি দিয়ে শেক্সপিয়র তার হৃদয়দুয়ার খুলে দিয়েছেন (with this key Shakespeare unlocked his heart)। ভেতরের প্রবেশ করে দেখি সেখানে যৌবন, বয়স্কতা, বার্ধক্যের অপূর্ব উপলব্ধির চিত্রায়ণ রয়েছে কিন্তু শৈশব বাল্যের নেই।

প্রশ্ন জাগে বিশ্বের মহত্তম নাট্যপ্রতিভা শেক্সপিয়র শিশু-বাল চরিত্র সৃষ্টিতে তাঁর লেখনীশক্তির কার্পণ্য দেখিয়েছেন কেন ? শৈশব-বাল্য চিত্রণে তাঁর এত সতর্কতা ও উদ্বেগ কেন ? যে কটি শিশু বাল্যস্বভাবে প্রস্ফুটিত হবার সম্ভাবনা নিয়ে এসেছে সব-কটি শিশুর মৃত্যু ঘটেছে কেন ? মঞ্চে এনে কেন তাদের হত্যা করা হয়েছে ? ম্যামিল্লিয়াসের কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে। 'ম্যাকবেথ' নাটকে ম্যাকডাফর নাবালক পুত্রটিকে তার

বালসুলভ চতুরবুদ্ধিতে, বাল সুলভ কৌতুহলে বড় সুন্দর ঢলঢল লাগছিল। দর্শকের হৃদয়ে স্নেহবাৎসল্য জাগছিল। রাজদ্রোহী ঘোষণা করায় ম্যাকডাফ পলাতক। বালকের বুকে পিতাকে নিয়ে গর্ব ছিল। মাকে সে জিজ্ঞেস করে–রাজদ্রোহী কাকে বলে মা? ন্যায় অন্যায় বোধ নিয়ে বালক মা'কে প্রশ্ন করে। মা উত্তর দিলে বালক নিজের মতো করে বোঝে। মন্তব্য করে বিশ্বাস করে না বাবা তার রাজদ্রোহী। মা যখন জিজ্ঞেস করে–পিতা জীবিত থাকতেও তুমি পিতৃহীন বাছা, এখন আমি কেমন করে তোমাদের বাঁচিয়ে রাখি? বালকবুদ্ধির কত সহজ উত্তর দেয়–পাখিরা যেমন করে বাঁচে। যখন যেমন পায়, পাখিরা তেমন খেয়ে বাঁচে। আমরাও পাখিদের মতো খেয়ে বাঁচব মা (As birds do, mother)। এমন সময় রাজখুনি মঞ্চে ঢোকে। খুনি যখন পিতা ম্যাকডাফকে রাজদ্রোহী বলে গালি দেয়, বালকের অন্তরে লালিত পিতার প্রতি শ্রদ্ধার মণিকোঠায় আঘাত লাগে। তীব্র প্রতিবাদ করে বালক–বাবাকে রাজদ্রোহী বলে গালি দিচ্ছ– মিথ্যেবাদী ঝাঁকড়াচুলো বদমাস (Thou liest, thou shag-ear'd villain) খুনি মঞ্চের ওপর মায়ের সামনে এই তেজি নির্মল-হৃদয় বালকটিকে ছুরিকাঘাতে হত্যা করে। বালক মৃত্যুযন্ত্রণায় আর্তনাদ করে ওঠে–মা'ও আমাকে হত্যা করেছে, তুমি পালাও, মাগো পালাও (He has killed me, mother run away, I pray you)।

'কিং জন' নাটকে একটি মহৎ-হৃদয় সুন্দর বালক (a noble boy/pretty child) আর্থার এসেছে। তারও বালক হৃদয় কোমল ও নির্মল। বুক জুড়ে বাঁচার স্বপ্ন। কিন্তু রাজমুকুট রক্ষা করতে কুচক্রী নিষ্ঠুর, ধূর্ত কাকা রাজা জন তার রাজমুকুটের পথে কন্টক বলে আশংকা করে বালক আর্থারকে হত্যা করার আদেশ দিল। রাজার চক্রান্তে স্তম্ভিত ও বিধ্বস্ত বালক আর্থার পালিয়ে বাঁচতে প্রাচীরের ওপর থেকে নিচে পাথরের ওপর ঝাঁপ দিল। বালকের কোমল বক্ষ দলিত হলো। নরম হাড় বিচুর্ণ হলো। মৃত্যুর যন্ত্রণায় বালকের করুণ আর্তনাদ– ওঃ কী কষ্ট। এই পাথরের বুকে প্রবেশ করেছে কাকার আত্মা। হে-ঈশ্বর, তুমি আমার আত্মাকে তুলে নাও। হে ইংলণ্ড, আমার দেহের অস্থিগুলি তুমি সঞ্চয় করে রেখো। পাথরের ওপর পড়ে রইল ক্ষুদ্র রাজপুত্র আর্থারের মৃতদেহ (morseal of dead royality)। 'তৃতীয় রিচার্ড' নাটকে হিংস্র নিষ্ঠুর শিশুহন্তা রিচার্ডের হাত থেকে ইয়র্কের বালক রিচার্ডকে বাঁচাবার জন্য অসহায় মা আশ্রয় নিল এক গীর্জায়। গীর্জার আশ্রয়ের পবিত্র অধিকার অগ্রাহ্য করে শিশুকে কেড়ে এনে কারাগারে নিক্ষেপ করে ক্ষমতালোলুপ রিচার্ড। 'ষষ্ঠ হেনরি' (তৃতীয় পর্ব) নাটকে হেনরির জেদি নাবালক পুত্রকে (wilful boy) বন্দি করে এডয়ার্ড, ক্লারেন্স, গ্লস্টার তিনজনে মিলে মায়ের সামনে বালককে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করে। পঞ্চম হেনরি তো শিশু হত্যার ভয়ংকর শপথ নিয়েছিল। নিজেকে নিজে শিশুহন্তার আসনে বসিয়েছিল। হারফ্লোর শহরের সামনে নগরপালের উদ্দেশ্যে কী ভয়ংকর তার শাসানি– সন্ধির জন্য মনস্থির করুন। না হলে আমাদের অকরুণ সৈন্যরা আপনাদের ফুলের মতো প্রস্ফুটিত শিশুদের ঘাস ছাঁটার মতে নির্মূল করে দেবে (mowing like grass your ... flowering infants)।

যে প্রশ্ন আমাদের মনে জাগে—শিশু মৃত্যুর, শিশুহত্যার এমন সব নৃশংস করুণ দৃশ্য মঞ্চে দেখাতে মানবিক সুন্দর বোধেপূর্ণ শেক্সপিয়রের হৃদয় কি কাতর হয় নি? মানবজীবনকে, মানবসমাজকে যিনি দেখেছেন অসাধারণ চিন্তাশীলতা, সাহসিকতা, সংবেদনশীলতা ও দরদ দিয়ে, মানুষের মনের গভীরে প্রতিনিয়ত আন্দোলিত আবেগ, অনুভূতি দ্বন্দ্ব সংঘাতকে যিনি পর্যালোচনা করেছেন গভীর সহানুভূতি ও দূরদৃষ্টি দিয়ে– সেই মহত্তম কবিমন শৈশব বাল্যের প্রতি এত অকরুণ হয়েছিল কেন? মানবতাবাদী মহাকবির মানবিকবোধগুলি কি ভোঁতা হয়ে গিয়েছিল? অসম্ভব। খুবই অসম্ভব। এহেন সমালোচনা অগ্রাহ্য।

তবে কি মঞ্চে শিশু হত্যার দৃশ্য দেখিয়ে দর্শক কাঁদিয়ে, দর্শক টেনে নাটকের টিকিট বিক্রি ছিল মহাকবির উদ্দেশ্য? রঙ্গমঞ্চের প্রতিদ্বন্দ্বীকে পেছনে ফেলে এগোনো ছিল লক্ষ্য? লক্ষ্য ছিল কি অর্থ রোজগার? শেক্সপিয়র খুবই বিষয়ী ছিলেন। নাটকের বাজার ভালোই বুঝতেন। Globe and Black Friars Theatre-এর আংশিক মালিকানা ছিল শেক্সপিয়রের। এই ব্যবসায়ী উদ্দেশ্য নিয়ে শিশু হত্যার করুণ দৃশ্য লিখলেও মঞ্চস্থ করলে শেক্সপিয়র বিশ্বনন্দিত মহাআদৃত হতেন না। সমকালকে মন্থন করে কালজয়ী মহাকবি হয়ে উঠতে পারতেন না। তবে কেন শৈশব-বাল্য চিত্রণে অনাদর? কেন নাবালক হত্যা? শিশুদেহের এত রক্ত কেন?

মুকুলিত শৈশব ও প্রস্ফুটিত বাল্যের উৎসাদনের এরকম সব দৃশ্য রচনার পেছনে শেক্সপিয়রের সমাজ চেতনার, চিন্তাভাবনা, সামগ্রিক জীবনবোধ, মানসিক দৃষ্টিভঙ্গির যে গতিমুখটি কাজ করেছিল, তাকে অনুধাবন করা সমীচীন হবে। যুগের সন্তান শেক্সপিয়রের মানসতায় রাজতন্ত্রের ব্যভিচারের প্রতি ছিল বিতৃষ্ণা। রাজতন্ত্রের প্রতাপের মধ্যে থেকেও শেক্সপিয়র বিকৃত-রাজসমারোহ (wrested pomp) এবং রাজাদের স্বৈরাচার, ক্ষমতা নিয়ে রক্তাক্ত-সংঘর্ষ, বাগাড়ম্বরের দাপট, ধার্মিক নিষ্ঠুরতা, ভণ্ডামি ও বিশ্বাসঘাতকতার প্রতি নিদারুণ ঘৃণা অন্তরে পোষণ করতেন। 'Bankruft', 'Broken man', 'Subtle king', 'Degenerate king'– অধঃপতিত রাজপরিবারে জন্ম নিয়েছে যে সব শিশু তাদের নিয়ে শেক্সপিয়রের সংবেদনশীল হৃদয় ছিল বড় উদ্বিগ্ন। যেখানে রাজপ্রাসাদ পাপপঙ্কিল, জীবন যেখানে উত্যক্ত, রাজপ্রাসাদ জুড়ে যেখানে আরণ্যক হিংস্রতা, সন্দেহ, ষড়যন্ত্র, লালসা, গুপ্তহত্যার বিষাক্ত ঘা, যেখানে মানবিক সম্পর্কের সুন্দর মুকুলগুলি ক্ষমতার স্বার্থসর্বস্ব তপ্ত কড়াইয়ে অনবরত ভাজা ভাজা হয়, সে মাটি শিশুদের বাসযোগ্য হতে পারে না। সে মাটিতে প্রস্ফুটিত হতে পারে না জীবনের সুন্দরতম কাল শৈশব-বাল্য। সে আবহে শৈশব বাল্যের সহজ সুখের আনন্দ নাশ হয়। শৈশব বাল্যের মিষ্টি চঞ্চল সুন্দর বৈশিষ্ট্য অকালে শুকিয়ে যায়। শিশুর কোমল প্রাণ শ্বাসরুদ্ধ হয়। ভীত স্তম্ভিত হতে হয় ইয়র্কের নাবালক রাজাকে। খুন হতে হয় ম্যাকডাফের জেদি বালককে। বীরপুংগবদের হাতে হেনরির পুত্রকে নিহত হতে হয়। মরতে হয় শিশু রাজকুমার ম্যামিল্লিয়াসকে। ডিউকের বালপুত্রকে খুন হতে হয়। মরতে হয় শিশু রাজকুমার আর্থারকে। ষোলো বছর ধরে লুকিয়ে রাখতে হয় রাজকন্যা পার্ডিটাকে। ষড়যন্ত্রে শিশু কন্যা মিরান্দাকে নির্বাসিত হতে হয় নির্জন দ্বীপে।

আমাদের বিশ্বাস রাজতন্ত্রের ক্ষমতালালসার মুকুট নিয়ে কাড়াকাড়ির, রক্তের মুখোশে মুখ ঢাকাঢাকির, স্বৈরচারের পচাগলা বাস্তবটা লোকসমক্ষে মঞ্চে দেখাতে যুগের সন্তান শেক্সপিয়র দুঃসাহসিকভাবে প্রস্তুত ছিলেন।

সে-উদ্দেশ্য সাধনে বুকের যন্ত্রণা বুকে চেপে, চোখের জলে আর অন্তরের কাতরতায় শিশুমৃত্যুর ও মঞ্চে শিশুহত্যার দৃশ্য তিনি লিখেছেন। শিশুহত্যার হৃদয়বিদারক দৃশ্যগুলি শাসকের নিষ্ঠুরতাকেই প্রকট করেছে। এসব দৃশ্য উঠে এসেছে শেক্সপিয়রের ইতিহাসনিষ্ঠ ও সমাজনিষ্ঠ চিন্তাবুনটের ধারা বেয়ে। কবিমানস সমকালের বীভৎসার স্বরূপ উন্মোচন করেছে বাস্তবের মঞ্চায়নে। স্বৈরতান্ত্রিক বীভৎসার বাস্তবায়ন ঘটেছে এসব দৃশ্যচিত্রণে। ক্রূরতার, নৃশংসতার এসব দৃশ্য সমকালের ও ভাবীকালের ক্ষমতালোভী দুর্বাধ্য প্রকৃতির স্বৈরাচারী শাসকের বিরুদ্ধে মহাকবির অশ্রুসিক্ত যন্ত্রণাবিদ্ধ প্রতিবাদ। রাজতন্ত্রে শিশুঘাতী বীভৎসার ওপর ধিক্কার। সর্বকালের মানুষকে এই বীভৎসা সম্বন্ধে মহাকবির সতর্কীকরণ। মানবদরদি শেক্সপিয়রের নাটকে শিশুমৃত্যু ও বালহত্যার দৃশ্য নির্মম প্রতীকধর্মী। কালের ভয়াল শিক্ষা।

২
শৈশব-বাল্য কালিদাস-এ

শেক্সপিয়র ও কালিদাস দু'জনার মধ্যে সময়ের ব্যবধান প্রায় ১২০০ বছরের মতো। কালিদাসের সময় খৃষ্টীয় ৪র্থ শতকের শেষ থেকে ৫ম শতকের প্রথম ভাগ। শেক্সপিয়রের সময় ১৬শ শতকের দ্বিতীয় ভাগ (জন্ম ১৫৬৪ সাল)। দুই মহাকবিই যুগের সন্তান। সমকালকে তাঁরা তাঁদের সমাজচেতনা, মানুষের প্রতি সহানুভূতি, গভীর দরদ, চিন্তাশীলতা ও দূরদৃষ্টি নিয়ে মন্থন করে কালজয়ী মহত্তম মানবতাবাদী মহাকবি হিসেবে আদৃত হতে পেরেছেন। তাঁদের সৃজন কর্মে ভাবীকালের মানুষ যেমন আনন্দ আস্বাদন করেন, আবার নিজেদের জীবনবোধের প্রেক্ষাপটের সতর্ক সন্ধান পান।

শেক্সপিয়রের মতো যুগের সন্তান কালিদাসের মানসতায়ও রাজতন্ত্রের পাপচক্র, মুকুট নিয়ে কাড়াকাড়ি শাসকদের অপকীর্তি, বর্বর লোভ, চক্রান্ত, ভণ্ডামি, মুখোশে ঢাকা আভিজাত্য, রাজপুত্রদের ভ্রষ্টাচারের প্রতি বিতৃষ্ণা ছিল। এসব ব্যভিচারের চিত্রণে ছিলেন নির্ভীক কালিদাস। 'অগ্নিপরিবেষ্টিত গৃহের ন্যায় ভয়ংকর' রাজপ্রাসাদের অভ্যন্তরীণ নানারূপ 'বিষাক্ত ঘা'র কথা লোকসমাজকে শোনাতে কালিদাস শঙ্কিত হন নি। অবিমৃষ্যকারী, রাজধর্মদ্রোহী, কর্তব্যভ্রষ্ট রাজাদের নিন্দা ও বিনিপাত উচ্চারণ করতে কালিদাসের লেখনী কুণ্ঠিত ও ভীত হয় নি। মহারাজ দিলীপ, মহারাজ রঘু, অজ, রাম, পুরূরবা, আয়ু, দুষ্মন্ত, অগ্নিমিত্রের মতো রাজাদের ধীরোদাও, শৌর্যবীর্য শাস্ত্রজ্ঞান সমন্বিত প্রজারঞ্জক, ধর্মপরায়ণ চরিত্রের গুণগরিমা কবি যেমন গভীর শ্রদ্ধার সঙ্গে বর্ণনা করেছেন, আবার তাদের ব্যক্তিগত চরিত্রের বিচ্যুতির, অরাজোচিত আচরণের, নারীর প্রতি কামার্ত মনোভাবের, রাজার ধর্মাসনের ও সমাজের পক্ষে অমঙ্গল-সাধক নানা দিকের কথা বলতে ছাড়েন নি। রঘুবংশ কাব্যের গোটা একটা সর্গ (একোণবিংশ) জুড়ে কালিদাস নির্ভয়ে ও সবিস্তারে মহারাজ অগ্নিবর্ণের নীতিহীন, অর্ধামিক, রাজধর্মদ্রোহী, নারীদেহলোলুপ, প্রজাপ্রতারক, লম্পট চরিত্র চিত্রণ করে সেদিন লোক সমক্ষে তুলে ধরেছেন।

কিন্তু রাজপ্রসাদের পাপচক্রের বিষাক্ত আবহের মধ্যে কালিদাস তাঁর শিশু বালক চরিত্রকে শুকিয়ে মরতে দেন নি। কবির হৃদয়ের অপত্যস্নেহ যেন হৃদয়বান বীরের বর্ম পরে রাজপ্রাসাদের পঙ্কিলতা ও আগুন থেকে শিশু বালকদের রক্ষা করেছে। কালিদাসের কাব্যে, নাটকে শিশুমৃত্যু নেই। শিশু হত্যা নেই। নাবালকের রক্তপাত নেই। শিশু বালকের অন্তরের অন্তঃপুরে প্রবেশ করে শৈশব বাল্যলীলার মাধুর্য ও ভাবৈশ্বর্য অঙ্কন করতে মহাকবির যেন আনন্দ ধরে না। কবির লেখনীশক্তির আরক্ষণে মুকুলিত সুন্দর শিশু নিরুপদ্রবে বাল্যের সৌন্দর্যে প্রস্ফুটিত হয়েছে। কালিদাস পরম যত্নে শৈশব-বাল্যের চিরকালের অন্তরের রূপ চিত্রণ করেছেন। কালিদাসের শিশু বালকদের মধ্যে আমরা আসল শিশু বালককে পাই। কালিদাসের প্রধান প্রধান নায়ক নায়িকা জীবনরঙ্গমঞ্চে শিশুকাল, বালককালের ভূমিকায় হেসে খেলে নেচে কুঁদে বেড়ে উঠে উদ্দাম যৌবনের ভূমিকায় অংশ নিতে মনের আনন্দে চলেছে। রাজতন্ত্রের চক্রব্যূহের মধ্যেই হোক, অগ্নিপরিবেষ্টিত ভয়ংকর রাজপ্রাসাদের মধ্যেই হোক, আর তপোবনের শান্ত পবিত্র আশ্রমিক পরিবেশেই হোক, সব অবস্থায় শিশু বালক নিরাপদ।

শৈশব-বাল্য স্বভাবের চিত্রণে কালিদাসের লেখনী অকৃপণ ও অকাতর। কালিদাসের নামে প্রচলিত ১৩ খানা কাব্য ও নাটক রয়েছে। তাদের মধ্যে ৬ খানা—'পুষ্পবাণ বিলাস', 'শৃঙ্গার-তিলক' , 'শৃঙ্গার রসাস্টক', 'নলোদয়', 'দ্বাত্রিংশৎ পুত্তালিকা'; 'শ্রুতবোধ'—কালিদাসের রচনা কিনা তা নিয়ে গভীর সংশয় প্রকাশ করেছেন কালিদাস-বিশেষজ্ঞরা।

বাকি যে ৭ খানা কাব্য ও নাটক রয়েছে, তাদের মধ্যে 'ঋতুসংহার' – কাব্যে ছ-টি ঋতুর সৌন্দর্য ও উপভোগ্যতার বর্ণনায় শৈশব বাল্য চিত্রণের প্রাসঙ্গিকতা নেই। বাকি ৩ খানা নাটক ও ৩ খানা কাব্যের প্রত্যেক খানায় শিশুবালকের কথা এসেছে। তাদের মুকুলিত শৈশব ও প্রস্ফুটিত বাল্য স্বভাবের অপূর্ব চিত্রণ রয়েছে। শিশুর সরলস্বভাব, তার আধোআধো কথা, টলমল করে চলা, কচি কচি দাঁতে মিষ্টি হাসি, বালকের দুষ্টুমি, ক্ষুদ্রশক্তি নিয়ে অসম্ভবকে সম্ভব করে তোলার চেষ্টা, আপনমনে এটা সেটা নিয়ে খেলা ও অদ্ভুত অদ্ভুত খেলায় মজা পাওয়া, উত্যক্ত করার স্বভাব, বালসুলভ খেয়ালখুশি, কৌতূহল ও আবদার, তার দস্যিপনা–এরকম আরও সব চিরন্তন শিশুবালস্বভাব কালিদাস পরম আদরে ও অপত্যস্নেহে চিত্রণ করেছেন। এক একটি শ্লোক যেন এক একখানি সজীব সুন্দর কোমল শৈশববাল্য স্বভাবের ছবি। শেক্সপিয়রের নাটকের মতো কালিদাসের এই ৬ খানা কাব্য-নাটকেও কোথাও কোথাও কাহিনির প্রয়োজনে, ঘটনাচ্ছলে শিশু বালক এসেছে। কিন্তু শেক্সপিয়র যেখানে উল্লেখ করেও তাদের শৈশববাল্য বর্ণনায় কার্পণ্য করেছেন, কালিদাস সেখানে উল্লিখিত শিশু হোক আর অনুপস্থিত শিশু বালক হোক তাদের প্রসঙ্গ এলেই তাদের শৈশব বাল্যস্বভাব সম্পর্কে অন্তত একটি শ্লোক রচনা না করে পারেন নি। শৈশববাল্য কথা বলার এতটুকু সুযোগকেও কালিদাস ছাড়েন নি।

যেমন 'বিক্রমোর্বশী' নাটকে তাদের পুত্র রাজকুমার আয়ু যখন মঞ্চে এলো তখন তার যুদ্ধাদির জন্য কবচ পরিধানের কাল অর্থাৎ যৌবন উপস্থিত। যৌব রাজ্যাভিষেক ও হয়েছে আয়ুর। কিন্তু কালিদাস সুযোগ খুঁজে আয়ুর শিশুকালের কিছু কথা বলতে আগ্রহী হলেন। শৈশব থেকেই আয়ু মা-উর্বশীর স্নেহের কোল থেকে বঞ্চিত। ভূমিষ্ঠ হবার সঙ্গে সঙ্গে উর্বশী তাকে ভগবান চ্যবনের আশ্রমে তাপসী সত্যবতীর কাছে গচ্ছিত রেখে চলে গেছে। রাজপ্রাসাদে এসেও এবং পিতামাতাকে পেয়েও তার মন টানছে আশ্রম আর তাপসী সত্যবতী। তাপসী যখন তাকে পিতামাতার কাছে রেখে আশ্রমে ফিরে যেতে চাইল, যুবক আয়ুর বুকের মধ্যে সুপ্ত শিশুমনটি চঞ্চল হয়ে উঠল। তরুণ আয়ু অসহায় শিশুর মতো বলে উঠল—'সত্যমের

নিবর্ত্তনম্ ? ইতো মামপি নেতুমর্হসি।' (সত্যিই চলা যাবে ? আমাকে এখানে রেখে যেও না। তোমার সঙ্গে নিয়ে চলো।) সত্যবতী বুঝিয়েসুঝিয়ে যখন তাকে রাজপ্রাসাদে থাকতে সম্মত করল, আয়ুর শৈশবস্বভাব আরেক বর্ণে জেগে উঠল—তবে, যে-ময়ূর শিশুর অচিরোদগত পুচ্ছকে একটু একটু চুলকে দিতুম বলে সে আমার কোলে ঘুমিয়ে পড়ত, তার যখন নতুন পুচ্ছ উঠবে তখন তাকে আমার কাছে পাঠিয়ে দিও। (যঃ সুপ্তবান্ মদঙ্কে শিখণ্ডকণ্ডুয়নোপলব্ধ সুখঃ/তং মে জাতকলাপং প্রেষয় শিতিকণ্ঠকং শিখিনম্॥) কালিদাম বড়োই শৈশববৎসল। তাঁর গৌরবী লেখনী শিশুমনের চালচিত্র অঙ্কনে অসাধারণ উৎসাহী ও নিপুণ।

নরনারীর বিরহকাতরতার দীর্ঘ নিঃশ্বাস যে 'মেঘদূত' কাব্য, সেখানে শৈশবের স্বভাববৈশিষ্ট্য চিত্রণের অবসর ছিল না। কিন্তু যক্ষের যে-মেঘ মন্দাক্রান্তাছন্দে তার যাত্রাপথে আমজামের বাগান, আধফোটা ফুলে, ভর্তি কদমগাছ দেখে দেখে, সদ্যচষা ক্ষেতের মিষ্টি গন্ধ নিয়ে ভেসে ভেসে যায়, যে-মেঘ দশার্ণ গ্রামের পাখপাখালির কলকাকলি আর গল্পে মশগুল গ্রামবৃদ্ধদের গল্প শুনতে শুনতে চলে, সে-মেঘ কি খেলায় মত্ত শিশুদের বাল্যখেলা একটু দাঁড়িয়ে একবার না দেখে যেতে পারে ? অলকাপুরির বালিকারা কতই না খেলা জানে। প্রথমে মন্দাকিনী নদীর চড়ায় সোনার কণার মতো বালি মুঠো মুঠো তুলে ছড়িয়ে দিয়ে তারা তাদের খেলায় মণি লুকিয়ে রাখে। তারপর ছুটোছুটি করে সে-মণি আগে কে খুঁজে বার করে আনতে পারে তার খেলা চলে। এই লুকোচুরি-মণি খেলায় তাদের কী যে আনন্দ। এতটুকু ক্লান্তি নেই। হে উত্তরমেঘ, তোমার যাত্রাপথে শিশুদের এই খেলার মজা এবং তাদের খেলার পদ্ধতি একবার দেখে যেও।

'মালবিকাগ্নিমিত্র' নাটকে মালবিকার শৈশববাল্য কথা বলার অবকাশ ছিল না। কিন্তু ও নাটকে নাটকের প্রয়োজনে যে বালিকাটির প্রসঙ্গ এসেছে, কালিদাস একটি শ্লোকে হলেও তার মধ্য দিয়ে চিরন্তন বাল বৈশিষ্ট্য চিত্রণ করেছেন। বালিকাটি রাজকুমারী বসুলক্ষী। ৪র্থ অঙ্কে জয়সেনার মুখে রাজকুমারীর বাল্যখেলার বর্ণনা রয়েছে। বসুলক্ষ্মী কন্দুক নিয়ে খেলা করে। একদিন খেলতে খেলতে একসময় কন্দুকের পেছনে ছুটতে ছুটতে সে একটি পিঙ্গল বানরের মুখে পড়ে। বানর তাকে তাড়া করায় বালিকা এত ভয় পায় যে বাতাসের দমক লেগে কিশলয়ের মতো সে থরথর করে কাঁপতে থাকে। কোলে উঠেও তার ভয়ের কাঁপুনি থামে না। ভয় বিকারের রূপ নিল। রাজা বললো, আহা কী কষ্ট ! ছেলেবেলাটা বড়োই দুঃখের। (কষ্টং কষ্টম্। কাতরো বালস্বভাব:)। কিন্তু ভয়বিকারের তাড়সেও কালিদাস বালিকাকে মরতে দেন নি। 'রঘুবংশ' কাব্যে মহারাজ দিলীপ থেকে অগ্নিবর্ণ এই ২৮ জন নৃপতি ক্রমে কোশল সাম্রাজ্য শাসন করেছিল। এদের মধ্যে দিলীপ, রঘু, অজ, দশরথ এবং রাম এই পাঁচজন রাজার রাজত্বকালে অযোধ্যার যতকিছু শ্রীবৃদ্ধি। কাব্যে ভুবনবিজয়ী রঘু ব্যতীত আর কারও শৈশব কথা নেই। কাব্য-নামাঙ্কিত প্রধান নায়ক রঘু তার শিশুকাল, বালককালের ভূমিকায় অংশ নিয়েছে। রঘুর শৈশবকালের বর্ণনা কালিদাসের শৈশবনিপুণ লেখনীতে মুখরিত হয়েছে। রূপে শিশু রঘু বালচন্দ্রমা যেন। বালচন্দ্রমার মতো প্রতিদিন সে বেড়ে উঠতে লাগল (পুপোষ বৃদ্ধিং . . . বালচন্দ্রমা:)। শিশুর অঙ্গপ্রত্যঙ্গের বর্ণনাও কালিদাসের আলেখ্য থেকে বাদ যায়নি। রঘুর প্রতিটি অঙ্গ অপূর্ব সুন্দর ও শুভলক্ষণযুক্ত। শিশু রঘুর চলন-বলনের ভেতর দিয়ে চিরন্তন শৈশববাল্য দেখি। ধাত্রী তাকে যা শেখায় শিশু রঘু আধো আধো স্বরে তা-ই বলে। ধাত্রীর আঙুল ধরে টলমল করে শিশু দু'এক পা চলতে ফিরতে পারে। ধাত্রী 'নম' করো বললেই শিশু পিতাকে প্রণাম করে। শিশু-রঘুর এই কাণ্ডকারখানা দেখে মহারাজ দিলীপের পিতৃহৃদয়ে আনন্দ আর ধরে না। শিশুকে বুকে চেপে তার মিষ্টি নরম স্পর্শসুখ আস্বাদন করে। রঘুর যখন ৩ বছর বয়স, তার চূড়করণ সম্পন্ন হলো। যখন ৫ বছর বয়স, সমবয়স্ক অমাত্য পুত্রদের সঙ্গে পাঠশালায় তার বিদ্যাশিক্ষা শুরু হলো। শিশু রঘুকে বালককাল আবেষ্টন করল। অসাধারণ ধীশক্তিসম্পন্ন বালক দ্রুত বর্ণশিক্ষা, শব্দশিক্ষা আয়ত্ত করে বিবিধ শাস্ত্র দক্ষতা লাভ করল। চারটি বিদ্যায় অগাধ পাণ্ডিত্য অর্জন করে রঘু এবার পিতা মহারাজ দিলীপের কাছে মৃগচর্ম পরে শাস্ত্রবিদ্যা-শিক্ষা শুরু করল। শিশুকাল বালককাল ধীরে ধীরে অতিক্রম করে রঘু পদার্পণ করল যৌবনে। মনোহর ধীর প্রশস্ত দেহ ধারণ করে সে বিশাল সাম্রাজ্যের ভার গ্রহণ করল।

কালিদাসের শৈশবনিপুণ লেখনী আরেকবার মুখর হয়ে উঠেছে 'কুমারসম্ভব' কাব্যে পার্বতীর শৈশববাল্য চিত্রণে। কাব্যের প্রথম সর্গে হিমালয়ের ঘরে মা মেনকার কোল আলো করে জন্ম নিল পার্বতী। কী অপরূপ শিশু পার্বতীর দেহশোভা। দিন দিন শিশু যত বড়ো হতে লাগল ক্রমেই লাবণ্যে প্রস্ফুটিত হলে লাগল। কন্যাকে দেখে দেখে মা-বাবার চোখ ও মনের তৃপ্তি আর যেন মেটে না। হিমালয় কন্যাকে সবসময় কাছে রাখে। সতৃষ্ণনয়নে স্নেহপূর্ণ মনে পার্বতীকে যত চেয়ে দেখে তত আরও চেয়ে থাকার বাসনা জন্মে। পার্বতীর কতই না আবদার। হিমালয় তার কোনো আবদারই অপূরণ রাখে না। পার্বতী ছেলেমানুষের মতো খেলাধুলো করে। সখিদের নিয়ে নদীর তীরে সে বালির ঘর বানিয়ে ভাঙাগড়া খেলে। আবার কখনও ঘুঁটি সাজিয়ে সাজিয়ে নতুন খেলা তৈরী করে। কখনও বা বালকল্পনা থেকে পুতুলকে ছেলেমেয়ে সাজায়। তাদের নিয়ে আপনমনে নানা খেলা খেল—

'মন্দাকিনী-সৈকত-বেদিকাভি: সা কন্দুকৈ: কৃত্রিম- পুত্রকৈশ্চ।
রেমে মুহূর্মধ্যগতা সখীনাং ক্রীড়ারসং নির্ব্বিশতীববাল্যে॥'

শিশু পার্বতীর খেয়ালখুশির খেলা ও তার পদ্ধতি দেখে বাবা হিমালয় ও মা মেনকার সুখের অন্ত নেই। শিশু পার্বতী দিনে দিনে বড়ো হলে লাগল। এবার বালিকা পার্বতীর পড়াশোনার সময়। লেখাপড়ায় পার্বতী মনোনিবেশ করল। তার মেধাশক্তি দেখে আত্মপরিজনের বিস্ময়ের সীমা নেই।

এভাবে শৈশব বাল্যের খেলাধুলো, পড়াশোনা, খেয়ালখুশি আবদার, বাল্যের চঞ্চল দুরন্ত দিনগুলি পাড়ি দিয়ে কিশোরী পার্বতী যৌবনের পূর্ণিমায় বিকশিত হয়ে উঠল। (বাল্যাৎ পরং সাথ বয়: প্রপেদে)। কালিদাস পার্বতীর যৌবন বহু শ্লোকে চিত্রিত করেছেন। কিন্তু পার্বতীর শৈশব বাল্যের সযত্ন চিত্রণে শ্লোকের কার্পণ্য করেন নি। নায়িকা পার্বতী তার শিশুকাল ও বাল্যকাল দুই ভূমিকায়ই সক্রিয় অংশ নিয়েছে।

'কুমারসম্ভব' কাব্যের ১৭টি সর্গই কালিদাসের রচনা কিনা তা নিয়ে কালিদাস-বিশেষজ্ঞদের মধ্যে সংশয় রয়েছে। কালিদাস-ব্যাখ্যাকর্তা মল্লিনাথ অষ্টম সর্গ পর্যন্ত ব্যাখ্যা করেছেন। বহু বিশেষজ্ঞই বিচার করে প্রতিপন্ন করতে চেয়েছেন যে নবম থেকে সপ্তদশ এই ন'টি সর্গ কালিদাসের রচনা নয়। কালিদাসের নামে কেউ চালাতে চেষ্টা করেছিলেন। যিনিই করুন, তিনি অতি দক্ষতার সঙ্গে কালিদাসের শৈশবনিপুণ লেখনী

হরণ করে তা দিয়ে ষড়ানন কুমার কার্ত্তিকেয়র শৈশববাল্যকাল বর্ণনা করেছেন।

পার্বতী ষড়ানন কুমারকে যখন কোলে নিল , মায়ের স্তন্য দুগ্ধধারা ক্ষরিত হতে লাগল। ষড়ানন পরম আনন্দে মায়ের স্তন্যপান করতে লাগল। আর পার্বতী কুমারের ছ'টি মুখেই একের পর এক চুমু খেল। কুমার একবার মায়ের কোলে ওঠে আরেকবার বাবার কোলে । ষড়াননের জন্মোৎসব মহাসমারোহে পালিত হলো। উপহার হাতে মাতৃগণ এসে শিশু কোলে নিয়ে আর্শীবাদ করল। কুমার শৈশবে মুকুলিত হয়ে কত ভঙ্গিতে চলে। কখনও চলতে গিয়ে পড়ে যায়, কখনও থিরথির করে চলে। চলতে গিয়ে কখনও তার পা কাঁপে, আবার স্থিরপায়ে চলে। বাড়ির উঠোনে খেলতে খেলতে সারাগায়ে ধুলো মেখে শিশু ষড়ানন অকারণে হাসে । আধো আধো কথা বলতে বলতে ধুলোমাখা দেহটুকু নিয়েই মা বাবার কোলে গিয়ে বসে পড়ে। কখনও বাবার বাহন ষাঁড়ের দুই শিং ধরে খেলে। মায়ের বাহন সিংহের সঙ্গে খেলায় তার কত আনন্দ। ভৃঙ্গীর টিকি ধরে টানা ছিল তার খেলার আরেক মজা। আবার কখনও বাবার কোলে উঠে তার গলার মুণ্ডমালার মুণ্ডগুলির কোটরে কচি কচি আঙ্গুল ঢুকিয়ে মুক্তাফল ভেবে দাঁতগুলি তুলে আনতে চেষ্টা করে। শিশুর কৌতুহলের শেষ নেই। বাবা মহাদেবের মাথায় যে তরঙ্গিনী স্থির হয়ে আছে তার শীতল জলে সে স্নান করবে। স্নান করে শীত লাগে। শীত দূর করতে বাবার কপালের নয়নের আগুনে শিশু তার হাত সেঁকে সেঁকে গরম করে নেয়। হাত যখন গরম হয় তখন নতুন এক খেলা তার মাথায় আসে। মহাককৌতুকে বাবার মাথায় জটাজালে আটকে থাকা আধখানা চাঁদকে নিজের গলায় বাঁকা করে লাগিয়ে চুকচুক করে চাঁদকে চুমো খায়। শিশুর মনোহর বাল্যখেলা দেখে মা বাবার দিনরাত আনন্দে কাটে। এভাবেই শৈশববাল্যের স্বভাবে মুকুলিত ষড়ানন একসময় নবযৌবন প্রাপ্ত হলো (নবযৌবনং স কিল—)।

কালিদাসের শৈশবনিপুণ লেখনী আরেকবার মুখর হয়ে উঠেছে 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকে শিশু ভরতের শৈশববালস্বভাব চিত্রণে। নাটকে তপোবন-দুহিতা শকুন্তলার শৈশবচিত্রণ নেই। ললিতকলেবর অপূর্ব সুন্দরী শকুন্তলা যৌবনে বিকশিত। প্রথম অঙ্কে প্রিয়ংবদা বলছে–নিজের যৌবনকে গাল পেড়ো না।

প্রজাপতি মারীচের আশ্রমে প্রসিদ্ধ ভরত বংশের প্রতিষ্ঠাতা ভরতের প্রথম মঞ্চে প্রবেশ শৈশব বাল্যের চঞ্চল স্বভাব নিয়ে। শিশুর স্বভাবে যে চপলতা, দুরন্তপনা থাকে, তাপসীরা তা বোঝে না। ঝলমল ঝরণাকে তারা শাসনের বন্ধনে বাঁধতে চায়। শিশুর স্বভাবকে তারা তিরস্কার করে শোধরাতে যায়। অন্তরাল থেকে তাপসীর কণ্ঠ– ছিঃ। চপলতা কোরো না। এখানেও নিজের স্বভাব পেয়ে বসলে (মা ক্ খু চাপলং করহু। কহং গদো এব্ব অত্তণো পইদিং)। শিশু ভরত এমন কী করছিল যা দেখে অন্তরাল থেকে তাপসী তাকে তিরস্কার করল ? শিশু ভরত দস্যিপনা করছিল তার খেলার সাথি সিংহশাবকের সঙ্গে। শাবকটি সিংহীর স্তন্য পান করছিল। শিশু ভরত তাকে দুধ খেতে দেবে না। কারণ সিংহ শিশুর এখন তার সঙ্গে খেলা করার সময়। তার কথা শুনছিল না বলে সিংহশাবকের কচি কচি কেশর ধরে ভরত সবলে তাকে নিজের দিকে টানতে লাগল। খেলার ধরণও অদ্ভুত। শাবকের মুখের মধ্যে হাত ঢুকিয়ে তাঁর দাঁত গুণে দেখবে। দিতেই হবে গুণে দেখতে। কিন্তু সিংহশাবক যে মুখ খুলছে না। ভরতের বালসুলভ বুদ্ধি শিশু-অভিজ্ঞতার অনুষঙ্গে খেলে গেল।

বালক ॥ সিংহ, হাই তোলো তো। তোমার কটা দাঁত উঠেছে গুণে দেখব। (জিম্ম সিংহ, দন্তাইং দে গণইম্মং)।

দুর্ধষ সিংহের শাবকের সঙ্গে বালকের এই খেলা দেখে অন্তরালে থেকে রাজা দুষ্মন্ত বিস্মিত । তাপসীর বিচারে বালকের এহেন স্বভাব আশ্রমের আচরণ-বিরুদ্ধে। অসভ্যতামো। কিন্তু বালক চলে তার নিজের আত্মভাবে । 'শিশু মনোবিজ্ঞানের কোনো সূত্র ধরে' শিশুর স্বভাবের চালচিত্র, তার খেয়ালখেলা মর্জিবিচার করা যায় না । যায় না বলেই দুষ্মন্ত বিস্মিত হয়। শেক্সপিয়রে শিশু ম্যামিল্লিয়াসের ধাত্রীরা হতবাক হয়। কালিদাসে তাপসীরা অসন্তুষ্ট হয়। কিন্তু শিশুর স্বভাবধর্ম সেসব মানে না।

প্রথমা তাপসী ॥ অসভ্য শিশু (অবিনীদ), কেন আমাদের সন্তানতুল্য ওকে জ্বালাতন কচ্ছো ?

তাপসীর তিরস্কারে শিশুর রাগ হলো। তার জেদ গেল বেড়ে।

প্রথমা তাপসী ॥ বটে, আমার কথায় আবার রাগ আরও বাড়ল দেখছি (হন্ত বড়ঢই দে সংরম্ভো)। ঋষিরা যে তোমার সর্ব্বদমন নাম রেখেছন, তা দেখছি, ঠিকই হয়েছে। নামটা বর্ণে বর্ণে ফলেছে।

দ্বিতীয়া তাপসী ॥ শোনো সর্ব্বদমন। এই সিংহীর শাবককে যদি না ছাড়ো, সিংহী গিয়ে তোমাকে ধরবে।

এ কথা শুনে হেসে তাপসীকে ঠোঁট উলটে দেখিয়ে তার ভয় দেখানোকে তাচ্ছিল্য করে বালক বললো–

বালক ॥ ও বাবা কী ভয় কী ভয় । আমাকে সিংহীর ভয় দেখাচ্ছে । [(সস্মিতম্), অম্মহে বলিঅং ক্ খু ভীদো (অধরং দর্শয়তি)]

তাপসী যখন দেখল এ বালককে ভয় দেখিয়ে তার দস্যিপনা খেলা থেকে নিরস্ত করা যাবে না, ওর জেদ যাবে আরও বেড়ে তখন সে শৈশবের দুর্বলস্থানে বুদ্ধির চাল চাললো।

প্রথমা তাপসী॥ শোনো ভরত, সিংহ শাবকটিকে যদি ছেড়ে দাও, তোমাকে একটা খেলনা দেবো। খেলনাপ্রীতি জগৎজুড়ে সব শিশুর স্বভাব-বৈশিষ্ট্যে।

খেলনার কথা শুনে শিশু প্রলুব্ধ হলো ঠিকই। কিন্তু শিশুর নিজস্ব বিচারবুদ্ধি আছে। অভিজ্ঞতায় তারা জানে, বড়োরা দেবো বলেও অনেকসময় দেয় না । বালকের যুক্তি– আগে খেলনা তার হাতে দিতে হবে, তবে সে শাবককে ছাড়বে।

বালক ॥ কৈ তোমার খেলনা ? আগে দাও।

অগত্যা দ্বিতীয়া তাপসী প্রথমা তাপসীকে বললো, কথায় একে ভোলানো যাবে না। ঋষি কুমার মার্কণ্ডেয়ের যে নানারঙে চিত্রিত একটি মাটির ময়ূর আছে, সেটা এনে একে দাও।

বালক ॥ যতক্ষণ ময়ূর খেলনা না দাও, একে ছাড়ব না। একে নিয়েই খেলব। এই বলে তাপসীর দিকে চেয়ে হাসতে লাগল। [ইমিনা এবব দাব কীলিস্ সং। (তাপসীং বিলোক্য হসতি)]।

শৈশবমুগ্ধ দুষ্মন্তের মুখে ভরতের বাল্যরূপের বর্ণনা বড়ো সুন্দর চিত্রিত করেছেন কালিদাস–

রাজা দুষ্মন্ত ॥ আহা, এই দুরন্ত দুষ্টু বালকটিকে আমার বড়োই ভালো লেগেছে। খেলতে গিয়ে ওর সারা গায়ে ধুলো লেগেছে। কেমন বিনা কারণে ফিক্ ফিক্ করে হাসছে। হাসবার সময় ফুলের কুঁড়ির মতন কচি কচি দাঁতগুলি ইষৎ দেখা যাচ্ছে। একে তো আধো আধো কথা, তায় অস্ফুট উচ্চারণ। শুনতে কী মিষ্টি। কান জুড়িয়ে যায়। শিশুর সবটুকুই মধুর।

শুভঙ্কর চক্রবর্তী প্রাক্তন উপাচার্য, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলকাতা এবং প্রাক্তন অধ্যক্ষ আশুতোষ কলেজ, কলকাতা।

বেতারের তারা

জগন্নাথ বসু

'নাটক' একটি অত্যন্ত জনপ্রিয় চারুকলা। নাটক বললেই মনের মধ্যে ভেসে ওঠে একটি মঞ্চ, কিছু চরিত্র, তাদের পোশাক, সংলাপ, মঞ্চের আলো, আবহ সংগীত ইত্যাদি। বেতারের নাটক কিন্তু এসব কিছু থেকে বেশ কিছুটা আলাদা। বেতারের নাটকের বৈশিষ্ট্যগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করা হলো এই নিবন্ধে।

এখন অনেকেরই হয়তো জানা নেই যে, আগে প্রতি রবিবার, শুক্রবার ও মাসের শেষ বৃহস্পতিবার—রেডিওতে অসাধারণ সব নাটক হত। রেডিওতে আগে যে ভাবে নাটকটা হত মানে মঞ্চের নাটকের যে ছায়া তার মধ্যে ছিল, আমি কাউকে ছোট করতে চাইছি না, তাঁরা তাঁদের মতন করে কাজ করেছেন, অসম্ভব জনপ্রিয় করেছেন রেডিও নাটককে, কিন্তু একথা তো বলতেই হবে রেডিও নাটকের একটা নিজস্ব ভাষা আছে। তার একটা অন্য শক্তি আছে। সে শক্তিটাকে খুঁজে পাওয়ার কিছু বিচ্ছিন্ন ভাবে চেষ্টাও হয়তো ছিল কিন্তু তার চেয়ে বেশি ছিল সেটাকে থিয়েটারি করে তোলার। আমার ঘাড়ে যখন দায়িত্ব এসে পড়ল তখন আমার মনে হল যতদূর সম্ভব এই শক্তিটাকে খুঁজে বার করতে হবে। মঞ্চের নাটকের ছায়া থেকে একে মুক্ত করতে হবে। তখন শ্যামবাজার পাঁচ মাথার মোড়ের পাঞ্জাবি হোটেলে নিয়মিত মোহিতদা, মনোজদারা আসতেন। ঐ হোটেলে বসে আমি ওনাদের সঙ্গে আলোচনা করতাম—কোন গল্পটা রেডিওতে ভালো আসবে ইত্যাদি-ইত্যাদি আর সেই মতন schedule তৈরি করতাম। মনোজদা আমাকে একদিন বললেন যে, 'রেডিও নাটকে আমি যদি এতগুলো নাট্যরূপ না দিতাম, তাহলে এই যে এখন তুমি আমাকে যে রকম নাটক লিখতে দেখছো তা আমি লিখতে পারতাম না।' আমি জিজ্ঞেস করলাম, 'এ কথা বলছেন কেন' ? উনি বললেন, 'রেডিও নাটক আমাকে শিখিয়েছে কতক্ষণের মধ্যে নাটকটা লিখতে হবে—নির্দিষ্ট সময়ের মধ্যে নাটকটা শেষ করে দিতে হবে। কোনওটা দিয়ে বলবে, এটা পঞ্চান্ন মিনিটের জন্য—এর মধ্যে আপনি কোন কোন জায়গায় জোর দেবেন, কী ভাবে লিখবেন, কী ভাবে সিনগুলো তৈরি করবেন—এসব ভাবনাগুলো কিন্তু রেডিওই আমাদের শিখিয়েছে'। এঁদের দ্বারা inspired হতে-হতেই আমি তখন এক একটা এমন নাটকের schedule করতাম যাতে পরীক্ষা-নিরীক্ষার কাজটা চলতে থাকে।

আমরা একটা কথা বলি না যে, mentally challenged বা physically challenged একটা মানুষের একটা অঙ্গ নেই একটা প্রতিবন্ধী মানুষের, যেটা handicapped বলা হত। আগে রেডিওটাকে সব সময় handicapped বলা হত। কিন্তু ঋত্বিক ঘটক কেন বলুন তো 'জ্বালা' করতে এলেন বেতারে ? সবাই একটা জ্বালা থেকে আত্মহত্যা করেছে। এই নাটকটা তো তিনি অন্য জায়গায় করতে পারতেন, তিনি রেডিওটা বেছে নিলেন কেন ? কেননা, এই মাধ্যম কল্পনা শক্তির এমন একটা জায়গা খুলে দিতে পারে যা অন্য মাধ্যমে সম্ভব নয়। আপনারা জানেন স্যামুয়েল বেকেট-এর মতন একজন নাট্যকার তিনি রেডিও-র জন্য এতগুলো নাটক লিখেছিলেন। কেন লিখেছিলেন ? এই মাধ্যমটার একটি অন্য শক্তি আছে। সেই শক্তির সন্ধানটা যদি আমরা করতে পারি–দেখব এই শক্তিটা ফ্যান্টাসির লেবেলে চলে যাওয়া বা অন্য জগতে চলে যাওয়া। রেডিও নাটকের শ্রোতারা দৃষ্টিহীন ধরে নিতে হবে। একজন দৃষ্টিহীন মানুষকে যদি একটা গল্প ঠিকঠাক পৌঁছে দিতে হয়, যে রকম বাড়তি সচেতন থাকতে হয়, সেই সচেতনতার জায়গাটা দেখতে হবে এবং সেখানে শক্তির জায়গাটা খুঁজে বের করতে হবে। স্ক্রিপ্ট-এর ব্যাপারে তো আমাদের সচেতন থাকতেই হয় যে, কি ভাবে আমরা ছবিটাকে দেখাব। যদি আমি মঞ্চের ওপর বলতে পারি কোনও দর্শককে, 'এই খোলো তো' যাকে বলছি সে এবং দরজা দু'টোই দেখা যাচ্ছে। কিন্তু এখানে ওভাবে বলতে পারব না কেননা দরজাটাও নেই আবার চরিত্রটাও নেই। এ দু'টো জিনিস দেখানোর জন্য কিন্তু বাড়তি সচেতনতা দরকার হয়। এটা সংলাপের ব্যাপারে বলছি। অভিনয় ছাড়া যেমন ধরুন সাউণ্ড এফেক্ট যার মধ্যে দিয়ে ছবিটা দেখতে পাই। নাটকের সেটটা সংলাপের মধ্যে থাকতে পারে, এমন এফেক্ট থাকতে পারে লোকের সামনে সেটা ছবি হয়ে যায়। যেমন ধরুন, scene change music, দৃশ্যান্তরে যাবার জন্য শুধুমাত্র যে মিউজিকটা আসছে। তারপর ধরুন বেতার নাটকে অভিনয় ব্যাপারটা। মনে করুন একটা ঘোড়ায় চড়ার দৃশ্য। ঘোড়ায় চড়ে কথা বলতে বলতে যাচ্ছে এই রকম একটা দৃশ্য। 'এই আমি উঠলাম' এই ডায়লগটা আমি যে, ঘোড়ায় চড়ছি এই ভাবে 'এই-আমি-উঠলাম' এ ভাবে বলা দরকার। তারপর একটু নিঃশ্বাসের সামান্য শব্দ। যাতে চরিত্রটা যে ঘোড়ায় উঠল তার সেই কায়িক শ্রমের চিহ্ন সেটা বুঝিয়ে দিতে হবে। ঘোড়ায় চড়ে যেতে যেতে ডায়লগটা চলছে। আমি যদি নরম্যাল বলতে থাকি তাহলে শ্রোতাকে হেল্প করা হবে না। এই যে আমি ঘোড়ার লাগামটা ধরে আছি মাঝে মাঝেই ক্ষুরের শব্দটা হবে। ধরুন ভারী জিনিস তুলছি। তুলে কথা বলছি। যে ভারী জিনিসটা 'এই আমি তুলতাম'। এই যে নিঃশ্বাসটা ফেললাম, এই নিঃশ্বাসটাও important। এই ছোট্ট নিঃশ্বাস। এই রকম অনেক ভাবনার ব্যাপার থাকে। কিন্তু এই যে ডায়লগটা বলছি, কেন বলছি, কী ভাবে বলছি সেটা স্টেজেতেও থাকে, সব জায়গাতেই থাকে। এটা অভিনয়ের সময় খুব সচেতন ভাবে প্রয়োগ করতে হয়। যেমন নাটকে প্রবেশ-প্রস্থান

আছে। আগেকার দিনে আমি যখন প্রথম রেডিও-তে এলাম, আমার বলতে অস্বস্তিই হচ্ছে যে, দেখতাম ওরা অনমাইক বলেছেন, 'চলে গেলেন'। আমাদের perspective বলে একটা দিক আছে। সেটা ভাবতে হবে। আমি মাইকের অবস্থান থেকে সামান্য একটু এগিয়ে কিংবা একটু অফে এভাবে মুখটা নিয়ে যাব। আমার অবস্থানটার ওপর নির্ভর করছে কিন্তু ছবিটা। এই কথা বলতে-বলতে আরও একটু সামনে চলে এলাম। রেডিও নাটকে কিন্তু প্রবেশ-প্রস্থান নির্ভর করে আমি ঠিক মাইকের কোন জায়গাটা নিচ্ছি। এই জায়গাগুলো কিন্তু ভীষণ important। ধরুন একটি সংলাপ, 'তাহলে পরশু আবার দেখা হচ্ছে' ? বলতে বলতে অভিনেতা যদি ধীরে ধীরে মাইক থেকে মুখটা সরিয়ে নেন তাহলে শ্রোতার মনের চোখে তার চলে যাওয়ার ছবিটা স্পষ্ট হয়।

এই মাধ্যমটার সম্বন্ধে ধারণা যাঁদের কম আছে, যাঁরা অনুশীলন করেননি, তাঁদের পক্ষে একটু অস্বস্তি হয়ে যায়। আমি তো প্রথম মঞ্চের মানুষকে নিয়েও রেডিওতে নাটক করতে গেছি। অনেক সময় তাঁদের বোঝাতে হয়েছে বেশি নয় একটু আন্ডারে যাওয়া, মাইক থেকে একটু বেশি সরে যদি কথা বলি, যেমন আমি থেকে একটু বেশি সরে কথা বলি, যেমন আমি চেঁচিয়ে মাইক থেকে সরে কথা বলছি–তা হবে না। প্রথমত তাতে চেঁচানো-চেঁচানো লাগতে পারে। আর একটা ব্যাপার হচ্ছে যে, hollow লাগবে। যেটা ভাল লাগবে না শুনতে। তাই আমরা বলি Don't shout but project your voice এই টেক্‌নিক্যাল জায়গাগুলো কিন্তু বোঝার দিক আছে যাঁরা ধরুন দূরদর্শনে কাজ করেন, তাঁরা যেমন মাপগুলো জেনে গেছেন। কী শট্ হচ্ছে আমার এক্সপ্রেশনটা তাহলে এতটা হবে। এই কাজটা করতে করতে তাঁরা এই জায়গার অভিজ্ঞতা অর্জন করে ফেলেছে। রেডিও নাটকেও কিন্তু তাই। বিস্ময়কর ভাবে লক্ষ্য করেছিলাম হয়তো যাঁরা বড় শিল্পী, যাঁরা খুব বড় মাপের হন তাঁরা এই রকমই হন। উৎপল দত্ত একবার 'টিনের তলোয়ার' করতে এসেছিলেন। আমি তখন প্রযোজক হইনি। শ্রীধর ভট্টাচার্য তখন বিখ্যাত প্রযোজক ছিলেন। আমি তাঁর পাশে তখন শিক্ষানবীশের মতন দাঁড়িয়েছিলাম। আমি ওই রকম দাঁড়িয়ে থাকতাম বরাবর জানবার জন্য। আমি অদ্ভুতভাবে লক্ষ্য করলাম যে, ভয়েস-এর ওপর-নীচ একেবারে বিস্ময়কর ভাবে নিয়ন্ত্রণ করছিলেন উৎপলদা। এখনও পর্যন্ত মনে পড়লে গায়ে কাঁটা দেয়। আমি হতবাক্, কী করে কীভাবে উনি পারলেন। উনি তো কখনও রেডিও নাটকে অভিনয় করেননি, তবে কি করে জানলেন যে, কি করে কিভাবে এগুলো করতে হবে। যেমন ধরুন, শম্ভুদাকে দেখেছি 'ঘাতক' নাটকে, বিমল করের। যাঁরা রেডিও নাটক শুনে থাকেন তাঁদের মনে থাকবে। ওখানে একটা দৃশ্য ছিল এটা আমি অনেক জায়গায় বলেওছি লিখেওছি হয়তো। একটা নিবিড় ভালবাসার দৃশ্য ছিল। একজন ভদ্রলোকের স্ত্রী সারাজীবন ধরেই অসুস্থ। তিনি তার স্ত্রীর সান্নিধ্য বেশি পাননি। বাইরে গেছেন। সেখানে গিয়ে তার শালীর সঙ্গে তার ফিজিক্যাল একটা নৈকট্য তৈরি হচ্ছে। একটা বৃষ্টিবাদলের রাতে আচমকা এই রকম একটা ঘটনা ঘটছে। আমি অবাক হয়ে লক্ষ্য করলাম যে, মুখের কোনও এক্সপ্রেশন নেই, উনি বললেন যে, 'মাধবী, মাধবী, আমি তোমাকে বোঝাতে পারব না তোমাকে আমি কতটা ভালবাসি'। তিনি হাতের তালুতে নিজের মুখটা রেখে এমনভাবে বললেন, 'মাধবী মাধবী'—এই স্খলিত উচ্চারণে—সেই নিবিড় ঘন পরিবেশটা যেন মূর্ত হয়ে উঠল—অদ্ভুত একটা গলা বার করলেন। কী টেক্‌নিক দিয়ে তিনি সেই ছবিটা আনলেন সেটা কল্পনাও করা যায় না।

এবার আমি আমার একটা নাটকের কথা বলি। আমার প্রযোজনায় শাঁওলীর নাট্যরূপ 'ফকির', বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা। এই নাটকটার প্রযোজনা করতে গিয়ে আমার তো প্রায় গলদঘর্ম অবস্থা। শম্ভুদা তো তখন প্রথম থেকে পুরো স্ক্রিপ্টটা দেখতেন। উনি বললেন, 'পড়ে শোনাও আমি শুনব'। তো আমি পড়ে শোনালাম। বললেন, 'এই যে তুমি পড়লে এবার আমি একবার পড়ব'। কোথাও 'তো' জুড়বে, এই রকম হবে, কোথাও একটু ওরকম হবে, কোথাও এই ডায়লগটা জুড়ব, আমি যে রকম ভাবে বলব সেটা তুমি রেকর্ড করবে। এই বার যে ডায়লগগুলো আমার ভেতর থেকে বেড়িয়ে আসবে সেটা হবে স্ক্রিপ্ট। ওটা হবে অভিনয়ের স্ক্রিপ্ট, সেটা রেকর্ডিং হবে। উনি আর মমতা চট্টোপাধ্যায় ছিলেন অভিনয়ে। সংসার সম্বন্ধে উদাসীন এই রকম একটা চরিত্র উনি করছেন। ওর স্ত্রীকে ফুসলিয়ে নিয়ে যাবে এই রকম একটা চরিত্র ছিল। স্ত্রীর নাম ছিল নিমি। তা ফুসলাবার সময় ডায়লগটা সেই চরিত্রটা বলছে, 'নিমি-নিমি, এই নিমি', রাত্রের দিকে জানলার পাশে ডাকছিল ফুসলাবার জন্য, আমি দেখছি ছেলেটা পারছে না মানে জুতসই হচ্ছে না। একটু সংকুচিত হয়ে কিছু বলতেও পারছি না, শম্ভুদা অভিনয় করছেন। কিন্তু আমি তো ডাইরেকস্‌ন দিচ্ছি। বললাম, 'না-না,এটা এই রকম নয়'। শম্ভুদা আমাকে ডাকলেন কাছে। সবার সামনে বললেন, 'তুমি কী চাইছো কি' ? আমি বললাম আমতা আমতা করে যে, 'ওই ডায়লগটা না ঠিক কি রকম একটা আমার মনে হচ্ছে আর কি'। উনি বললেন যে, লোকটি যখন ডাকছে ওকে তখনই লোকটা aroused—তাহলে কি রকম হতে পারে গলাটা–দেখালেন। এই ছোট-ছোট টুকরো-টুকরো জিনিস দিয়ে, আমার সব সময় মনে হয়, মাঝারির সঙ্গে-বড় মাপের তফাৎটা কোথায় বোঝা যায়। এক সেকেণ্ডও লাগবে না কোনও জিনিস গলা থেকে বের করে আনতে। শম্ভুদা ও তৃপ্তিদির অভিনীত নাটকে দেখবেন যে, ওই রকম গলা দিয়ে যে কী কাণ্ড করা যায় তা ভাবাই যায় না। সত্য বন্দ্যোপাধ্যায় যেমন ডায়লগ নিয়ে যা খুশি তাই করতে পারতেন। যে কোনও বয়স উনি করতে পারতেন। যেমন টাইপ রোলে এখনও আমার মনে দাগ কেটে আছে 'ফিরে লেখা' একটা নাটকে, নরেন্দ্রনাথ মিত্রের। 'তুমি টেলিফোনে বলছো যে, আমি পাইনি-পাইনি-পাইনি। তোমার চিঠি আমি পাইনি-পাইনি-পাইনি-। আমি যেন টেলিফোনের যন্ত্রের মধ্যে দিয়ে শুনছি তোমার চিঠি আমি চাইনি-চাইনি-চাইনি' এই যে তিনি তিনটে 'চাইনি' বলে ছিলেন তা আমি এখনও পর্যন্ত ভুলতে পারিনি। তুমি বলেছো, পাইনি, আমি টেলিফোনের মধ্যে শুনছি চাইনি। মানে এই যে হতাশা, ব্যর্থ প্রেমিক। মুহূর্তের মধ্যে তিনি কত কি আনতে পারতেন। মাইকের কথা যেটা বলছিলাম, মনে করুন যদি ফ্ল্যাশব্যাকে-এর কথা বলতে চাই, সিনেমায় যেটা দু'টো বয়সের লোককে দিয়ে করা হচ্ছে, একটা বয়স্ক লোক আর একটা কম বয়সের লোক। রেডিওতে করালে আলাদা স্কোপ আছে। যদি দু'টি চরিত্রই আমি করি আর যদি ধরুন এ রকম ডায়লগ থাকে যে, 'তোমার সঙ্গে আমার প্রায় পঁচিশ বছর পর দেখা হল, না' ? 'হ্যাঁ তা তো হবেই। সেই কফি হাউসে দেখা হত। সেই 'রক্তকরবী' দেখতে গেলাম। তুমি কখন এসেছো' ? 'আমি কখন থেকে তোমার জন্যে দাঁড়িয়ে আছি'। একটু স্পিডে কথা বললাম,

এই যে মাইক থেকে মুখটা সরিয়ে নিলাম, এই যে সামান্য মাইক থেকে একটু দূরে, away from মাইক করে নিলাম সঙ্গে সঙ্গে বয়স কমে এল। রেডিওতে এ ভাবেই ফ্যাশব্যাকে ইয়ং-এজ-এ কথা বলা যায়।

কালী বন্দ্যোপাধ্যায়–কালীদার কথা আমি বলি, উনি অদ্ভুত স্ক্যানিং করতেন। আমরা জানি ডায়লগটা মাঝে মাঝে ভাঙ্গা, একটু পজ্ ব্যবহার করা। উত্তমকুমার মারা যাবার পর সত্যজিৎ রায় বলেছিলেন যে, 'আমার ভাল লাগতো ওনার স্ক্যানিংটা'। আমিও ওনার অনেক ছবিতে লক্ষ্য করে দেখছি, উনি কি ভাবে ডায়লগগুলোকে ভাঙ্গছেন। এই স্ক্যানিংগুলো যে কত ইম্পরট্যান্ট সেটা যাঁরা অভিনয় করেন তাঁরা জানেন। আমার কাকা প্রেমাংশু বসু, উনি আমাকে বলতেন, তুমি লক্ষ্য করে দেখবে কালীদার স্ক্যানিংটা কিন্তু নর্মাল নয়, আমিও দেখতাম। রতন ঘোষের একটা নাটক রেডিও-তে হচ্ছে, তাতে একটা এই রকম দৃশ্য আছে যে, একটা সংসার কীভাবে ভাঙ্গছে, তছনছ হয়ে যাচ্ছে, দারিদ্র ইত্যাদি। উনি চোখে দেখেন বড় কম। ডায়লগটা এই রকম 'চারিদিকে বড় অন্ধকার–বউ'। উনি বলতেন, 'চারিদিকে বড় অন্ধকার–বউ', আমি লিখে দিতে পারি যে, অনেকে বলবে, যে কোনও শিল্পী বলবে এই ভাবে, 'চারিদিকে বড় অন্ধকার বউ'। উনি বলতেন, 'চারিদিকে বড় অন্ধকার–বউ', যেন খড়কুটোর মতো আঁকড়ে ধরতে চাইছেন। এই যে সব শিল্পীদের সঙ্গে কাজ করতে পেরেছি সেটা একটা দুর্লভ অভিজ্ঞতা।

এবার সত্যজিৎ রায়ের কথায় আসি। আমি 'সেপ্টোপাসের ক্ষিদে' নাটকটার স্ক্রিপ্ট পাঠিয়েছিলাম। ওনার সেটা ভালো লাগেনি। উনি আমাকে ফোন করলেন এবং আমাকে পোস্টে একটা স্ক্রিপ্ট পাঠিয়ে দিলেন। উনি নিজেই তার নাট্যরূপ দিয়েছেন। ওনার গল্পে উনি নিজেই নাট্যরূপ দিতেন। সেই গল্পটা আজ বলতে চাই। আমি একদিন ওনাকে ফোন করে বললাম, 'আমাকে আপনি পনেরো মিনিট সময় দেবেন' ? তা উনি বললেন, 'আপনি কে' ? আমি বললাম, 'আমি বেতারে চাকরি করি। আমি আপনার নাটকটা প্রোডাক্শন করছি। আপনি যে সাঁই-সাঁই একটা শব্দ লিখেছেন, ওটা কি চাবুকের মতন হবে' ? উনি একটু থেমে বললেন, 'আপনি তো কিছুই বোঝেননি দেখছি'। আমি সঙ্গে-সঙ্গে বলেছি, 'বুঝতে পারিনি বলেই তো আপনাকে ফোন করেছি'। একেবারে স্মার্ট উত্তর। তখন উনি বললেন, 'ও, আমার তো এখন সময় নেই, আমি এখন 'জনঅরণ্য' ছবির সুটিং করছি। আপনি একটা কাজ করুন তা আপনি কোথা থেকে বলছেন' ? 'আমি এই রেডিও অফিস থেকে বলছি'। 'ঠিক ছটায় চলে আসুন। আপনাকে পনেরো মিনিট সময় দেব'। ছটার আগেই চলে গিয়ে বাইরে একটু ঘুরলাম, ঠিক ছটার সময় বেল টিপলাম। উনি নিজেই এসে দরজা খুললেন। 'আসুন, ভেতরে আসুন', বসালেন, সেই বিখ্যাত জায়গাটাতে উনি বসলেন। তারপর আমরা আলোচনা আরম্ভ করে দিলাম। উনি পড়ছেন। মাঝে-মাঝেই দেখি অনেক পজ্ নিচ্ছেন। একটু সাস্ পেন্স ছিল একটা জায়গায়। 'আচ্ছা বারো বছর আগে আসামের জঙ্গলে তুমি একটা বন্দুক ব্যবহার করেছিলে, সেটা আছে' ? 'হ্যাঁ কেন' ? 'বন্দুকটা আছে এখনও তোমার কাছে' ? 'হ্যাঁ, কেন' ? 'টোটা ? 'টোটা আছে' ? 'হ্যাঁ, কেন' ? লং পজ্ নিচ্ছেন। আমি জিজ্ঞেস করলাম, 'কেন এত পজ্ নিচ্ছেন ? রেডিওতে যদি এত পজ্ নেন তাহলে যদি শ্রোতা মনে করে যন্ত্রটা বিগড়েছে'। উনি বললেন, 'বিদেশি নাটকে এই রকম পজ্ নেওয়া হয়, শোনেননি' ? 'হ্যাঁ শুনেছি'। 'এটা কখনও কেউ ভাববে না, এটা অ্যাক্টিং পজ্, লোকে ঠিক বুঝবে। লোকে এত বোকা হয় না'। আমি দেখেছি যাঁরা রেডিওতে আগে কাজ করতেন, তাঁরা পজ্ নেওয়াটা খুব একটা পছন্দ করতেন না। ওরা ডায়লগের পর ডায়লগ যাবে এইটা খুব পছন্দ করতেন। খুব এক-একজনের এই রকম ব্যতিক্রম ছিল। বেশির ভাগ লোক বলতেন, যে শ্রোতাকে ধরে রাখতে হবে। ওঁরা বলতেন, এটা তো স্টেজ নয় যে, টিকিট কেটে লোকে দেখতে-শুনতে গেছে। কেউ দুধ জাল দিচ্ছে। কেউ অমুক করতে গেছে, তাকে রেডিওতে টেনে আনতে হবে। এটা ঠিক, একটা ভাবনা হয় অনেক সময়। স্টেজেতে যেমন হয় প্রথমেই মূল নাটকে যাবে না। যেটা conflict সেই জায়গাতে একটু পরে যাবে। কারণ লেট কামাররা তখনও এসে পৌঁছাননি হলে। তাঁদের জন্য একটু সময় দরকার। মূল পথে চট করে যেতে নেই। খানিকটা চা-টা খাওয়া, হাসি ঠাট্টা হল তারপর আস্তে আস্তে মূলে প্রবেশ করল। কিন্তু রেডিও নাটকে এটা করা চলবে না। রেডিও নাটকে ওই চা-টা খাবার ওই পর্বটার কোনও সময় নেই। মুহূর্তে ধরতে হবে। সঙ্গে সঙ্গে বুঝতে হবে যে, কোথায় কী হচ্ছে। সূচনা থেকেই আসল জায়গায় চলে যেতে হবে।

বেতারে অভিনয়-এর ব্যাপারে আমাদের এই ভাবনা রাখতে হয় যে, আমরা যে মাধ্যমে কাজটা করছি, এমন ভাবে ভাবনাগুলো রাখতে হবে, নাটকের অভিনয় এমনভাবে করতে হবে, যাতে ব্যাপারটা দৃশ্যমান হয়ে যেতে পারে। একটা নাটকের শুরুতে সংলাপ আর পরিপূরক ধ্বনি-ব্যঞ্জনের সাহায্যে কোথায় ঘটনাটি ঘটছে কি ভাবে, স্পষ্ট সেটি দেখা যায়। নাট্যকার শুরুতেই নির্দেশ দিয়েছিলেন, হুইসিল দিয়ে ট্রেন ছেড়ে যাবার শব্দ। সেটা যেতে না যেতে ঝিঁ ঝিঁ পোকার একটানা আওয়াজের মধ্যে দূর থেকে একটা শেয়াল বা কুকুরের ডাক। ফিসফিস কণ্ঠে, 'কি বিচ্ছিরি স্টেশন, লোক নেই একটাও, কী অন্ধকার, ভয় করছে। ভাল লাগছে না'। 'কিন্তু রাতটা যে কাটাতেই হবে জোনাকী, উপায় নেই। কিন্তু ভয় পাবার মতন কী হল এমন'। 'জানি না'। 'আচ্ছা মালগুলো কী তাহলে। একটা ওয়েটিং রুম কিন্তু আছে এখানে, আগে একটা লোক জোগাড় করি, এখানে দাঁড়াও। তুমি এখানেই থেকো। আমি এক্ষুনি আসছি'। এই যে গলাটা দূরে সরে গেল, লোকটা গেল, প্ল্যাটফর্মে জুতোর শব্দটা মিলিয়ে গেল। ঝিঁ-ঝিঁর শব্দ, একটু পরেই জুতোর শব্দ আবার ফিরে এল, কাছে সরে এল। এই যে নাটকে কোথায় ঘটনাটি ঘটছে—একটা নির্জন প্ল্যাটফর্মে রাতের একটা ছবি শ্রোতারা দেখতে পেলেন। 'সেপ্টোপাসের ক্ষিদে' নাটকে সাসপেন্স আনার জন্য একটা সাউণ্ড এফেক্ট এর প্রয়োজন ছিল ওই যে গাছটার সাতটা শুঁড়। প্রথমে সে কীটপতঙ্গ খেতো। তারপর মুরগীতে হাত দিয়েছে। তারপর একটু বড় হতেই কি মানুষের দিকে হাত বাড়াল ? তাহলে তো horror। আমি সত্যজিৎ রায়কে বললাম, 'একটা চাবুকের ব্যবহার করব' ? তিনি বললেন, 'তুমি চিড়িয়াখানা' দেখেছো' ? 'হ্যাঁ. দেখেছি'। 'যেখানে ওই পুরনো দিনের ছবি দেখানো হয়, স্টুডিওগুলোতে। ওখানে দেখবে যে, জরাজীর্ণ একটা স্ক্রিন খুলে যাচ্ছে। ওখানে দেখবে যে, জরাজীর্ণ স্ক্রিন-এর একটা শব্দ আছে। সাউণ্ডটা খুবই পাওয়াফুল, ঘিস ঘিস ঘিস ঘিস একটা অদ্ভুত শব্দ'। তা উনি বললেন, 'সেটা আমি কি করে করেছি জানো' ? আমি বললাম, 'কি করে করলেন' ? 'উনি বললেন, 'একটা নতুন ছাতার বাট মসৃণ মেজেতে টেনে। আমি এই সাউণ্ডটা ডবল

স্পিডে ৩৮-এ রেকর্ড করে ১৯-এ বাজিয়ে ছিলাম—একটা অদ্ভুত সাসপেন্স্ আর্টিফিসিয়ালি তৈরি করা গেল' । উনি বললেন, 'তোমার কাছে এই সব মেশিন-টেশিন আছে' ? আমি বললাম, 'না' । তা উনি বললেন, 'তুমি তো দেখছি ঢাল নেই, তরোয়াল নেই, নিধিরাম সর্দার' । আমি চুপ করে রইলাম। আমি ওনার কাছে কিছু জিনিস চেয়েছিলাম। উনি দেন না কাউকে কি জানি কেন সে দিন স্নেহবশত আমাকে দিয়েছিলেন । ওঁর অমূল্য কিছু সাউণ্ড এফেক্টের ওপর রেকর্ড ছিল । সেগুলো আমাকে দিলেন । তিনি বললেন, 'কাউকে দিই না এই সব' । এরপর আমিও কাজে নেমে পড়লাম। চাবুকের শব্দটা ঐ একই ভাবে ৩৮-এ রেকর্ড করে ১৯-এ বাজালাম যাতে করে ক্ষুধার্ত সেপ্টোপাসের সাঁই সাঁই শব্দের horror সহজেই চলে এল ।

'কোনি' করার সময় খুব খাটতে হয়েছিল । কারণ জলের মধ্যে কিছু সিকোয়েন্স ছিল । সত্যদা ট্রেনার ছিলেন । ট্রেনিং করাচ্ছেন শাঁওলীকে । মেয়েটা জল থেকে উঠতে চাইছে, তখন সত্যদা পাড় থেকে কথা বলছেন– সে কি অভিনয় ! মেয়েটার খিদে পেয়েছে, কাঁদছে, উঠতে চাইছে। ট্রেনার সত্যদা তাকে কিছুতেই উঠতে দেবে না, 'আর পারছি না, আর পারছি না' । সত্যদা বলছেন, 'চপ্ একদম উঠবি না। বাড়িতে তোকে আর তোর ভাইকে পাউরুটি আর কলা খাওয়াব' । জলের মধ্যে থেকে কথা বলার যে দৃশ্যটি ছিল । জলের মধ্যে কথা বললে কথাগুলো কেমন হয়ে যায় না ? সেই রকম এফেক্টটা নেবার জন্য, আমরা ঠিক করলাম ক্যান্টিন থেকে একটা গামলা ভর্তি জল নিলাম । শাঁওলী একটু পিটপিটে আছে, ওর করতে অসুবিধে হচ্ছিল । তা বললাম, 'দেখুন জলটা ভালো আছে, আপনার কোনও অসুবিধা হবে না' । ওই গামলার জলের মধ্যে মুখ দিয়ে বলতে লাগল– 'আর পারছি না ।' আপনারা জানেন যে acoustics is very important, ধরুন ঘরের যে acoustics বাইরে গেলে সেটা আলাদা হয়ে যায়। ট্রেনে এক রকম acoustics আবার ট্রেনের বাথরুমে গেলে আর এক রকম acoustics । এইভাবে বুঝতে হয় যে, কোথায় গেলে কি ধরনের acoustics তৈরি হবে। এগুলো মাথায় রাখতে হয়। এখন যেমন অনেক সুবিধা হয়ে গেছে। কত সহজে আজকাল কাজগুলো হয়ে যাচ্ছে। আমি দেখে স্তম্ভিত হয়ে যাই। এখন সাউণ্ড-এর লেবেলগুলো কম্পিউটারে কত সহজে হয়ে যাচ্ছে। একটা জায়গা থেকে আর একটা জায়গাতে কত সহজে চলে যাওয়া যাচ্ছে। 'স্টপার'-এ জ্ঞানেশদা যেটা করেছিলেন, বড় ফুটবলার হওয়ার স্বপ্ন ছিল কিন্তু হতে পারেননি । কিন্তু ফুটবল ছিল ধ্যানজ্ঞান । আমি সত্যি সত্যি ফুটবল নিয়ে করতে গেলাম recording। এমন ধপ্ ধপ্ করে আওয়াজ হতে লাগল যে, সমস্ত সিন্টা মাঠে মারা গেল। তাই কী করব কী করব ভাবতে-ভাবতে রবারের বল দিয়ে রেকর্ড করলাম । যদি আপনি সমুদ্রের গর্জন নিয়ে রেকর্ড করেন কখনই সমুদ্রের গর্জন বলে মনে হবে না, মনে হবে ফ্যাক্টরীর আওয়াজ। ওটা যদি অন্য কোনও ভাবে তৈরি করেন তবে অনেক ভাল হবে।

'কাঞ্চনজঙ্ঘা' ছবি মানিকদা করলেন। উচ্চবিত্তদের নিয়ে গল্প। গল্পটা কোথায় হচ্ছে—না পাহাড়ে, দার্জিলিংটাও আছে আবার উচ্চবিত্তরাও আছে। মিউজিকটা কি হবে থিমের মধ্যে দিয়ে তো সেটা ধরিয়ে দিতে হবে। অদ্ভুত নেপালি ফোক্ ব্যবহার করলেন নেপালি বাঁশি দিয়ে। তার সঙ্গে কতগুলো ওয়েস্টার্ন ভেঙ্গে দিচ্ছেন। গোটা থিমটা ধরে নিল।

আর একটা জায়গা যেমন ধরুন, সংলাপের মধ্যেই ডিটেল ছবি পাওয়া যাচ্ছে। 'হ্যালো', এইটা মি. সেনের অফিস ? 'সরি, এখন তাঁকে পাবেন না', 'তিনি বোর্ড মিটিং-এ আছেন' । শ্রোতা সহজেই বুঝতে পারলেন ঘটনাটি অফিস পাড়ার । যেমন ধরুন, 'বন্ধুগণ পাঁচবছর স্বাধীনতার পরও শ্রমিকরা আজও কিছু পাননি । সংগ্রাম ছাড়া আমাদের পথ নেই । হা-য়া- য়া- (এই রকম একটা শ্রোতাদের শব্দ), দাম না কমান পর্যন্ত আমরা কিছুতেই ফিরে যেতে পারি না । কাজে যেতে পারি না' । এই যে শ্রোতা বুঝল যে, কারখানার গেটে হচ্ছে। এখানে সাউণ্ড-এর এফেক্টটা লেবেলটার ওপর নির্ভর করে। জনতার আওয়াজ যদি বক্তার ওপরে চলে যায় বুঝতে হবে বক্তা ভালোভাবে জনতাকে নিয়ন্ত্রণ করতে পারছেন না। মনে করুন, কোনও বাড়িতে গেলে এই রকম সংলাপ আসতে পারে। 'আরে। আসুন welcome-welcome হুইস্কি না ব্রাণ্ডি ?' অথবা এই রকম প্রশ্ন আসতে পারে, 'আরে বসুন না। চা না কফি ?' অথবা 'ঘরে তো বিশেষ কিছু নেই। গরম ফুলুরী আছে, খাবেন ?' এই তিনটি সংলাপই আপ্যায়নের কিন্তু তিনটি ভিন্ন স্তরের পরিবারকে রিপ্রেজেন্ট করে।

সময়সীমা কী ভাবে করতে হবে ? বেতার নাটকে নির্ধারিত সময়সীমায় মূল রচনার কিছু ছাঁটকাট, সংযোজন করতে হয় । নায়ক-নায়িকার পারস্পরিক আসক্তি বোঝাতে দু-একটা লাইন দিয়ে, বর্ণনা দিয়ে, কাজ সেরেছেন নাট্যকার। তার অনুসরণে সূত্রধরের সাহায্য নিলে অনেক সময় নাটকের রসহানি হয়। এটা অজিতেশবাবু বলতেন। নাট্যকার যেই ম্যানেজ করতে পারল না অমনি সূত্রধর ঢুকিয়ে দিল । এটা নাটকের একটা দুর্বল দিক। লেখক দু-লাইনের উক্তিতে যা বোঝালেন তা প্রতিষ্ঠিত করতে গিয়ে যথাযথ সংলাপ তৈরি করতে হয় । কখনও ওইটুকু বোঝাতে গিয়ে সৃষ্টি করতে হয় একাধিক সিকোয়েন্স।আবার উল্টোদিকে যতই দামি কাপড় হোক না কেন পাঞ্জাবি তৈরির জন্য প্রয়োজনীয় পরিমাণ কাপড় সঠিক মাপের এবং আকৃতিতে কেটে কুটে নিয়ে বাদবাকি কাপড়ের ছাঁটগুলো ফেলে দিতে হয় । কারণ একটু নির্মম না হলে পাঞ্জাবির মাপটাই বেঢপ, হাস্যকর হয়ে যাবে। দুধ জাল দিয়ে ক্ষীর করার মতন বেতার নাটকে সেই একই সংলাপ হতে হয় অনবদ্য। একটা উদাহরণে আসা যাক। একটা মঞ্চ অভিনীত রহস্যের নাটকের সংলাপ উল্লেখ করা যাক । 'না-না, এ হতে পারে না' । কাকার দিকে এগিয়ে গেল—'কাকা, কাকা আমি আপনাকে সেই প্রথম থেকে কতবার বোঝাবার চেষ্টা করছি তবু কেন আপনি বুঝতে পারছেন না যে, ওই লোকটা আমার দাদা নয় । আমি বুঝতে পারছি না যে ও কে ?' 'সঞ্জীব, আমি তোমার কাছে এটা আশা করিনি। তুমি কেন তোমার দাদাকে অস্বীকার করছো। ভেরি স্যাড্ আমি সত্যিই খুব দুঃখিত। ছেলেবেলার তোমার সেই ব্রেনের অসুখটা এতদিন পর আবার নতুন করে দেখা দিল নাকি ?' হতাশ হয়ে দারুণ ভয় পেয়ে শঙ্করের দিকে তাকিয়ে এগিয়ে গেল পুলিশ অফিসার মিঃ দত্তর কাছে । 'মিঃ দত্ত, আপনি বিশ্বাস করুন! ও-ও-ও আমার দাদা নয় । আমি বুঝতে পারছি না আপনারা কেন সবাই মিলে ওর কথাই বিশ্বাস করছেন। আমি তো অনেকভাবে আপনাকে প্রমাণ দিয়েছি । আমার দাদা এক বছর আগে মারা গেছে । প্লিজ-প্লিজ আমাকে বিশ্বাস করুন' । হাত ধরে। মিঃ দত্ত হাতটা ছাড়িয়ে নেয় । 'মিঃ চৌধুরী, কেন আপনি আপনার দাদাকে বারবার চিনতে চাইছেন না ? সেই দিন আমি প্রমাণ করেছি উনি আপনার দাদা শঙ্কর চৌধুরী ।' 'না-না-না, যতভাবেই আপনি প্রমাণ করুন না কেন, আমি নিশ্চিত জানি আমার দাদা

শঙ্কর চৌধুরীর মৃত্যু হয়েছে। নার্স সুচরিতা দেবী আমার দাদাকে অ্যান্টেড্ করতেন তিনিও জানেন এ কথা। আমিও জানি। আ-আ- আমার চোখের সামনে আমার দাদার মৃত্যু হয়েছে। হ্যাঁ, আমি নিজে আমার দাদাকে মেরে ফেলেছি।' এই সিকোয়েন্সটা মঞ্চে হয়েছে। মঞ্চে ও রেডিওতে এই দুই মাধ্যমেই এ নাটকটি সফল। নাট্যকার প্রয়াত সুভাষ বসু। নিজেরই লেখা একটা নাটকে এই অংশটিকে বার দশেক কাটাকুটি করে বেতারের জন্য দাঁড় করালেন এই রকম ভাবে। 'কাকা, আপনিও কি এটুকু বুঝতে পারছেন না ওই লোকটা আমার দাদা নয়'। 'হ্যাঁ, তোমার দাদা।' 'আঃ কেন আপনি বুঝতে চাইছেন্ না মিঃ দত্ত, আপনি অন্তত বিশ্বাস করুন।' Finger print-এর রেজাল্টাই প্রমাণ করছে, উনিই আপনার দাদা শঙ্কর চৌধুরী।' 'না-না- বিশ্বশুদ্ধ লোক বললেও আমি তা মানব না যে, উনি আমার দাদা, আমার দাদা শঙ্কর চৌধুরীর মৃত্যু হয়েছে। নার্স সুচরিতা দেবী তার সাক্ষী। আমার সামনে আমার হাতে।' অনেকটা ওই দুধ জ্বাল দিয়ে ক্ষীর করার মতন-গল্প। উপন্যাসের বেতার নাট্যরুপে ভাবনা-চিন্তাটা প্রায় চারগুণ বাড়ে। কাহিনির মূল সুরটি হৃদয়ঙ্গম করা, যত কম সংখ্যক চরিত্রের মাধ্যমে কাহিনিকে সাজানো, শুরু থেকেই দু-এক মিনিটের মধ্যেই স্থান-কাল-পাত্র, মূল রহস্যটা ধরিয়ে দেওয়া। যেমন, ফোন বাজছে, রিসিভার তোলার শব্দ, গম্ভীর কণ্ঠ 'হ্যালো, শুনুন আমি অমুক নাম্বার অমুক জায়গা থেকে বলছি। একটা বিশ্রী ঘটনা, একটা মানুষ মানে আমার স্ত্রী, আমি ক্লাব থেকে বাড়ি ফিরে দেখি তিনি – তার মৃতদেহ পড়ে রয়েছে। রাত দেড়টা না দু'টোর সময় এতবড় ফাঁকা বাড়িতে একলা একটা ডেড বডি—সঙ্গে এত রক্ত এত নারভাস লাগছে না আমার, এত বীভৎস বডিটা'। গম্ভীর কণ্ঠ, 'তবু ওই ভাবেই পাঁচ মিনিট বসে থাকুন। কাউকে ঢুকতে দেবেন না ঘরে। শুনুন, কোনও কিছুতে হাত দেবেন না, আমরা যাচ্ছি।' রিসিভার রাখার শব্দ, সাইরেন বাজিয়ে পুলিশের গাড়ি ছুটে আসছে। কিন্তু উপন্যাসে লেখা হয়েছে এইভাবে—ঘন সবুজরঙের বেবী অস্টিন এসে দাঁড়াল অমুক বাড়ির সামনে। আবছা আলো-আঁধারিতে নামলেন মিঃ অমুক। একি! সদর দরজা ভেজান কেন? এমন তো থাকে না। ঘন্টা বাজাবার পর কেউ এসে খুলে দেয়। বেশির ভাগ ক্ষেত্রে মিসেস অমুকই দরজা খোলেন। দরজা ঠেলে অন্ধকার হল ঘরটায় প্রবেশ করলেন মিঃ অমুক। সঠিক জায়গাটাতে সুইচ টিপলেন। একি! মিসেস অমুকের গায়ে রক্ত ভেসে যাচ্ছে যে, মুখখানা দেখে চেনা যাচ্ছে না। কি করবেন এখন উনি। হ্যাঁ পুলিশকে জানান দরকার। উৎকণ্ঠিত কম্পমান বিহ্বল মিঃ অমুক কাঁপা হাতে ডায়াল করলেন, পাঁচ-সাত মিনিটের মধ্যেই হেড কোয়ার্টারস থেকে সার্জেন্ট দলবল নিয়ে এসে পড়লেন। এই পুরো ঘটনাটাকে নাটকে নিয়ে যেতে, রেডিওতে যখন আনতে হয় তখন কতটা কাঁটছাঁট করে, কতটা ছোট করতে হয় তা এখানে দেখান হয়েছে। 'একা-একা' বলে একটা নাটক আমি করেছিলাম। তখন নাটকটা খুবই জনপ্রিয় হয়েছিল। মনোজ মিত্র-র নাট্যরূপ। বিমল করের গল্প, পরিচালনা করেছিলেন অজিত মুখোপাধ্যায়। এই নাটকের কাস্টিং এই রকম ছিল– আমরা প্রবাসে থাকি, বেনারস ওইদিকে উত্তরপ্রদেশে, আমার বাবার চরিত্র করেছিলেন বসন্ত চৌধুরী, আমি ওনার ছেলে। মঞ্জু দে এখানে কলকাতায় থাকতেন। মঞ্জুদের মেয়ে হচ্ছে জ্যোৎস্না বিশ্বাস আর ছিলেন পঞ্চানন ভট্টাচার্য, এই পাঁচজনের চরিত্র ছিল। মনোজদা খুব সুন্দর নাট্যরূপ দিয়েছিলেন। উনি দর্শনের অধ্যাপক ছিলেন। তাই দর্শনের জায়গাগুলো জুড়ে দিয়েছিলেন। বিমল করের গল্পটাকেও প্রায় অতিক্রম করে গিয়েছিলেন মনোজদা। অসাধারণ ভাবে শ্রোতা নিয়েছিল ওটা। তো ওইখানে বসন্ত চৌধুরী বাবা ছিলেন এবং ওনার স্ত্রী নেই—মারা গেছেন। এদিকে মঞ্জু দের বাড়িতে আমি চোখ দেখাতে গেছি। আমার চোখটা খুব খারাপ ছিল। মঞ্জুদের স্বামী নেই। বিধবা মহিলা, ওদের দু-জনের মধ্যে, মানে বসন্ত চৌধুরী ও মঞ্জুদের মধ্যে, এক সময় একটা রিলেশন ছিল কিন্তু অন্যত্র দু'জনের বিয়ে হয়ে গেছে। কিন্তু আজকে এই এতদিন পর ছেলেকে নিয়ে তিনি মঞ্জুদের বাড়িতে ছেলের চোখ দেখাতে এসেছেন। ছেলেটা একটু অন্যরকম ইন্‌টোর্ভাট আর মঞ্জুদের মেয়ে হচ্ছে ভীষণ এক্সটোর্ভাট। প্রথম থেকেই আমার চোখ নিয়েই গোটা নাটকটা। ধীরে ধীরে আমার চোখটা, আমি অন্ধত্বের দিকে প্রায় এগিয়ে যাচ্ছি। আমার একটা ডায়লগ ছিল। 'আমার চশমাটা কোথায় গেল পিসিমা?' এই ভাবে আমার এন্ট্রি ছিল এই নাটকটার মধ্যে। থিয়েটারে চলা-ফেরা তাকানো, পোশাক, অমুক-তমুক, মেকআপ এ সব তো বেতার নাটকে কিছু নেই। শুধু আমার গলা আছে। Voice and voice alone. এ ক্ষেত্রে আমি ছবিটাকে কি করে আনব? আমার কাকা প্রেমাংশু বসু এবং মঞ্জু দে বললেন, প্রথম থেকেই তোমাকে বোঝাতে হবে তোমার চোখের ব্যাপারে অসুবিধা আছে। হেল্পলেস চশমা ছাড়া। 'আমার চশমাটা কোথায় গেল পিসিমা-পিসিমা-পিসিমা-।' এমন ভাবে বলছি যেন আমার আন্‌কম্পফর্টেবল লাগছে। আমি 'নিঃসঙ্গতা' বলে একটা নাটক করেছিলাম, সেটা নিরুপ মিত্র-র রচনা। নাটকটার থিম আউটস্ট্যান্ডিং, সেটাতে ছিল কি, ছেলেটাকে স্কুলে মাস্টারমশাই খুব বকাঝকা করত। মাস্টারমশাই গেঁয়ো মতন ছিলেন। ইংরেজিতে ভালো ছিলেন। বিপিনকে বলতেন বি-পি-পিন। এক অদ্ভুত চরিত্র। ছাত্ররা ওই ভদ্রলোককে ব্যঙ্গ করে কিছু কথা বলেছিল। আমি তাদের লীডার ছিলাম। আমরা দু-তিনজন ছিলাম। মাস্টারমশাই শেষ পর্যন্ত আত্মহত্যা করেন, গলায় কাপড় দিয়ে। সুইসাইড নোট তিনি লিখে জানান যে, 'আমার মৃত্যুর জন্য কেউ দায়ী নয়। আমার ছাত্ররাও কেউ দায়ী নয়।' এরপর যখন লেখাটা এরা দেখে, তখন আমার চরিত্র উন্মাদ হয়ে যায়। আমি তখন বনজঙ্গলে ঘুরে বেড়াই। এক অসাধারণ চরিত্র। এর পরে কালীদার সঙ্গে (মাস্টারমশাই-এর চরিত্রে ছিলেন কালী বন্দ্যোপাধ্যায়) ফ্ল্যাশব্যাক-এ সিকোয়েন্সটা আসছে। অরুণ মুখোপাধ্যায়, 'বহুরূপী'র এই লিডার চরিত্রটাতে অভিনয় করছিলেন। আমাকে ওই রোলটা অজিতবাবু দেননি। যাই হোক দেননি বলে মনটা আমার খুব খারাপ ছিল। রেকর্ডিং-এর আগে অরুণবাবুর গলাটা ধরে গেল। উনি বললেন, 'পারব না'। উনি দু-দিন রিহার্স্যাল দিয়েছিলেন। উনি করলেন ছোট একটা পাঠ। তখন আমিও বললাম, 'পারব না। আপনি রেকর্ডিং ক্যানসেল করুন। আমার পক্ষে সম্ভব নয়'। অজিতদা তখন আমার নামে স্টেশন ডিরেক্টরকে বলতে গেছেন। দিলীপ বিশ্বাসকে গিয়ে বললেন, জগন্নাথ করতে চাইছে না। আমার রেকর্ডিং ডুবে গেল। তখন deviation সাংঘাতিক ছিল। এখনকার মতন নয়। এখন deviation হলে কেউ পাত্তাও দেয় না। আগে ডিরেক্টরও সাংঘাতিক ছিল। আমার পড়া নেই, কালীদা একটু দেখে দিলেন। দু'চারবার পড়ার পর অজিতদা বললেন, টেক্ করব। আমি কালীদার সঙ্গে অভিনয় করতে গিয়ে প্রায় ঠক্ ঠক্ করে কাঁপছিলাম। এই যে কথা বলতে গিয়ে বার বার আটকে যাচ্ছে। স্ক্রিপ্ট-এ কিন্তু ছিল না। অদ্ভুত ভাবে কালীদা অভিনয়

করলেন। এর পর আমার বিবেক দংশনের বড় সংলাপ ছিল। তৃপ্তিদি এসে আমাকে অভিনন্দন জানালেন। রেডিও নাটকে এমন কতকগুলো জায়গা আছে কল্পনার জায়গা। না দেখানোতে অন্য একটা মজা আছে। কত সময় বললে হাসবেন। এই যেমন উর্মিমালাকে নিয়ে একটা অনুষ্ঠানে গিয়েছি। একটা অল্পবয়সী মেয়ে খালি বলছে, 'আপনি এতো বড় কেন' ? কি বলব! আমি বললাম, 'কি করব আমার বয়স এমন হলে' । ও ভেবেছিল একটা অল্পবয়সী ছেলে হবে। ও যেটা ভেবেছিল সে রকম হয়েনি ওর কল্পনা ভেঙ্গে গিয়েছিল। এর থেকে বোঝা যায় রেডিও নাটক একটা কল্পনার জগৎ দিতে পারে। একটা অদ্ভুত আবেগ তৈরি করতে পারে রেডিও নাটক।

এবার টেক্‌নিক্যাল দিকগুলো বলি । যেমন ধরুন, প্রথম যখন নাটকটা পেলাম তখন তার কাস্টিং-এর ব্যাপারে চিন্তা-ভাবনা করতে হয়। রেডিওতে কতকগুলো ইনডেক্স কার্ড থাকে। সেই কার্ডগুলোতে লেখা থাকে এই কণ্ঠটা এই রকম, ওই কণ্ঠটা ওই রকম । সেই কার্ডগুলো আমাদের নিজস্ব কার্ড। আমাদের কতকগুলো টার্মস আছে। সেগুলো এখন ব্যবহার হয় কিনা জানি না রেডিওতে। তাতে ফীজ্ লেখা থাকে। এই কার্ড অন্যের হাতে যাবে না মানে, আমরা জানাতে চাই না কার কত ফীজ্। আর ওখানেই লেখা থাকত এই ভয়েসটা হিরোইনের ভয়েস-এর মতন। কোনও জায়গায় লেখা থাকত এটা হিরোইনের বোনের ভয়েস। কোনওটাতে ভিলেনের মতন ভয়েস এই সব কার্ড দেখে কাস্টিং হত। যাই হোক আমাদের মাথায়ও থাকত কার কি ধরনের ভয়েস। ধরুন একটা নাটকে একটা মেয়েদের কমনরুম। অল্পবয়সী মেয়েরা কথা বলে যাচ্ছে। সবগুলো ইয়ং মেয়ের গলা, সবটা গুলিয়ে যায়, চারটে ভয়েস চার রকম নিতে হয় তখন। একটা একটু বেস্-এ গলা। একটা husky গলা যাতে একটার সঙ্গে আর একটার difference বোঝা যায়। নাট্যকার একটু অসন্তুষ্ট হলেও একটু নাম ধরে ডাকাটা allow করতে হয়। যেটা স্টেজে করার দরকার নেই। টেলিভিশনে করার দরকার নেই। কাস্টিং হবার পর প্রথমে প্রযোজক কাস্টদের নাটকটা শোনান—সেটাই উচিত। এটা আমি জার্মানীতে গিয়েও দেখেছি। আমি একমাস ড্রামা কোর্স-এ গিয়েছিলাম। ওদের সঙ্গে অভিনয়ও করেছিলাম ইংরেজিতে, আর ওদের সঙ্গে কাজের অভিজ্ঞতাটাও থেকে গেছে। ওরা যে ভাবে কাজ করে, আমাদের এখানে ওই ভাবে কাজ করার স্কোপ নেই। রেডিও নাটকে আগে বুঝে নিতে হবে যে, পরিচালক কোন্ কোন্ জায়গায় ক্ল্যাইম্যাক্স চাইছেন। কোন্ কোন্ জায়গায় একটু স্পীড চাইছেন, ধীর স্থির কোথায় চাইছেন । পরিচালক ভালো অভিনেতা নাও হতে পারেন। ধরেই নিচ্ছি, তিনি ভালো অভিনেতা নন । একবার অজিতেশবাবুর সঙ্গে আমার মতের মিল হয়নি । একটা নাটকে ওনাকে দিয়ে অভিনয় করাচ্ছিলাম। উনি ছিলেন আর ছিলেন সন্তু মুখোপাধ্যায়। পট্ করে আমি বললাম, এটা ওরকম হবে না। উনিও পট্ করে স্ক্রিপ্টা রেখে বললেন, 'তাহলে তুমি অভিনয় করে দেখিয়ে দাও' । হঠাৎ কেন রেগে গেলেন, আমাকে খুব ভালোবাসতেন। আমি বললাম, 'আমি যেটা দেখাব সেটা তো আপনার মতন দক্ষ অভিনেতার মতন হবে না তবে অপরকে দেখলে আপনি বুঝতে পারবেন আমি ঠিক কোন জিনিসটা চাইছি' । উনি দেখলেন, তারপর আমার পিঠ চাপড়ে বললেন, 'তুমি কি রাগ করেছো ?' মঞ্চ নাটকেও মেঘনাদবাবু নিশ্চয়ই প্রথমে কাস্টদের নাটকটা শোনান। তখন অভিনেতা-অভিনেত্রীরা বুঝে যান উনি আসলে কি চাইছেন। আমাকে তাহলে এই করতে হবে– ওই করতে হবে। রেডিওতে পার্ট distribute করে দেবার পর একটা রিহার্সাল হয়। আগে তো চারটে রিহার্সাল কম করে হত, এখন তো একদিন-দু'দিন পর লোকে আসতেই চায় না, একটা রিহার্সালের পর একদিন মাইক্রোফোন রিহার্সাল করতে হবে। এটা বলা যেতে পারে অনেকটা সেট্-লাইট, রিহার্সালের মতন। আপনি এই ভাবে দাঁড়াবেন, ওভারলাপ করবেন এই ভাবে। টেলিফোনে এত তাড়াতাড়ি কথা বলছেন কেন ? অপর পক্ষে যে কথা বলছে তার জন্য তো পজ্ নিচ্ছেন না ? সেই কল্পনাটা তো নেই, অনেকে আছে ভাবে না, ডায়লগ আছে বলে যাচ্ছে। এদের নিয়ে বড় মুশকিল। মাতালের কথা। মাতালের কতকগুলো স্তর আছে। একটা মাতাল যেমন বোতল নিয়েই বলে চলেছে, 'এই খোল না, খোল' । তখনও বোতলের ছিপিটাই খোলা হয়নি। যেহেতু মাতালের দৃশ্য জড়িয়ে কথা বলতে শুরু করেছে। খেলই না কিন্তু জানে চরিত্রটা তো মাতালের। মনন, ভাবনাচিন্তা এগুলো যদি বাদ দিই তাহলে এরকমই হবে। এই যে মস্তিকটাকে কাজে লাগায় না এগুলো বস্তাপচা– অচল। তেমন কণ্ঠেও নানান রকম শেড্ আছে সেটাকে কাজে লাগাতে হবে। মাথাটা খাটাতে হয়। শিশিরকুমার ভাদুড়ি 'প্রতাপাদিত্য' বলে একটা নাটকে অভিনয় করেছিলেন। একটা পর্তুগীজ জলদস্যু, সমস্ত ডায়লগগুলো তিনি এই ভাবে দুলে দুলে বলেছিলেন। ওনাকে একজন জিজ্ঞাসা করেছিলেন, 'আচ্ছা সারাক্ষণ আপনি এইভাবে দুললেন কেন বলুন তো ?' 'আহা, বুঝতে পারছো না সারা জীবন তো তার জলে কেটেছে জাহাজের মধ্যে। দুলুনি অভ্যেস হয়ে গেছিল।'

সাউণ্ড-এর ব্যাপারে বেশ যত্ন নিতে হয়। সাউণ্ড রেক্‌ডিস্টকে আগে থেকে বলে রাখতে হয় – কী কী লাগবে– না হলে অনেক সময় প্রয়োজনীয় শব্দ পাওয়া যাবে না। রেডিওতে একটা effects library আছে। যেমন ধরুন, ঝিঁ-ঝিঁ পোকা ডাকার শব্দ । সেটা মনে হবে গ্রামে রাত্রিবেলা ঝিঁ-ঝিঁ ডাকছে এবং যদি ঝিঁ-ঝিঁর সঙ্গে ব্যাঙ ডাকে, টিপ্-টিপ্ করে বৃষ্টির শব্দ পাওয়া যায় তাহলে হবে বর্ষাকাল। ধরুন শেয়াল কুকুরের ডাক আছে, ধরুন অন্ধকার, গভীর রাত্রি সাস্‌পেন্স এই রকম সব ব্যাপার আছে। রাত্রির অনেক ভাগ আছে। আপনি যদি সব রাত্রিতে শেয়াল কুকুরের ডাক দেন রাত্রির বারোটা বেজে যাবে। যদি রাত্রিটা প্রসন্ন হয় তবে শিয়াল কুকুরের ডাকে বারোটা বাজবে। তখন অন্য কিছু ভাবতে হবে যেমন ধরুন দূরে একটা স্টিম ইঞ্জিন চলে গেল। 'পুষ্পকীট' বলে একটা নাটকে, সুবোধ ঘোষের লেখা গল্প, আমি করেছিলাম 'হরবোলা' চরিত্রে। একজন 'হরবোলা' তার একটা মেয়ের সঙ্গে আলাপ হয়। নানা গল্প, মেলামেশার মধ্যে দিয়ে সময় চলে যায় কিন্তু ছেলেটা জানতেও পারে না যে, মেয়েটার বিয়ে ঠিক হয়ে গেছে অন্য একটা জায়গায় । যখন সে জানতে পারলো প্রথমে হাসল ছেলেটা তারপর বর বউ যখন গাড়ি করে চলে যাচ্ছে তখন, কুকুরের গাড়ি-চাপা পড়ার ডাক দিয়ে চলে গেল (হরবোলা ছিল তো) । এই ভাবে হরবোলা ছেলেটি তার যন্ত্রণাটা বোঝাল। 'হুদ' বলে নাটকটায় একটা কুকুর কামড়াচ্ছে। কুকুরটাকে ছাড়াবার চেষ্টা করতে কুকুরটার গায়ে পা তুলে দিল। তারপর পাথর দিয়ে কুকুরটাকে মারল। কুকুরটা মরে গেল। পর পর এই যে স্টেপগুলো এটা হরবোলার সাহায্য ছাড়া করা সম্ভব হত না। জোড়া দেবার অসুবিধা হত। এই সমস্ত সীন্ গুলো যখন করতে হয় তখন মাউক্রোফোন থেকে একটু দূরত্বে থাকতে হয়। মাইক্রোফোনের সামনে

যেতে নেই। মাইকের সামনে থাকলে এলোমেলো হয়ে যাবার চান্স আছে। মিউজিক দিয়েও কিন্তু দারুণ contrast তৈরি করা যায়। এক্ষেত্রে আমি প্রয়াত প্রবীর মজুমদারের নাম স্মরণ করব। সলিলদার অ্যাসিস্টেন্ট ছিলেন। খুবই talented ছিলেন। অজিতেশদার 'সওদাগরের নৌকা' নাটকে রেডিওতে ওঁনার দারুণ কাজ দেখেছি।

রেডিও নাটক একটা জিনিস করেছে—বহু মানুষ, অশিক্ষিত মানুষ, দৃষ্টিহীন মানুষ, গ্রাম্য নিরক্ষর মানুষের কাছে বাংলা সাহিত্যকে এবং বিশ্ব সাহিত্যকেও পৌঁছে দিয়েছে। যে কোনও দিন বঙ্কিমচন্দ্র-এর 'রজনী' পড়েনি সেও কিন্তু 'রজনী' গল্পটা জানে। রেডিও নাটকের দৌলতে বহু মানুষ গল্পগুলো জেনে গেছেন। গ্রাম-বাংলার মানুষরা যাঁরা এখানে এসে থিয়েটার দেখতে পারতেন না, তাঁরা তো রেডিও-র নাটকই শুনতেন। একসময় রেডিও খুব জনপ্রিয় ছিল, তার কোনও প্রতিদ্বন্দ্বী ছিল না। এখন সেই জনপ্রিয়তায় ভাঁটা পড়েছে। এখন টিভিতে যেমন অনেক চ্যানেল হয়েছে, রেডিওতেও অনেক কিছু হয়েছে যেটা আগে ছিল না। কিন্তু শুক্রবারের, রবিবারের নাটকগুলোর দিন আজ শেষ—তবুও কি বলা যায় রাতের সব তারাই আছে দিনের আলোর গভীরে!

জগন্নাথ বসু একজন প্রাক্তন অধিকর্তা, কলকাতা দুরদর্শন কেন্দ্র, নাট্যকার, পরিচালক এবং বাচিকশিল্পী।

দিনলিপির রবীন্দ্রনাথ ও বিভূতিভূষণ

মিত্রা বন্দ্যোপাধ্যায়

একজন লেখককে জানতে হলে অর্থাৎ তাঁর মানসিকতা বুঝতে হলে রোজনামচা বা দিনলিপির কোন বিকল্প নেই। আবার দিনলিপি থেকেই সৃষ্টি হয়ে যায় গল্প, ভ্রমণকাহিনী আত্মকথা ইত্যাদি। বিভূতিভূষণ এবং রবীন্দ্রনাথের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। এই দুই কালজয়ী মানুষের দিনলিপি সম্বন্ধে আলোচনা করা হলো এই প্রবন্ধে।

ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় বলেছেন,

> "বিভূতিভূষণের মধ্যে একটা গভীর আধ্যাত্মিকতার ধারা অন্তঃসলিলা ফল্গুনদীর মত বইত। তাঁর সাধারণ চলা-ফেরার ধরণ-ধারণে কথাবার্তায় সেটা তেমন প্রকাশ পেতনা, তিনি যেন নিতান্তই ঢিলে ঢালা আত্মভোলা সদানন্দ মানুষ ছিলেন।···তাঁর সাহিত্যিক প্রতিভার মুখ্য কথা হচ্ছে প্রকৃতি-সম্বন্ধে তাঁর একটা পূর্ণ আর সমগ্র অনুভূতি।"

বিভূতিভূষণের দিনলিপিগুলি পাঠ করলে তাঁর সম্বন্ধে একটা সার্বিক ধারণা করা যায়। সাহিত্যিক পরিমল গোস্বামী একটি চরম কথা বলেছিলেন– 'রবীন্দ্রনাথ ঠাকুর ও বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের পরে এ সাহিত্য এদেশে আর লেখা হয়নি, সম্ভবত আর কখনো হবেও না।'

দিনলিপির এক জায়গায় স্বয়ং বিভূতিভূষণ বলেছেন– 'কখনো সুখে, কখনো দুঃখে, গহন পর্বতারণ্যে বা জনকোলাহল মুখর নগরীতে, বিভিন্ন মানুষের সংস্পর্শে বা শান্ত নিঃসঙ্গতার মধ্যে মন যেখানে নিজেকে লইয়াই ব্যস্ত ছিল- এইসব রচনার সৃষ্টি সেখানে।'

অধ্যাপক প্রমথনাথ বিশী বলেছিলেন –'বিভূতিভূষণের এই দিনলিপি জাতীয় রচনাগুলি একদেহে রোজনামচা, ভ্রমণকাহিনী, গল্প ও আত্মচিন্তা। ···এই সব রচনার ফলশ্রুতি একটি পরিপূর্ণ রচনা পাঠের আনন্দলাভ।'

বিভূতিভূষণের জন্ম ২৮ ভাদ্র, ১৩০১ (১২ সেপ্টেম্বর, ১৮৯৪)। তাঁর জন্ম হয় মামার বাড়ি কাঁচড়াপাড়ার কাছে ঘোষপাড়া মুরাতিপুর গ্রামে। এখন সেই গ্রামের কোন অস্তিত্বই নেই। সেই স্থানে গড়ে উঠেছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। তাঁর পিতা মহানন্দ মাতা মৃণালিনী দেবী থাকতেন পূর্বে যশোর-এর বনগ্রাম মহকুমায় অবস্থিত ইছামতি নদীর ধারে বারাকপুর গ্রামে- যা বর্তমানে দেশভাগের পর উঃ চব্বিশ পরগনা জেলায় পর্যবসিত।

একজন লেখককে পুরোপুরি জানতে হলে অর্থাৎ তাঁর মানসিকতা বুঝতে হলে এই রোজনামচা বা দিনলিপির কোনো বিকল্প নেই। রবীন্দ্রনাথের ক্ষেত্রেও আমরা সেই সৌভাগ্য লাভ করেছি। তিনি পদ্মা নদীর পারে বোটে বসে কখন কী কী গান রচনা করেছিলেন তারও যেমন খোঁজ পাই আবার পিতার নির্দেশে কী ভাবে শিলাইদহের জমিদারী সামলাচ্ছিলেন তার খবরও পেয়ে যাই।

বিভূতিভূষণের দিনলিপির ক্ষেত্রেও সেই একই কথা। সেই সুদূর ভাগলপুরে জমিদারী এস্টেটের ম্যানেজার হিসাবে থাকাকালীন তাঁর মানসিক অবস্থার কথা যেমন জানতে পারি আবার 'অভিযাত্রিক' নামের দিনলিপিতে চট্টগ্রামে গিয়ে একাকী অত্যন্ত দুরূহ পাহাড় যাত্রা, সমুদ্রের নাবিক ও মাঝিমাল্লাদের জীবনের অদ্ভুত সব কাহিনী শোনা থেকে শুরু করে যাত্রাপথ সংক্ষিপ্ত করার জন্য দেশের বাড়ি থেকে বেড়িয়ে ঝোপজঙ্গলের ভিতর দিয়ে যাওয়ার সময় শেয়ালকাঁটা গাছের ফুলের ওপর হলুদ প্রজাপতির নৃত্য দেখে ধুলায় বসে পড়ে ঈশ্বরের আরাধনা করা – এই সবই আমরা তাঁর নিত্যদিনের লেখায় পেয়ে যাই। নিজের মৃত্যুর তিনদিন আগে পর্যন্তও বিভূতিভূষণ দিনলিপি লিখেছিলেন। তাঁরই দিনলিপি থেকে নিম্নে কিছু উদ্ধৃতি তুলে দিচ্ছি পাঠকদের অবগতির জন্য।

'আমি চাকরি উপলক্ষে এক বছর পূর্ববঙ্গ আরাকানের মংড়ু অঞ্চলে যাই। সে সময় রেলে স্টীমারে আমার অনেক অদ্ভুত ধরণের অভিজ্ঞতা হয়। অন্য কোনোভাবে এদের বলা যায় না, এই একধরণের ভ্রমণকাহিনী ছাড়া। . . .'

কলকাতায় বসে আছি, চাকুরি নেই – যদিও চাকুরির চেষ্টায় ঘোরাঘুরি করি।

একটি মাড়োয়ারী ফার্মের বাইরে দেখলুম বিজ্ঞাপন দেওয়া আছে। দুজন লোক তারা চায়। কোনোদিকে না চেয়ে সোজা ঢুকে পড়লুম আপিসের ভেতরে। আপিসটি স্বনামধন্য ব্যবসায়ী কেশোরাম পোদ্দারের। বিজ্ঞাপন দেখে এসেছি শুনে আপিসের দরোয়ান আমায় একটা ছোটো ঘরে নিয়ে গেল। সামনেই বসে ছিলেন কেশোরাম পোদ্দার। তখন অবিশ্যি চিনতুম না।

কেশোরাম পোদ্দার হিন্দিতে জিগ্যেস করলেন – আপনি কি পাস? বললুম, বি. এ. পাস করেছি ও বছর।

—কি জাতি ?

—ব্রাহ্মণ।

—বক্তৃতা দিতে পারেন?– কিসের বক্তৃতা ? ভালো বুঝতে পারলুম না, কিন্তু চাকুরির বাজার যেমন কড়া তাতে কোনো কিছুতেই হঠলে বা ভয় খেলে চাকুরি প্রাপ্তির যা-ও সম্ভাবনা ছিল তাও তো গেল। এ অবস্থায় বক্তৃতা তো সামান্য কথা, কেশোরামজি যদি জিগ্যেস করতেন নাচতে জানেন ? তা হলেও আমার মুখ দিয়ে হাঁ ছাড়া না বেরুতো না।

সুতরাং বললুম জানি। –আচ্ছা, আপনার ঠিকানা দিয়ে যান। কাল

বেলা দশটার সময় আসবেন।

পরদিন বেলা দশটার সময় কেশোরামবাবুর আপিসে গিয়ে দেখি লোকে লোকারণ্য। আমার মতো আরও পঞ্চাশ-ষাটটি বেকার কেশোরামবাবুর খাস বাইরের হলে অপেক্ষা করছে। এরা সবাই বক্তৃতা দেবে। বুঝলাম সবারই মরীয়া অবস্থা। বক্তৃতাই সই। . . .

অবশেষে আমার ডাক পড়লো। কেশোরামজি দেখলুম তাঁর খাস কামরায় নেই, ওদিকের বারান্দায় দূর কোনে একখানা চেয়ারে তিনি বসে।

কাছে যেতেই বললেন, আপনি কিছু বলুন–

—ইংরিজিতে না বাংলাতে ?

—বাংলায় বলুন

ইউনিভার্সিটি ইন্‌স্টিটিউটের আবৃত্তি প্রতিযোগিতার জন্যে বঙ্কিমচন্দ্রের লেখা খানিকটা মুখস্থ করেছিলাম। মনেও ছিল। সামনের থামের দিকে চেয়ে মরীয়ার সুরে তাই আবৃত্তি করে গেলুম। কেশোরাম খুশি হলেন। চাকুরি আমার হয়ে গেল।

পাঠকদের জ্ঞাতার্থে জানাই কেশোরাম পোদ্দারের 'গোরক্ষণীসভা'-র প্রচারকের চাকরি পেয়ে সেই সূত্রেই পূর্ব বাংলার বিস্তীর্ণ অঞ্চলে বিভূতিভূষণ ঘুরে বেড়িয়েছিলেন। বরিশাল, ফরিদপুর থেকে শুরু করে চট্টগ্রাম এবং সুদূর ব্রহ্মদেশের আরাকান ইয়োমা রেমুত পর্যন্ত চলে গেছিলেন অরণ্য দেখতে।

'অভিযাত্রিক' দিনলিপি থেকে আবার কিছু উদ্ধৃতি তুলে দিচ্ছি—

''আমার বন্ধু নীরদ (নীরদ সি চৌধুরী) আমার সঙ্গেই এসে থাকে। দুজনেরই অবস্থা সমান। কলকাতা থেকে বেরুনো হয়নি কোথাও অনেকদিন। নীরদ বললে—চল, কোথাও বেড়িয়ে আসি

রেলে কোথাও যাওয়া যায় বেশ ভেবে চিন্তে দেখলুম। দূরে কোথাও যাওয়া চলবে না, তত পয়সা নেই হাতে। সুতরাং আমি পরামর্শ দিলাম, মাটিনের ছোট রেলে চলো কোথাও যাওয়া যাক। সে বেশ নুতন জিনিস হবে এখন।

হাওড়া ময়দানে স্টেশনে ছোট লাইনে চেপে আমরা জাঙ্গিপাড়া কৃষ্ণনগরে রওনা হলুম। দুধারে যখন পড়লো ফাঁকা মাঠ আর বাঁশবন, আমবন'—আমাদের মন যেন মুক্তির আনন্দে নেচে উঠলো। . . .''

এইসময় বিভূতিভূষণ ৪১ নং মির্জাপুর স্ট্রীটের মেসে থাকতেন। সঙ্গে প্রখ্যাত নীরদ চন্দ্র চৌধুরী এবং 'ঠাকুমার ঝুলি'-র লেখক দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার ও থাকতেন। ওই স্থানে থাকার সময় এই তিন বন্ধুকে নিয়ে বেশ মজার কিছু ঘটনা আছে—তা বারান্তরে বলা যাবে। আবার আমরা দিনলিপিতে প্রবেশ করি—

''বেলা তিনটের সময় আমরা নামলুম গিয়ে জাঙ্গিপাড়া। দুজনে গ্রামের মধ্যে থেকে ঢুকলুম- বড় বড় বাঁশবন ঝোপঝাড় আর ছোটবড় পানাপুকুর চারিধারে।

বেলা তিনটের মধ্যে এমন ছায়া নেমে এসেছে যেন এখনি সন্ধ্যা হবে। আমরা একটা ময়রা দোকানে বসলুম—ময়রার সম্বল কালো দড়ির জালের পেছনে কলঙ্কধরা পেতলের থালার মাথায় সাজানো চিনির ডেলা সন্দেশ, তেলেভাজা, বাসি জিলিপি, কুচো গজা, চিঁড়ে মুড়কি আর বাতাসা।

কলকাতার বাবু দেখে ময়রা খাতির করে বসালে। নীরদ ইংরাজীতে বললে– যে রকম খাতির করলে এরপর নিতান্ত মুড়কি কেনা যায় না—উপায় কি ?

—এসো একটু চাল দেওয়া যাক—তুমিই আরম্ভ কর। ময়রাকে ডেকে নীরদ বললে—ওহে, ভালো সন্দেশ আছে ? ময়রা করুণ দৃষ্টিতে চিনির ডেলা সন্দেশের থালার দিকে চেয়ে বললে—আজ্ঞে খুব ভালো হবে না। একটু চিনি বেশি হবে—আপনাদের তা দেওয়া যায় না।

আমি চুপি চুপি বললুম—ময়রা আমাদের কি ভেবেছে হে ? দুজনের পকেট এক করলে খাবার বাজেট কত ? নীরদ উত্তর দিলে- সাত পয়সা। তার মধ্যে একটা পয়সা পান খাওয়ার জন্য রাখো—ছ' পয়সা।

আমি তখন তাচ্ছিল্যের সুরে বললুম—চিঁড়ে-মুড়কিই দাও তবে ছ' পয়সার, ও বরং ভালো, এসব জায়গায় বাজে ঘি তেল . . .''

এরকম লেখা দিনলিপির পাতা থেকে আরো অনেক তুলে দেওয়া যায় কিন্তু সে লোভ থেকে নিজেকে সংযত রাখছি কারণ রবীন্দ্রনাথের দিনলিপির কিছু পাঠও আমি এখানে দিতে প্রয়াসী হবো।

মহামানব রবীন্দ্রনাথের মৃত্যুর (১৯৪১) পরও তাঁর খ্যাতি তো কমেনি বরং উত্তরোত্তর বৃদ্ধিই হয়ে চলেছে। তাঁকে কোনো একদিক দিয়ে বিচার করা যায় না, এমনিই তাঁর বহুমুখী প্রতিভা। দেশবাসীকে নিয়েও তাঁর ভাবনাচিন্তার শেষ ছিল না। তাঁর বহু রচনার মধ্যেই আমরা এই দৃষ্টান্ত খুঁজে পাই। সে লেখা থেকে কিছু উদাহরণ নিম্নে দেওয়া গেল।

'রাশিয়ার চিঠি'-তে ৪ অক্টোবর, ১৯৩০ সালে লিখছেন—আতলান্তিক মহাসাগর রাশিয়া থেকে ফিরে এসেছি। চলেছি আমেরিকার পথে। রাশিয়া যাত্রায় আমার একটিমাত্র উদ্দেশ্য ছিল—ওখানে জনসাধারণের শিক্ষা-বিস্তারের কাজ কিরকম চলছে আর ওরা তার ফল কিরকম পাচ্ছে সেইটে অল্প সময়ের মধ্যে দেখে নেওয়া।

আমার মত এই যে, ভারতবর্ষের বুকের উপর যতকিছু দুঃখ আজ অভ্রভেদী হয়ে দাঁড়িয়ে আছে তার একটিমাত্র ভিত্তি হচ্ছে অশিক্ষা। জাতিভেদ, ধর্মবিরোধ, কর্মজড়তা, আর্থিক দৌর্বল্য-সমস্তই আঁকড়ে আছে এই শিক্ষার অভাবকে। সাইমন কমিশনে ভারতবর্ষের সমস্ত অপরাধের তালিকা শেষ করে ব্রিটিশ শাসনের কেবল একটিমাত্র অপরাধ কবুল করেছে। সে হচ্ছে, যথেষ্ট পরিমাণে শিক্ষাবিধানের ত্রুটি। কিন্তু আর কিছু বলবার দরকার ছিল না। মনে করুন যদি বলা হয়, গৃহস্থ সাবধান হতে শেখেনি, এক ঘর থেকে আর-এক ঘরে যেতে চৌকাঠে হুঁচট লেগে সে আছাড় খেয়ে পড়ে, জিনিসপত্র কেবলই হারায়, তার পরে খুঁজে পায় না, ছায়া দেখলে তাকে জুজু বলে ভয় করে, নিজের ভাইকে দেখে চোর এসেছে বলে লাঠি উঁচিয়ে মারতে যায়, কেবলই বিছানা আঁকড়ে পড়ে থাকে, উঠে হেঁটে বেড়াবার সাহসই নেই, খিদে পায় কিন্তু কোথায় আছে খুঁজে পায় না। অদৃষ্টের উপর অন্ধ নির্ভর করে থাকা ছাড়া অন্য সমস্ত পথ তার কাছে লুপ্ত, অতএব নিজের গৃহস্থালির তদারকের ভার তার উপর দেওয়া চলে না—তার পরে সবশেষে গলা অত্যন্ত খাটো করে যদি বলা হয়, আমি ওর বাতি নিবিয়ে রেখেছি—তাহলে সেটা কেমন হয় ?''

এই বিষয়ে রবীন্দ্রনাথ তাঁর মনের ক্ষোভ ব্যক্ত করতে ছাড়েননি।

উনি লিখছেন—

> "ওরা একদিন ডাইনি বলে নিরপরাধীকে পুড়িয়েছে, পাপিষ্ঠ বলে বৈজ্ঞানিককে মেরেছে। ধর্মমতের স্বাতন্ত্র্যকে অতি নিষ্ঠুরভাবে পীড়ন করেছে। নিজেরই ধর্মের ভিন্ন

> সম্প্রদায়ের রাষ্ট্রাধিকারকে খর্ব এ রেখেছে; এ ছাড়া কত অন্ধতা, কত মূঢ়তা, কত কদাচার, মধ্যযুগের ইতিহাস থেকে তার তালিকা স্তূপাকার করে তোলা যায়-এ সমস্ত দূর হল কী করে ? বাইরেকার কোনো 'কোর্ট অফ ওয়ার্ডস' এর হাতে ওদের অক্ষমতার সংস্কার-সাধনের ভার দেওয়া হয়নি; একটিমাত্র শক্তি ওদের এগিয়ে দিয়েছে, সে হচ্ছে ওদের শিক্ষা।''

রবীন্দ্রনাথ বারবারই 'শিক্ষা'র ওপর জোর দিয়েছেন। বহু জায়গাতেই বলছেন শিক্ষা ছাড়া এগোনর কোন উপায়ই নেই। সমগ্র পৃথিবী ঘুরে তিনি সম্যক উপলব্ধি করেছেন শিক্ষার ওপর ভিত্তি করে পৃথিবীর বহু দেশ কীভাবে নিজেদের সার্বিকভাবে অগ্রগতির পথে এগিয়ে যাওয়ার চেষ্টা করছেন। উনি বলছেন—

> ''জাপান এই শিক্ষার যোগেই অল্পকালের মধ্যেই দেশের রাষ্ট্রশক্তিকে সর্ব-সাধারণের ইচ্ছা ও চেষ্টার সঙ্গে যুক্ত করে দিয়েছে, দেশের অর্থ উৎপাদনের শক্তিকে বহুগুণে বাড়িয়ে তুলেছে। বর্তমাণ তুরস্ক প্রবল বেগে এই শিক্ষা অগ্রসর করে দিয়ে ধর্মান্ধতার প্রবল বোঝা থেকে মুক্ত করার পথে চলেছে। 'ভারত শুধুই ঘুমায়ে রয়'। কেননা ঘরে আলো আসতে দেওয়া হয়নি- যে আলোতে আজকের পৃথিবী জেগে সেই শিক্ষার আলো ভারতে রুদ্ধ দ্বারের বাইরে।''

রবীন্দ্রনাথ ও বিভূতিভূষণের দিনলিপিগুলির আমাদের মনের রুদ্ধ দুয়ারগুলিকে অনেকটাই উন্মুক্ত করে দেয়। সমকালীন বিষয়গুলিকে আমরা তাঁদের দৃষ্টির মাধ্যমে অবলোকন করতে পারি।

এই দুজন মহৎ মানুষের নিজেদের মধ্যে খুব সুন্দর একটি সম্পর্ক ছিলো—সে ব্যাপারে কিছু আলোকপাত করে আমি এই লেখাটির যবনিকা টানবো।

বিভূতিভূষণ খুব শিশুবয়সে তাঁর পাঠশালায় পড়ার সময় তাঁরই এক শিক্ষকের মুখে রবীন্দ্রনাথের 'শরৎ' কবিতাটির পাঠ শুনে এবং সে কবিতার যে অন্ত্যমিল, ধ্বনিমাধুর্য, তাঁর শ্রুতিতে যে সৌন্দর্য্যে ধরা দিয়েছিলো তা সারাজীবনেও ভুলতে পারেননি তিনি। পরবর্তিকালে যখন তাঁর পরিচয় ঘটলো তাঁর অতি প্রিয় এই মানুষটির সঙ্গে তা বহু লেখার মধ্যে দিয়ে তিনি প্রকাশ করেছেন। পরবর্তীকালেও যখন রবীন্দ্রনাথ বিভিন্ন জায়গায় বক্তৃতা দিতে আসতেন কোলকাতায় তাঁর প্রিয় শান্তিনিকেতন থেকে, ডেকে পাঠাতেন কয়েকজন মানুষকে তার মধ্যে বিভূতিভূষণও থাকতেন। রবীন্দ্রনাথ নিজের কিছু লেখা বা গল্পপাঠের আসরেও ডাক পাঠাতেন বিভূতিভূষণকে। বিভূতিভূষণের লেখা থেকেই আমরা কিছুটা দেখে নিতেই পারি সে সময়কালীন বিষয়টিকে–

প্রথম রবীন্দ্রনাথকে দর্শন করেন বিভূতিভূষণ সেন্ট পলস্ কলেজে হোস্টেলের সামনের মাঠে। দর্শনার্থীদের ভিড়ের ভিতর বিভূতিভূষণও দাঁড়িয়ে আছেন। তিনি এলেন ভিড়ের মাঝখানের সরু পথটি দিয়ে। বিভূতিভূষণের মনে হলো আগের দেখা কোনো ছবিতেই রবীন্দ্রনাথের ঠিকঠাক রূপটি ফুটে ওঠেনি। তিনি লিখছেন—'কি একটি অনন্যসাধারণ দীপ্তদৃষ্টি চোখ, চিবুকের নীচে শ্মশ্রুরাজির বাঁকা ভার। একেবারে তাঁর কাছ ঘেঁষে দাঁড়িয়েছি। তাঁর অতটা নিকট সান্নিধ্য লাভের আনন্দে তখন আমি আত্মহারা। সেই রবীন্দ্রনাথ ঠাকুর; ছেলেবেলায় তাঁর কবিতা গগন পালের মুখে প্রথম শুনে মুগ্ধ হই।'

রবীন্দ্রনাথ বক্তৃতা দিতে উঠলেন। বিভূতিভূষণ মন্ত্রমুগ্ধের মতো তাঁর মুখের দিকে তাকিয়ে আছেন। এমন অসাধারণ কণ্ঠস্বর তিনি আর কখনোও শোনেননি। রবীন্দ্রনাথের বক্তৃতার আর কোনো কথাই বিভূতিভূষণের মনেছিলো না। শুধু মনেছিলো রবীন্দ্রনাথ তাঁর বক্তৃতার একটি কথা ডানহাতের চাঁপার কলির মতো আঙ্গুলের সাহায্যে সুশ্রী মুদ্রা রচনা করে বলেছিলেন, ''কল্পলোক . . . কল্পলোক''।

১৯৩৩ সালের ১লা মে রবীন্দ্রনাথ বিভূতিভূষণকে তাঁর নাটক 'বাঁশরি' শোনাবার জন্য ডেকে পাঠান। বিভূতিভূষণ তাঁর দিনলিপিতে লিখছেন, 'স্কুল থেকে টাকা নিয়ে বঙ্গশ্রী। সেখানে গিয়ে শুনি রবীন্দ্রনাথ আমার সন্ধান করেছেন-রবীন্দ্রনাথ নতুন নাটক পড়বেন-বলেছেন বিভূতিকে আনা চাই।'

১৯৪১ সাল (১৩৪৮, ২২ শ্রাবণ) বিভূতিভূষণ মির্জাপুর স্ট্রীটে থাকাকালীন শুনলেন রবীন্দ্রনাথ আর নেই। শুনেই তিনি জোড়াসাঁকোয় গেলেন। সেখানে ভিড়ে উনি ঢুকতে পারলেন না, স্কুলে গিয়ে শুনলেন রবীন্দ্রনাথ ১২টা ১৩ মিনিটে গত হয়েছেন। স্কুলের শিক্ষকদের ও ছাত্রদের নিয়ে হেঁটে তিনি কলেজ স্কোয়ার হয়ে গিরীশপার্ক এর কাছে গিয়ে দাঁড়ালেন। কিছুক্ষণের ভিতর বিরাট জনতা ঠেলতে ঠেলতে চিত্তরঞ্জন এভিন্যু হয়ে চললো। বিভূতিভূষণ শেষবারের মতো দেখার সুযোগ পেলেন। দিনলিপিতে লিখলেন– ''তারপর ট্রেনে চলে এলুম বনগাঁ। শ্রাবণের মেঘনির্মুক্ত নীল আকাশ ও ঘন সবুজ দিগন্ত বিস্তীর্ণ ধানের ক্ষেতের শোভা দেখতে দেখতে কেবলই মনে হচ্ছিল—

> গগনে গগনে নব নব দেশে রবি
> নব প্রাতে জাগে নূতন জনম লভি—

অনেকদিন আগে ঠিক এই সময়ে রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র' পড়তে পড়তে ব্যারাকপুর ফিরছিলুম—মায়ের হাতের তালের বড়া খেয়েছিলুম, সে কথা মনে পড়ল।''

মিত্রা বন্দ্যোপাধ্যায় কথাসাহিত্যিক ৺বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের পুত্রবধু ও সাহিত্যিক ৺তারাদাস বন্দ্যোপাধ্যায়ের সহধর্মিনী। তিনি একজন রবীন্দ্রসংগীত শিল্পী এবং রবীন্দ্রসংগীতে ডক্টরেট।

অতুলপ্রসাদ সেনের আধ্যাত্মিক গান, তার চিত্রকল্প বিশ্লেষণ

সায়নী চ্যাটার্জী

অতুলপ্রসাদ সেন নিষ্ঠাবান ব্রাহ্ম হয়েও হরিনাম করতে মোটেও পিছপা হননি। শিল্পী মাত্রেরই ব্যক্তিগত জীবনে অভিঘাত থাকে। অতুলপ্রসাদের সৃষ্টিতে সম্ভবত তাঁর ব্যক্তিগত জীবনের অভিঘাত খুবই উচ্চারিত আর সেইজন্যই অতুলপ্রসাদের অনেক গানই একটি দৃষ্টিকোণ থেকে autobiographical বা আত্মজীবনীমূলক। এই প্রবন্ধে বিশেষ কয়েকটি গানের বিশ্লেষণ করা হয়েছে।

অতুলপ্রসাদের বাবা নিষ্ঠাবান ব্রাহ্ম ছিলেন। অতুলপ্রসাদ নিজেও সারা জীবন ব্রাহ্মধর্মের সঙ্গে বা বিভিন্ন ব্রাহ্মসমাজের অনুষ্ঠানের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রাখতেন। কারো কারোর মতে রামমোহন খ্রিষ্টান ধর্মের দ্বারা প্রভাবিত হয়ে হিন্দুদের মূর্তি-পূজাকে অস্বীকার করেছেন। একেশ্বরবাদী হয়েছেন। বলা বাহুল্য, ব্রাহ্মসমাজের প্রচারে বিজয়কৃষ্ণ গোস্বামীকে সমাজ থেকে অপসারিত করার চেষ্টা হয়েছিল এই অভিযোগে যে তিনি তাঁর প্রবচন দেবার সময় শ্রীহরির নাম উল্লেখ করতেন। আমরা একটি বইতে পাই "a resolution forbidding the use of the name 'Hari' in the Sadharan Brahmo-samaj was passed compelling Pandit Bejoy Krishna Goswami to give up his preaching from the pulpit"।[১]

অতুলপ্রসাদ সেকালের একজন সফল ব্যারিষ্টার ছিলেন। বিজয়কৃষ্ণ গোস্বামী সম্পর্কে ব্রাহ্মসমাজের এই মন্তব্য, আমরা অনুমান করি, তাঁর অজানা ছিল। কিন্তু তৎসত্ত্বেও তিনি নিষ্টাবান ব্রাহ্ম হয়েও হরিনাম করতে মোটেই পিছপা হন নি।

'হরি হে, তুমি আমার সকল হবে কবে' অতুলপ্রসাদের আধ্যাত্মিকতা বোঝার জন্য আমরা গানটিকে যথাযথ উদ্ধৃত করছি—

"হরি হে, তুমি আমার সকল হবে কবে ?
আমার মনের মাঝে ভবের কাজে
মালিক হয়ে রবে কবে?
আমার সকল সুখে সকল দুখে
তোমার চরণ ধরব বুকে,
কণ্ঠ আমার সকল কথায় তোমার কথাই ক'বে ॥
কিনব যাহা ভবের হাটে;
আনব তোমার চরণ বাটে;
তোমার কাছে হে মহাজন, সবই বাঁধা রবে কবে?
আমি স্বার্থ প্রাচীর করে খাড়া
গড়ব যখন আপন কারা
বজ্র হয়ে তুমি তারে ভাঙবে ভীষণ রবে ॥
পায়ে যখন ঠেলবে সবাই,
তোমার পায়ে পাইব ঠাঁই;
জগতের সকল আপন হতে আপন হবে কবে?
শেষে ফিরব যখন সন্ধ্যাবেলা
সাঙ্গ করে ভবের খেলা
জননী হয়ে তখন কোল বাড়ায়ে লবে ॥"[২]

গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন—

"যো মাং পশ্যতি সর্বত্রং সর্বং চ ময়ি পশ্যতি"[৩]

যে আমাকে সব কিছুতে দেখে এবং সব কিছুকে যে আমার মধ্যে দেখে সেই আমাকে পায়। শ্রীকৃষ্ণ আরও বলেন, যে সকল কর্ম করে সে আমার জন্যই করে। যে আমাকে পরম বলে জানে যে সমস্ত সঙ্গ পরিত্যাগ করে কেবলমাত্র আমার ভক্ত।

উদ্ধৃত গানটিতে অতুলপ্রসাদ যখন বলেন "আমার মনের মাঝে ভবের কাজে মালিক হয়ে রবে।" তখন তিনি প্রকৃত প্রস্তাবে একমাত্র শ্রীহরির দেওয়া কাজ করার আকাঙ্খা প্রকাশ করেছেন। শ্রীকৃষ্ণ বলেছিলেন 'যা কিছু করবে কেবলমাত্র আমারই কাজ'। অতুলপ্রসাদ বলেন, 'আমি তো তোমারই কাজ করতে চাইছি। কবে তুমি আমার মনের ভেতর চেয়ার পেতে আমার জাগতিক সকল কাজকে নিয়ন্ত্রণ করবে'। শঙ্কারাচার্য শিব মানস পূজার স্তোত্রে বলেন' 'স্তোত্রানি সর্বা গিরো' আমার সকল বাক্যই হোয়ে উঠুক।[৪] অতুলপ্রসাদ বলেন 'কণ্ঠ আমার সকল কথায় তোমার কথাই কবে।'

ঈশ্বরের কথা ছাড়া অতুলপ্রসাদ অন্য কথা বলতে চান না, ভাবতে চান না। আর এই ব্যাপারে তিনি ঈশ্বরের সহায়তা প্রার্থনা করেন। অতুলপ্রসাদের দর্শন অনুসারে আমরা সকলেই ঈশ্বরের সান্নিধ্য থেকে বিচ্ছিন্ন হয়েছি। স্বার্থবোধে চালিত আমরা সকলেই আপন আপন স্বার্থ অনুসরণ করে আমাদের চারধারে একটি করে কারাগৃহ নির্মাণ করেছি এবং সেখানে আমরা আর্তনাদ করি। এই স্বার্থবুদ্ধিকে ব্যক্তি সহজে দূর করতে পারে না। একমাত্র স্বয়ং ভগবান বজ্রের সহায়তায় সেই কারা দেওয়াল ভাঙতে পারেন। সমকালীন কবি নজরুল ইসলাম বলেছিলেন—

'ভাঙ ভাঙ ভাঙ কারা আঘাতে আঘাতে কর।' অতুলপ্রসাদ বুঝি বলেন যে, কারাগৃহে আমরা আবদ্ধ আছি, সে তো আমাদেরই রচনা। সেই কারার দেওয়াল একমাত্র করুণাময় ঈশ্বরের বজ্রাঘাতেই ভাঙতে পারে,

'আমি স্বার্থ প্রাচীর করে খাড়া

গড়ব যখন আপন কারা
বজ্র হয়ে তুমি তারে ভাঙবে ভীষণ রবে' ॥

ব্যক্তিগত জীবনে পারিবারিক—ব্যাপারে অতুলপ্রসাদ খুব একটা সুখী ছিলেন না। অতুলপ্রসাদের দাম্পত্য জীবনের অবস্থাটা উপলব্ধি করার উদ্দেশ্যে বিনয়েন্দ্রনাথ দাশগুপ্তের 'অতুলপ্রসাদ' গ্রন্থটি থেকে একটি বিস্তৃত উদ্ধৃতি উপস্থাপনা করছি।

"একদিন বিশ্ববিদ্যালয়ের কর্মসমিতির অধিবেশনের পর তাঁকে একটু বেশি কর্মক্লান্ত দেখে জিজ্ঞাসা করলাম, কেমন আছেন? একটু যেন ক্লান্ত ও চিন্তিত দেখাচ্ছে—সব ভাল তো? তিনি বললেন—হ্যাঁ, না একটু ইতস্তত করলেন এবং পরক্ষণেই বললেন,—বুঝেছ, আজ সব শেষ হয়ে গেল, এ পাঁচ মাসে যা ঠিকঠাক হয়ে গেছে বলে এক স্বস্তি এসেছিল, আজ বোধ হয় তা সব ভেঙ্গেচুরে শেষ হয়ে গেল। মিসেস বোধহয় আর আমার এখানে থাকবেন না – জানি না, বাড়ী গিয়ে কি দেখবো—কিন্তু আমার যেন মনে হচ্ছে তাঁর পুরানো ব্যারাম এখনো যায়নি। আমার স্ত্রী কোনদিনই আমার মাকে ও বোনদের সহ্য করতে পারতেন না—তবুও সেই অসুস্থ অবস্থায় উপায়হীন হয়ে আমার ছোট বোন ছুটকীকে (প্রভা) অনুরোধ করে শুশ্রুষার ভার এবং আমার বাড়ীঘর চালাবার ভার দিয়েছিলাম যাতে আমার দৈনন্দিন জীবন ও আদালতের কাজ অব্যাহত থাকে। এতদিন তো ভালই চলছিল, কিন্তু এই কয়েক সপ্তাহ পূর্বে মিসেস সেন বলে বসলেন, দিলীপের কাছে নৈনিতে একটা ভাল বেয়ারাকে পাঠাতে হবে এবং চেয়ে বসলেন আমার খাস বেয়ারাকে (যে আমার আদালতের প্রস্তুতির জন্য সমস্ত সাজসরঞ্জাম করে দেয়) পাঠিয়ে দিতে। আমি অবাক হয়ে গেলাম, আপত্তি করলাম এবং বললাম তাতে আমি অচল হয়ে পড়বো—অন্য বেয়ারাকে পাঠিয়ে দেওয়া যাক। কিছুতেই তিনি রাজী হচ্ছিলেন না, শেষে আমি জোর করে অন্য বেয়ারাটিকে পাঠিয়ে দিলাম। তারপর কয়েক সপ্তাহ কেটে গেল—আজ বোধ হয় তিনি বেশ ভাল বোধ করেছিলেন, হুইলওয়ালা চেয়ার ঘুরিয়ে একবার সামনের ঘরে ঢুকলেন সে, ঘরে আমার মায়ের বড় একখানা সুন্দর তৈলচিত্র উপরে ঝুলান ছিল—সেটি দেখে বলে উঠলেন 'She is still here to guard my house . . .?' বলেই চেয়ার ঘুরিয়ে নিজের কামরায় চলে গেলেন একটু পরেই তাঁর এক বর্ষীয়সী আত্মীয় তীব্রস্বরে আমাকে বললেন, এ ফটোটা সরিয়ে ফেলা হোক—আমিও তীব্র ভাবে উত্তর দিলাম, না কিছুতেই তা হবে না—স্বর্গগত মায়ের ফটো সরিয়ে আমি তাঁকে অপমান করতে পারবো না। আমিও আমার রাগ সংবরণ করতে পারিনি। এই নিয়ে দুইপাঁচ মিনিট কথা কাটাকাটি হলো—

বুঝতে পারলাম মিসেসের জেদ চেপে গিয়েছে, মিসেস্ সেন কে ভীষণ উত্তেজিত দেখলাম এবং ব্যাপারটা আর বেশীদূর না গড়ায় এই কথা ভেবে তাড়াতাড়ি মিটিং-এ চলে এসেছি। জানি না বাড়ী গিয়ে কি দেখবো। যা ঘটে গেল তা সহ্য করা যায় না, সহ্য করা উচিত নয়।"

এককথায় পেশাগত জীবনে সফল ব্যারিষ্টার হলেও সামাজিক বা রাজনৈতিক জীবনে অতুলপ্রসাদের যথেষ্ট সাফল্য থাকলেও পারিবারিক জীবনে তিনি তথাকথিত ব্যর্থ। এই ব্যর্থটাকে অতুলপ্রসাদ ঈশ্বরের করুণা বা দাক্ষিণ্য বলেই মনে করেন। তাই অতুলপ্রসাদ বলেন—

"—আমায় রাখতে যদি আপন ঘরে,
বিশ্ব ঘরে পেতাম না ঠাঁই
দু'জনে যদি হত আপন
হত না মোর আপন সবাই ॥" [৬]

দাম্পত্য জীবনে, অতুলপ্রসাদ বলেন—

"নিত্য আমি অনিত্যরে -
আঁকড়ে ছিলাম রুদ্ধ ঘরে;" [৭]

"জাগতিক ভোগ এবং আনন্দ অনিত্যের সেবা থেকে উৎসারিত হয়। ভগবান যখন ওই দুটো কেড়ে নেন, তখন স্বাভাবিক ভাবেই অনিত্যের আরাধনা থেকে বিচ্যুত হয়ে নিত্যের উপাসনা করে। শিল্পী মাত্রেরই ব্যক্তিগত জীবনে অভিঘাত থাকে। অতুলপ্রসাদের সৃষ্টিতে সম্ভবত তাঁর ব্যক্তিগত জীবনের অভিঘাত খুবই উচ্চারিত। আর সেইজন্যই অতুলপ্রসাদের অনেক গানই একটি বিশেষ দৃষ্টিকোণ থেকে autobiographical বা আত্মজীবনীমূলক। যদিও ব্যক্তিগত জীবনে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কারণে অতুলপ্রসাদ ব্যস্ত থাকতেন। যেমন অতুলপ্রসাদ প্রথম থেকে ১৯১৬–১৭ খ্রিঃ পর্যন্ত কংগ্রেস কর্মী ছিলেন। লখনৌ কংগ্রেসে তাঁর বিশেষ স্থান ছিল। সংযুক্ত প্রদেশে liberal লিগের তিনি একজন নেতা ছিলেন। আইন ব্যবসায়ে তাঁর সাফল্যে এবং পাণ্ডিত্যের খ্যাতি বহুবিস্তৃত ছিল এবং তিনি Leader of Oudh Bar অর্থাৎ অযোধ্যায় উকিলদের তিনি নেতা ছিলেন।" [৮] লখনৌ শহরে নানা রকম সমাজসেবার কাজে তিনি যুক্ত ছিলেন, তাঁর সমাজসেবার প্রসঙ্গে অরুণপ্রকাশ ব্যানার্জীর কথা বিনয়েন্দ্র দাশগুপ্ত উদ্ধৃত করেছেন, "যাহা সচক্ষে দেখিয়াছি তাহা লিপিবদ্ধ করতে চাই। বিশ বৎসরে পূর্বের কথা (অর্থাৎ ১৯১৬ সাল) গোমতীতে বন্যা আসিয়াছে, অবিরাম মুষলধারায় বৃষ্টির জন্য লখনৌ নগরীর, গরীবদের পল্লীগুলি বিধবস্ত হইয়াছে, অনেক স্ত্রী পুরুষ ছেলে মেয়েদের হাত ধরিয়া নগরের রাজপথে আশ্রয় লইয়াছে, অতুলপ্রসাদ সন্ধ্যার সময় আমাদের বাড়ীর সন্মুখ দিয়া পদব্রজে যাইতেছিলেন। আমিও গিয়া তাঁহার সহিত সেদিন অনেক রাত্রি পর্যন্ত ঘুরিয়াছিলাম। গরিবদের অর্থ দিয়া, স্কুল, মন্দির বা অন্য কোনো জনসাধারণ আবাসস্থানে তাহাদের জন্য আশ্রয় করিয়া দিয়া তিনি যে প্রকার অর্থহীন নিরাশ্রয়দের সাহায্য করিয়াছিলেন তাহা আমি কখনো ভুলিব না।" [৯] আপাত দৃষ্টিতে বহির্জগতে তিনি যথেষ্ট কর্মব্যস্ত ছিলেন।

'বহুজন হিতায় চ' কিন্তু শিল্পসৃষ্টির ক্ষেত্রে তিনি ভীষণভাবেই অর্ন্তমুখী। ফ্রয়েডের মনস্তত্ব অনুযায়ী বন বা অরণ্য হল অবচেতন মনের প্রতীক। অর্ন্তমুখী মন সচেতন মনকে পরিত্যাগ করে অবচেতনে যায়। রামচন্দ্র বনে যায়। অতুলপ্রসাদ অন্তর্জগতের বৃন্দাবনে গেলেন।

"এ বনেতে বনমালী, কোথা তব বনফুল
কার লাগি ধায় এত দলে দলে অলিকুল ?
সুরভি পবন মোরে ঘুরাইছে মিছে ঘোরে,
শুধু কি ফুটা ও কাঁটা, ফোটাও নাকি মুকুল ?" [১০]

উদ্ধৃত গানটির প্রথম দুটি পংক্তি একটি প্যারাডক্স-এর উপস্থাপন করেছে। বনটিতে সুরভিত বাতাস। অলিকুল ছুটছে দলে দলে, কিন্তু কি মুশকিল। গীতিকার সেখানে তো ফুল খুঁজে পাচ্ছেন না। ফুলের খোঁজেই তো অলিকুল ছোটে, ফুলের গন্ধেই তো বাতাস আকুল হয়। তাই গীতিকার বনমালীকে জিজ্ঞেস করেছেন 'আরে ফুলগুলো কোথায়?' Situation-টির মধ্যে একটা নাটকীয়তা আছে। গীতিকারের খেয়াল নেই যে বনমালি

নিজেই পুষ্পনীভ এবং তাহার গন্ধে বাতাস সুগন্ধিত এবং অলিকুল আকৃষ্ট।

মুরলী কাঁদে 'রাধে রাধে' বলে,
শ্যামসুন্দর, হায়, ভাসে নয়নজলে॥
দেখো যমুনা জলে শূন্য তরী দোলে।
শূন্যে ঝোলে, ঝুলা নীপতরু তলে।
'রাধে রাধে' বলে॥ [১১]

প্রকৃতপক্ষে গীতিকারের প্রধান অন্বিষ্ট হল ধ্বনি। তাই অতুলপ্রসাদ শুনতে পান—

"আনন্দে রুমক ঝুমু বাজে,
বাজে গো বাজে।
সুন্দর সাজে" [১২]

ধ্বনি শ্রুতিগাহ্য। তাকে যখন চক্ষু-ইন্দ্রিয়ের নিরিখে বর্ণনা করা হয় 'তখন সেটা synetheia-র উদাহরণ। অতুলপ্রসাদ নূপুরের ধ্বনির সুন্দর সাজ প্রত্যক্ষ করছেন। এই ধ্বনি থেকেই রূপ উৎসারিত হয়। নূপুরের ধ্বনি দ্বারা আকৃষ্ট হয়ে তিনি নটরাজকে নৃত্যচঞ্চল দেখতে পান। কিন্তু গীতিকার নটরাজের কোনো বর্ণনা দেন নি৷ অর্থাৎ তাঁর কাছে দৃশ্য গুরুত্বপূর্ণ নয়। নৃত্য গুরুত্বপূর্ণ। চিত্ত পরে নৃত্য করে যে নটরাজ তার নৃত্যের তালে তালে—

"কুঞ্জবন মুঞ্জরিল,
পুলকে অলি গুঞ্জরিল
নীপমূলে দুলে দুলে শিখীকুল নাচে"[১৩]

অর্থাৎ সকল অস্তিত্বে অতুলপ্রসাদের অন্তর্জগতে নটরাজের নৃত্যের তালে তালে এক অলৌকিক ধ্বনিময় জগৎ রচিত হল। সেখানে কুঞ্জবন যেন শব্দ করে মুঞ্জরিত হচ্ছে। এই অলৌকিক লোক বৃন্দাবন। শহরে গাড়ি-ঘোড়া, আমলা-সামলা, উকিল, ব্যারিষ্টার, জজ, মোক্তার, বাদী বিবাদী, সাক্ষী-সাবুদ এসবই কাজল মেঘ। আর সেখানে বিজলী-সম বৃন্দাবন কখন কখন গীতিকারের অর্ন্তজগতে জেগে ওঠে। ওই বৃন্দাবন অতুলপ্রসাদের জীবনে অনুপম। সেখানে তিনি বাঁশির শব্দ শুনতে পান। 'যে বাঁশি প্রণব ধ্বনি একের কথা' বলে। আর তার বিপরীতে লক্ষ্যহীন লক্ষ-আশা বহির্জগতে রন রক্ত সফলতা। এই উভয়ের পারস্পারিক দ্বন্দের মধ্যে গীতিকার আনন্দে 'রুমক ঝুম বাজে' গানটিতে নিজেকে স্থাপিত করেছেন। তিনি যেন সেক্সপিয়রের ট্রাজেডির একটি চরিত্র। ম্যাকবেথের জিজ্ঞাসাটি To do or not to be হ্যামলেটের জিজ্ঞাসা ছিল To be or not to be, অতুলপ্রসাদের লক্ষ্যহীন লক্ষ্য আশা শব্দবন্ধটি রজনীকান্তের লক্ষ্য শূন্য লক্ষ্য বাসনা শব্দবন্ধটিকে মনে করিয়ে দেয়।

অতুলপ্রসাদের গানের বৈশিষ্ট্য হল তাঁর Suggestion-এ। অন্তর্জগতের বৃন্দাবনে তিনি বনমালীর কাছে ছুটে গিয়ে প্রশ্ন করেন—

"এ বনেতে বনমালী, কোথা তব বনফুল
কার লাগি ধায় এত দলে দলে অলিকুল" [১৪]

অতুলপ্রসাদ সোজাসুজি বলছেন না যে `বৃন্দাবনে কোন ফুল নেই।' অথচ ভ্রমর কেন ধায় এর কারণ স্বয়ং বংশীধর নিজেই ত সেই ফুল, যার দিকে সমস্ত পৃথিবী ছুটে যাচ্ছে। কিন্তু অতুলপ্রসাদ সে কথার উল্লেখ করলেন না তাঁর "এ বনেতে বনমালী, কোথা তব বনফুল" গানে। কে এই বনমালী? অতুলপ্রসাদ বলেন—

"প্রভাতে যারে দেখিবে বলি
দ্বার খোলে কুসুম-কলি,
কুঞ্জে ফুকারে অলি
যাহারে বারে বারে॥
নিঝর কলকণ্ঠ গীতি
বন্দে যাহারে,
শৈল বন পুষ্প কুল
বন্দে যাহারে,
যার প্রেমে চন্দ্র তারা
কাটে নিশি তন্দ্রা-হারা,
যার প্রেমের ধারা
বহিছে শত ধারে"[১৫]

অতুলপ্রসাদ সমস্ত বিশ্বপ্রকৃতিতে শতধারে বনমালীর প্রেমের ধারা প্রত্যক্ষ করেন। এই প্রেমের ধারা মূর্চ্ছনার মত। বাঁশী বাজাচ্ছেন বংশীধারী ` সেই বংশীধারীর অশ্রুত বাঁশির ডাক' অতুলপ্রসাদকে আকুল করেছে। অতুলপ্রসাদ বলেন—

"বিনা সে সখারে
রহিতে মন নারে॥"[১৬]

ওই অনির্দ্দেশ্য সখাকে উদ্দেশ্য করে অতুলপ্রসাদ বলেন-

"তুমি গাও, তুমি গাও গো
গাহো মম জীবনে বসি,
বেদনে বাঁধা জীবনে বীণা
ঝঙ্কারী বাজাও।
তুমি গাও"[১৭]

অতুলপ্রসাদ বলেন—

"বেদনে বাঁধা জীবন বীণা
ঝঙ্কারী বাজাও
তুমি গাও।"[১৮]

ভারতীয় দর্শন বলে, অত্যুৎকট দুঃখে পরিব্যক্ত এ জীবন। আর সেই দুঃখ বেদনাকে ঝঙ্কারিত করে গীতিকারের জীবনবীণা বেজে উঠুক। অর্থাৎ ব্যথা-বেদনা সুরের মধ্যে আত্মপ্রকাশ করেছে। পুনর্জন্ম লাভ করেছে। সকল শ্রেষ্ঠ সুরের উৎসমুখ বোধ হয় জীবন-যাতনা।

আর এই সুর এ মরু সংসারে গীতিকারের মনকে স্নিগ্ধ করবে। এই সুরই সকল ভয়-ভাবনাকে ভুলিয়ে নিয়ে গীতিকারের মধ্যে অভয় গানের তরঙ্গ তুলবে। আর সেই গান গাইতে গাইতে গীতিকার সংসারসমুদ্রে তার তরী চালিত করবেন।

অতুলপ্রসাদ সাংসারিক জীবনে যে দুঃখ পেয়েছেন 'সে কথা আমরা উল্লেখ করেছি। আর এই দুঃখ থেকে উৎসারিত হয়েছে তাঁর অকৃপণ ভালবাসা। অতুলপ্রসাদ বলেন, "সবারে বাসরে ভালো," যাকে ভয় করি তাকেও ভালোবাসতে হবে। প্রসাদ বলেন, "যারে তুই ভাবিস ফণি তারও মাথায় আছে মণি।" প্রচলিত বিশ্বাস অনুসারে সাপ তো বাঁশির সুরে নাচে, অতুলপ্রসাদ বলেন, প্রেমের বাঁশি বাজিয়ে সংসারের সকলকেই বংশীভূত করা যায়। পৃথিবীটা তাহলে বুঝি তপোবন হয়ে উঠবে। যেখানে সাপ খেলবে বেঁজির সঙ্গে। হায়না খেলবে হরিণের সঙ্গে। অতুলপ্রসাদ বলেন–যা কোমল এবং যা ভয়ানক, যা সুন্দর এবং যা কুৎসিত, যা পবিত্র এবং যা

অপবিত্র তা আদ্যাশক্তি মহামায়া মায়ের সৃষ্টি। তাই মা তো কারুকে রক্ষা করবেন কাউকে নাশ করবেন তা হয় না।

"সবাই যে তোর মায়ের ছেলে,
রাখবি কারে, কারে ফেলে?"[১৯]

অতুলপ্রসাদ জানেন, সাপ আর ব্যাঙ, সিংহ এবং ইঁদুর, মানুষ এ পশু, সকলকেই তো মৃত্যু মুখে পতিত হতে হবে।

"একই নাওয়ে সকল ভাইয়ে
যেতে হবে রে ওপারে"[২০]

তাই পরস্পরের মধ্যে হানাহানি করে কি লাভ, 'ইত্যত্র ভাবঃ।' অতুলপ্রসাদ বলেন এটা আমার, ওটা আমার বলেই তো ঝগড়া হয়, একটা লোকের নিজের যা যা আছে, তা একটা দোকান ঘর খুলে বিলিয়ে দিলেই তো হলো—

"করি তুই আপন আপন
হারালি যা ছিল আপন
এবার তোর ভরা আপন
বিলিয়ে দে তুই যারে তারে॥" [২১]

উদ্ধৃত পংক্তিগুলিতে 'আপন' শব্দটিকে নিয়ে pun করা হয়েছে। 'আপন' শব্দটির মানে হল নিজের। 'আপন' শব্দটির মানে হল দোকান। কথিত আছে 'গুরু নানক একবার মুদির দোকান খুলেছিলেন। আর সেই দোকানঘরে যা সামগ্রী আছে তিনি তা সব বিলিয়ে দিয়েছিলেন। নানক, শ্রীচৈতন্যের প্রভাব অতুলপ্রসাদের উপর অত্যন্ত গভীর। অন্যত্র অতুলপ্রসাদ বলেন—'

"ভোলেনি ভারত, ভোলেনি সেকথা,
অহিংসার বাণী উঠেছিল হেথা;
নানক, নিমাই করেছিল ভাই
সকল ভারত নন্দনে।" [২২]

অতুলপ্রসাদ বলেন,

"করি তুই আপন আপন
হারালি যা ছিল আপন;"[২৩]

এটা একটি paradox, নিজের নিজের করে, আমার যেটা নিজের, সেটাকেই হারাই। নিজের যা আছে তাকে বিলিয়ে দিলে, হয়তো প্রকৃত সত্তাকে আমরা খুঁজে পাই। 'ইত্যত্র ভাবঃ'।

আজও অতুলপ্রসাদ নিজের সবকিছু বিলিয়ে দিয়ে দেখেন তাঁর হৃদয়-সরোবরে আনন্দের জোয়ার। আর সেখানে তাঁর প্রাণ ভাসছে। কিন্তু প্রাণ আনন্দের সমুদ্রে কোন কুল কিনারা পাচ্ছে না।

"আজি হরষ সরসি কি জোয়ারা প্রাণমেন্ন মিলত কূলকিনারা॥"[২৪]

লক্ষণীয়, গানটির ভাষায় ব্রজবুলীর অভিঘাত আছে। এ জীবনের পথ কন্টকাকীর্ণ। উপনিষদের ঋষি বলেন-॥ "দুর্গম্ পথস্তৎ কবয়োর্বদন্তি।"

অথচ চারধারে অন্ধকার। কিন্তু অতুলপ্রসাদ অনুভব করেন, কে যেন তাঁকে অন্ধকারে ঠিক চালিয়ে নিয়ে যাচ্ছে। তাকে তিনি দেখতে পাচ্ছেন না। তাঁর স্বরূপ তিনি জানেন না, অথচ তিনি তাঁর বাস্তব অস্তিত্ব উপলবদ্ধি করেন। এই অনুভব mysterium tremendum-এর অনুভব। তাঁর সামনে কোন কথা সরে না। আর কথা যেখানে শেষ হয়, সেখানেই তো সুরের শুরু। তাই অতুলপ্রসাদের "আমারে এ আঁধারে এমন করে চালায় কে গো," এই গানটি অতুলপ্রসাদের নন্দনতত্ত্বের কথা বলে। অতুলপ্রসাদ তাঁর অনির্দ্দেশ্য সাথীকে বলেন—আমায় হাত ধরে নিয়ে চল, আমার হাত ছেড়না।

অনির্দ্দেশ্য কোন এক সুন্দরের জন্যে কবির আজীবন তপস্যা এবং অপেক্ষা। সংসারে তো কেউ কারো নয়। তাই সকল মানুষের প্রতিনিধি হিসাবে গীতিকার অতুলপ্রসাদ Alienation বা বিছিন্নতাবোধকে কাটানোর জন্যে দরজা খুলে থাকেন। একলা ঘরে সুন্দরের প্রতীক্ষায়।

প্রতীক্ষা সার্থক হলো একদিন শূন্য ঘরে আসিল সুন্দর। আর সেই সুন্দর বঁধুর সঙ্গে মিলিত হয়ে কবির অর্ন্তজগতে সমস্ত গ্লানিমা কোথায় উধাও হলো। তারপরে গীতিকার বলেন-

"আজ আমার নাইকো কেহ পর,
সুখীরে করেছি সখা, দুঃখীরে দোসর
ওগো অনেক দিনের পর" ॥[২৫]

প্রিয় মিলনের আনন্দে আত্মহারা অতুলপ্রসাদ, কবির ভালবাসা বহুজনমুখী হয়ে উঠল। উপসংহারে বলতে হয় অতুলপ্রসাদের আধ্যাত্মিক গান ভোরের শিশিরের মত নীরবে উপস্থাপিত। নিভৃত হৃদয়ে আধ্যাত্মিক আকুতি এখানে চোখের জলে শিশির প্রতিবিম্বিত সূর্যালোকের মত ঝলমলে।

তথ্যসূত্র

১। বিনয়েন্দ্রনাথ দাশগুপ্ত, অতুলপ্রসাদ সেন প্রসঙ্গে সাধারণ ব্রাহ্ম সমাজ, কলকাতা, ডিসেম্বর, ১৯৭১, পৃ.৯৪।
২। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১ টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.৬৭।
৩। সম্পাদকঃ স্বামী জগানন্দঃ, গীতা, উদ্বোধন কার্যালয়, কলকাতা, এপ্রিল, ১৯৬১, পৃ.১৫৭।
৪। প্রকাশঃ পণ্ডিত লালবিহারী মিশ্র, নিত্য কর্ম পূজা, গীতা প্রেস, গোরক্ষপুর, ২০০৭।
৫। বিনয়েন্দ্রনাথ দাশগুপ্ত, অতুলপ্রসাদ সেন প্রসঙ্গে, সাধারণ ব্রাহ্ম সমাজ, কলকাতা, ডিসেম্বর ১৯৭১, পৃ.২৯ ও ৩০।
৬। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.৬১ ।
৭। তদেব, পৃ.৭।
৮। বিনয়েন্দ্রনাথ দাশগুপ্ত, অতুলপ্রসাদ সেন প্রসঙ্গে, সাধারণ ব্রাহ্ম সমাজ, কলকাতা, ডিসেম্বর ১৯৭১, পৃ.১০১।
৯। তদেব, পৃ.৯৯।
১০। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.৪৮।
১১। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.১৩৮।
১২। তদেব, পৃ.৪৩।
১৩। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.১৩৮।
১৪। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.৪৮।
১৫। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুয়ারী, ১৯৮৬, পৃ.৫০।
১৬। তদেব।
১৭। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ

গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.৫২।
১৮। তদেব।
১৯। তদেব পৃ.৫৪।
২০। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.৫৪।
২১। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.৫৪।
২২। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.৫৪ ও ৫৫।
২৩। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.১।
২৪। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.৫৭।
২৫। বুদ্ধদেব রায়, সংকলন, সম্পাদনা ও স্বরলিপি, ১০১টি অতুলপ্রসাদের শ্রেষ্ঠ গানের স্বরলিপি, সাহিত্যম, কলকাতা, জানুযারী, ১৯৮৬, পৃ.৬৩।

সায়নী চ্যাটার্জী একজন গবেষিকা। কণ্ঠসংগীত বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, তত্ত্বাবধায়ক ড. নূপুর গাঙ্গুলী।

বাউল সম্রাট শাহ্ আবদুল করিমের বিচ্ছেদ গান

মনিরা ইসলাম

বিচ্ছেদ গান বাংলা লোকসঙ্গীতের এক জনপ্রিয় গীতশৈলী। বাউল সম্রাট শাহ আবদুল করিমের অনেক রচনার মধ্যে বিচ্ছেদ গানের ধারাটি বিশেষভাবে সমাদৃত হয়েছে নাগরিক এবং গ্রামীণ সমাজে। শাহ আবদুল করিমের সহজ কাব্যময়তা এবং নমনীয় সুর আকৃষ্ট করেছে বাউল, সাধক এবং সর্বসাধারণ মন।

"আগে কি সুন্দর দিন কাটাইতাম
গ্রামের নওজোয়ান হিন্দু মুসলমান
মিলিয়া বাউলা গান আর মুর্শিদী গাইতাম"

গানটি বাঙ্গালীর লোকসঙ্গীতের আসরে গাওয়া হয়নি, এমনটা বিরল। বাংলাদেশ, পশ্চিমবঙ্গ তথা বিশ্বের যেখানেই বাঙ্গালী আছে সেখানেই গুঞ্জরিত হয়েছে বাংলাদেশের ভাটি অঞ্চলের সুনামগঞ্জ জেলার উজানধল গ্রামের খুব সাধারণ এক বাউল সাধকের অধিকশ্রুত এই গানটি যার সেই গীতিকারের নাম শাহ্ আবদুল করিম। বাংলাদেশের মানুষ শাহ্ আবদুল করিমের গানে বিভোর হয়ে তাঁকে "বাউল সম্রাট" উপাধি দিয়েছেন।

বাউল সম্রাট শাহ্ আবদুল করিম যেসব ধরনের গান রচনা করেছেন সেগুলো হল: দেহতত্ত্ব, ভাটিয়ালি, জারি, সারি, মুর্শিদী, মরমিয়া, ধামাইল, গীত, বিচ্ছেদী গান, গণসঙ্গীত ও আধ্যাত্মিক প্রভৃতি। শাহ্ আবদুল করিম শুরুর দিকে মালজোড়া গানের শিল্পী ও রচয়িতা ছিলেন। আমার আজকের লেখা "শাহ আবদুল করিমের বিচ্ছেদ গান"। বিচ্ছেদ গান লোকসঙ্গীতের একটি অধিক জনপ্রিয় গীতশৈলী। যেহেতু লোকসঙ্গীতের ধারা সুতরাং বিচ্ছেদ গান নিয়ে আলোচনার পূর্বে স্বল্প পরিসরে আলোচনা করা প্রয়োজন লোকসঙ্গীত নিয়ে। সাধারণ অর্থে লোকমুখে প্রচলিত সাধারণ মানুষের জন্য রচিত গীতধারাকে লোকসঙ্গীত বলে।

শিষ্ট সঙ্গীত থেকে ভিন্ন রীতির মৌখিক ভাব প্রচলিত নানা আঞ্চলিক গান লোকসঙ্গীত হিসেবে চিহ্নিত হয়। নিম্নবর্গের শ্রমজীবি জনতা, যাদের সমাজ রাষ্ট্রের পরিচালনার ক্ষমতা থাকে না কিন্তু মানুষের বেঁচে থাকার সবকিছুই যারা উৎপাদন করে এবং মর্যাদা পায় না, তারাই লোক সাধারণ এবং তাদের জীবন থেকে জন্ম হয় লোকসঙ্গীতের। লোক সমাজের চিন্তা চেতনার ধারক ও বাহক লোকগীতি। লোকসঙ্গীত লোক মুখে প্রচারিত, লোকশ্রুতিতে গৃহীত এবং লোক স্মৃতিতে সংরক্ষিত। অর্থাৎ আমাদের পল্লীগ্রামের খুব সাধারণ মানুষের জীবনের গল্প নিয়ে রচিত নিগুঢ় কাব্যে সহজ সরল সুরে প্রকাশিত গীতশৈলীই হচ্ছে লোকসঙ্গীত।

নাট্যশাস্ত্রকার মহামুনি ভরত তার নাট্যশাস্ত্র গ্রন্থে (খ্রি: পূ. ২য় শতক) অষ্টরসের কথা উল্লেখ করেছেন, তার মধ্যে করুণ রস একটি। করুণ অর্থ শোক। এই রসের মাধ্যমে শোকের বহিঃপ্রকাশ ঘটে।

মিলন এবং বিচ্ছেদ জীবনের অনিবার্য ঘটনা। ইংরেজী কবি শেলীর উক্তি:

"Our sweetest songs are those tell of saddest thoughts."

শিল্পী করিমের বিচ্ছেদী গানের স্বার্থকতা ফুটে উঠেছে উক্ত উক্তিতে। সাহিত্যে ট্রাজেডি বা বিয়োগাত্মক বিষয় কেন আমাদের নন্দিত করে তা নিয়ে তাত্ত্বিকেরা আলোচনা করেছেন। বঙ্গ লোকজীবনে বিচ্ছেদ গানে দুঃখ, বেদনা বা শোক শিল্পরূপ লাভ করেছে। বাংলাদেশের সাধারণ মানুষ গায়কদের বিচ্ছেদ গান গাইবার অনুরোধ করে। বাংলাদেশের সে সকল গীতিকবিরাই বিচ্ছেদ গান রচনা করেছেন, তাঁদের মধ্যে বিজয় সরকার, রাধারমন দত্ত, লালন সাঁইজী, উকলি মুন্সী, জালালউদ্দিন, হাসন রাজা এবং শাহ আবদুল করিম প্রমুখ নাম উল্লেখযোগ্য। বাংলাদেশের পল্লীকবি জসিমউদ্দিন ও অনেক বিচ্ছেদ গান সংগ্রহ করেন বাংলার গ্রামে গ্রামে ঘুরে ঘুরে। বিচ্ছেদ গান বাঙ্গালীদের জনপ্রিয় এক গীতশৈলী।

বৌদ্ধ দর্শন চার আর্য সত্যের কথা বলেছেন:

(ক) সকলি দুঃখ
(খ) দুঃখের কারণ আছে
(গ) এ দুঃখ নিরোধ সম্ভব
(ঘ) দুঃখ নিরোধের মার্গ আছে।

এ থেকে দুঃখ এক অনিবার্য সত্য হিসেবে চিহ্নিত হয়। বৌদ্ধরা দুঃখকে আধ্যাত্মিক, অধিভৌতিক ও আধিদৈবিক পর্যায়ে বিভক্ত করেছেন। রোগ, শোক জ্বরাব্যাধি, প্রিয় বিয়োগ, অপ্রিয় সংযোগ, ইপ্সিত বস্তুর অপ্রাপ্তি থেকে জন্মায় দুঃখ, অনুভূত হয় বেদনা। বৈষ্ণব তাত্ত্বিক রূপ গোস্বামী জীবনের এক মানবিক সম্পর্কে দ্বিরূপ দেখেছেন।

নায়ক নায়িকার সংযুক্ত বা বিযুক্ত অবস্থার অনভিপ্রেত বিচ্ছেদের ভাবকে বলা হয় বিপ্রলম্ভ। এটি পূর্বরাগ, মান, প্রবাস, প্রেমবৈচিত্ত্য ভেদে চতুর্বিধ।

পূর্বরাগ: নায়ক ও নায়িকার মিলনের পূর্বে দর্শন ও শ্রবণাঙ্গিত হতে জাত রতি।

মান: একস্থানে থাকলেও মিলনের প্রতিবন্ধক ভাব থেকে মান-অভিমানের জন্ম হয়।

প্রেম বৈচিত্ত্য: মিলনে বিরহের কাল্পনিক ভয়-রস কীর্তনে নায়িকা আক্ষেপানুরাগ কে প্রেম বৈচিত্ত্য বলা হয়।

প্রবাস: অতি ঘনিষ্ট নায়ক নায়িকা দেশান্তর গমনের ব্যবধান জাত বেদনা প্রবাসে প্রকাশিত হয়। এ বিরহ অচিরস্থায়ী ও দীর্ঘস্থায়ী এই দুই প্রকার।

এই তাত্ত্বিক উপাদানগুলো উত্তরকালে লৌকিক বিচ্ছেদ গানে প্রভাব বিস্তার করেছেন। রাধাকৃষ্ণের প্রতীক গণতান্ত্রিক সাধারণী করণে যে কোন

নর নারীর বিরহ চিহ্নিত হয়েছে। নর বা নারী অপ্রাপ্তিত বেদনা এই মত্তলোকেই রচনা করেছেন বিচ্ছেদ গান।

"নায়ক নায়িকার ভেতরকার বিচ্ছেদ এই গানের উপজীব্য। তবে মানবিক বিচ্ছেদ এই গানের প্রধান বিষয় নয়। পরমাত্মার সাথে জীবাত্মা। স্রষ্টার সঙ্গে সৃষ্টি ও ভক্তের সঙ্গে ভগবানের বিচ্ছেদই এই গানের প্রধান উপজীব্য। এই অর্থে বিচ্ছেদী, আধ্যাত্মিক লোকগীতি। এই গানের প্রতীক সম্পর্কের ব্যবহার যথেষ্ট। মরমী গুণ সম্পন্ন হওয়া বিচ্ছেদী গানে এক প্রকার অস্পষ্টতা ও গূঢ়তার ব্যঞ্জনা দেখা যায়। রাধাকৃষ্ণের প্রণয় সম্পর্কের বিরহমূলক দিকটিকে এই গানে বিশেষভাবে ব্যবহার করা হয়।"[১]

ভাটি বাংলার সুরে আর হৃদয়ের টানে এখনো যিনি গীতরসে বিভোর করে রেখেছেন বাঙ্গালী বাংলাভাষী মানুষকে তিনি শাহ্ আবদুল করিম। বাংলাদেশের তরুণ প্রজন্মের কাজে ওনার মত জনপ্রিয় আর অন্য কোন বাউল নেই। তাঁর গান শুনে বিমোহিত হয় ছোট থেকে বড় সবাই।

শাহ্ আবদুল করিম যে ভূগোলে থাকতেন তাঁর বর্ণনা আবশ্যক। কারণ এই ভৌগোলিক পরিবেশের প্রভাব ছিল তাঁর গানে বর্তমান। শাহ্ আবদুল করিম জন্মেছেন বাংলাদেশের ভাটি অঞ্চলে অর্থাৎ সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলার দিবাই উপজেলার উজনধল গ্রামে। তাঁর বাড়ির পাশ দিয়ে বয়ে গেছে কালনী নদী। বছরের ছয়মাসই পানিতে নিমজ্জিত থাকতো তাঁর এলাকা। প্রবাদে আছে—

বর্ষার নাও হেমন্তে পাও।

অর্থাৎ বর্ষাকালে নদী ছাড়া কল্পনা করা যায় না ভাটি অঞ্চল আর শীতকালে পায়ে হেঁটে চলতে হয় ক্রোশের পর ক্রোশ। ভাটি এলাকার লোকজন মূল কৃষি কাজ করে শীতকালে। বর্ষাকালে জীবন জড়িয়ে পড়ে নৌকা নদীর সাথে, স্বভাবতই বর্ষাকালে ভাটির লোকজনের অবসর থাকে। এই সময়ে বসে তাদের গানের আসর। জলমগ্ন ফসলের মাঠ, জ্বরা-মরণ, ঝড়, বন্যা, দিগন্ত বিস্তারী জলরাশি আর তাতে পালতোলা নৌকার ছবির মত বিচরণ। প্রকৃতির ভাবেই মানুষের মন উতলা করে রাখে। এর মধ্যে সরল ঈশ্বর বিশ্বাস আর নিয়তি নির্ভর জীবনের কাহিনী মানুষকে করে রাখে উন্মুক্ত মাতাল। সহজাত ভাবে সৃষ্টি হয় কাব্য আর তারে সুর জুড়ে দেয় সহজ সুনিপুন ভাবে। সেই সৌন্দর্য ভাটি অঞ্চলের মানুষদের বিশেষ অহংকারের অলংকার। তাদের কথা ও সুর গ্রামভিত্তিক বাংলাদেশের ভিন্নতর সৌন্দর্যের স্থান। এর সুর ভাটি অঞ্চলের হলেও স্থান কাল পাত্র নির্বিশেষে দেশ বিদেশের নাগরিক মনকে আচ্ছন্ন করে পরম বিহ্বলতায়। সুনাম গঞ্জের ভূপ্রকৃতি বাউল সাধক হওয়ার জন্য খুব সহায়ক। হাসন রাজা রাধারমনদত্ত, আরকুম শাহ্, শাহ্ আবদুল করিমের পূর্ণভূমি সুনামগঞ্জ।

লোকসঙ্গীতের প্রথিতযশা গবেষক মৃদুল কান্তি চক্রবর্তী তাঁর লেখায় সিলেটের লৌকিক ধারার বর্ণনা করেছেন এমনভাবে—

> "বৃহত্তর সিলেটের লৌকিক ঐতিহ্যে মূলত দুটি ধারা প্রবাহমান একটি বৈষ্ণব অপরটি সুফি। সুরের ছন্দ ও ভঙ্গিতে বৈষ্ণব ধারাটি হলো বিলম্বিত বীড়, আশ্রয়ী এবং তা লীলায়িত অনুগামী বাদ্যযন্ত্র একতারাযুক্ত লাউয়া বা লাউ। সুফি ধারাটির সুর প্রধানত গতিপ্রধান, কাটাকাটা ঝটকা দেওয়া ত্রিমাত্রিক ছন্দ। অনুগামী যন্ত্র দোতারা ও খমক। বৈষ্ণব ধারার লীলায়িত চলনের মধ্যে সুফির ধারাটি নিয়ে এলো এক গতির আবেগ। এই দুটি ধারাই প্রগতিশীল সাময়িক মূখ্য ভূমিকা ছিল হিন্দু মুসলমানের এক মিলিত ভাবধারা এক মিলিত সংস্কৃতি গড়ে তোলার। হিন্দুর গুরু মুসলমানের মুর্শিদ, হিন্দুর রাধাকৃষ্ণ মুসলমানের আশিক মাশুক মিলে মিশে গেছে। এই যুগলধারার যোগ্য উত্তরসুরি বাউল আবদুল করিম যার গানে এরই প্রতিধ্বনি শোনা যায়।"[২]

শাহ্ আবদুল করিমের গানে বৈষ্ণব ও সুফি দুই ধারার বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। বৈষ্ণব সাধক রাধারমন দত্তের গানে অনুপ্রাণিত করিম। তাইতো রাধারমনের গানের সাথে সাদৃশ্য পাওয়া যায় তাঁর গানে। রাধারমন দত্ত লিখেছেন—

> কুঞ্জ সাজাও গিয়া আসবে শ্যাম কালিয়া কেন গো রাই
> কাঁদিতেছ পাগলিনী ইইয়া।

করিমের গানেও বৈষ্ণব ধারা—

> সখি কুঞ্জ সাজাও গো আজ আমার প্রাণনাথ আসিতে পারে
> মনে চায় প্রাণে চায় দিলে চায় যারে।

প্রবাদে আছে "কানু ছাড়া গীত নাই, রাধা ছাড়া সাধা নাই।" বাংলার পল্লীর লোককবিদের লোকজ শিল্প সাহিত্যে বার বার ব্যবহৃত হয়েছে রাধা কৃষ্ণ। রাধা এখানে জীবাত্মা আর কৃষ্ণ হলো পরমাত্মা। লোককবিদের গানে কবিতায় শিল্পকর্মে রাধা কৃষ্ণের সাথে জীবাত্মার সাথে পরমাত্মার প্রেম বিরহের প্রতিচ্ছবি ফুটে উঠেছে। শাহ্ আবদুল করিমও এই একটি পথের পথিক। তাঁর গানে ফুটে উঠেছে—

> "আমি ফুল, বন্ধু ফুলের ভ্রমরা কেমনে ভুলিব আমি বাঁচি
> না তারে ছাড়া॥ না আসিলে কালো ভ্রমর কে হবে
> মোর যৌবনের দোসর সে বিনে মোর শূন্য বাসর
> আমি জিয়ন্তে মরা॥"

অনুরূপ সুফি গানের উদাহরণ—

> "প্রেমের বাজারে বিকে মানিক সোনারে যেই জনে চিনিয়া
> কিনে লভ্য হয় তার দুআনারে"

সুফি ও বৈষ্ণব ধারার মূল বিষয় হচ্ছে 'প্রেম'। প্রেমকে অবলম্বন করে জগৎ জীবনের রহস্য খুঁজে বেড়িয়েছেন বাংলার বাউল সাধকরা।

সীমার মাঝে অসীমের সন্ধান, দেহ থেকে দেহাতীতে, রূপ থেকে অরূপের মাঝে সাধনায় নিমগ্ন বাউল সাধকরা। যেখানে প্রেম হলো প্রধান উপাদান। প্রেম মিলনের চেয়ে বিরহ বেদনা প্রেমকে মহিমান্বিত করে। কবি গেয়েছেন—

> "পিরিত ভালো না সখি তোমরা প্রেম করিওনা পিরিত
> করছে যেজন জানে সেজন পিরিতের কী বেদনা"

শাহ্ আবদুল করিমের বিবাহ করার ইচ্ছা ছিলো না। কিন্তু মুর্শিদ মৌলাবক্সের ইচ্ছা ও বাবা-মার মনোবাসনা পূর্ণ করার জন্য বিয়ে করতে রাজি হন। মুর্শিদের বাড়ি থেকে নিজের বাড়ি ধলগ্রামে যাওয়ার পথে আসামমুড়া গ্রামের ধর্মমেয়ের বাড়িতে ওঠেন। সেই ধর্মমেয়ের বাড়ীর পাশে মমজানকে দেখে ধর্মমেয়ের কাছে মনঃইচ্ছা প্রকাশ করেন। অতঃপর ধর্মমেয়ের সহযোগিতায় মমজান এর সাথে বাবা, মা ও মুর্শিদের

উপস্থিতিতে প্রথম বিবাহ বন্ধনে আবদ্ধ হন বাউল। কিন্তু খুব বেশিদিন একসাথে থাকতে পারেনি। একসাথে দুজনের মধ্যে বাদ সাধে গান। গান পাগল করিম বাধ্য হয়ে বেছে নিলেন গানকেই।

অতঃপর তিনি বৈশাখী নামে একজনের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। স্ত্রীকে ভালোবেসে সরলা বলে ডাকতেন। `কালীর ঢেউ' এ সরলা বর্ণনা দিয়েছেন এইভাবে—

"সরল তুমি, শান্ত তুমি, নুরের পুতুল সরল জানিয়া আমি
নাম রাখিলাম সরলা।"

সরলা কে বাড়ীতে রেখে আবদুল করিম দেশে বিদেশে গান গেয়ে মানুষকে আনন্দ দিয়ে বেড়াতেন। বাউল আর সরলার সংসারের জন্ম নেয় একমাত্র পুত্র শাহ্ নুর জালাল। গান প্রেমিক বাউল অন্যসময়ের মত ঐদিন গিয়েছিলেন সিলেটে গান গাইতে। তিন চারদিন কোন খোঁজ খবর নেই। ছেলে নুর জালালও তখন পড়াশোনার জন্য ছিলেন সিলেটে। এদিকে এক রাতে শূন্য বাড়িতে মৃত্যুবরণ করেন সরলা। দুদিন পর খবর পেয়ে পাগলের মত ছুটে আসেন প্রাণপ্রিয় স্ত্রী সরলা কে দেখার জন্য কিন্তু ততক্ষণে তো তাঁর প্রাণবন্ধু তাঁকে ছেড়ে চলে গেছেন অচিন দেশে। প্রাণ প্রিয় সরলার বিচ্ছেদ তাঁর রচনায় ধরা পড়েছে বারবার—

"কোনো পিরীতি বাড়াই লাইরে বন্ধু
ছেড়ে যাইবা যদি।"

গান তাঁর জীবন থেকে সুখ, আনন্দ সব কেড়ে নিয়েছে। গানের জন্য তাঁকে গ্রামবাসী একঘরে করে দেয়। এই গানের জন্যই মৃত্যুকালে শেষ দেখা টুকুও দেখতে পাননি তাঁর সরলাকে। এই আফসোস ছিল তাঁর মৃত্যুর আগে পর্যন্ত। নিজেকে কোন মতেই ক্ষমা করতে পারেননি। এই দীর্ঘ সময়টা তাঁর ধ্যানজ্ঞানে বসবাস করেছে সরলা। সরলার মৃত্যুতে পাগল প্রায় হয়ে গিয়েছিলেন আবদুল করিম। তাইতো চোখের সামনে বাড়ীর উঠোনে দিয়েছিলেন প্রাণপ্রিয় স্ত্রীর সমাধি। তাঁর সরলার পাশেই নির্ধারণ করে রেখেছিলেন নিজের সমাধির জায়গা। তাই আবদুল করিম লিখেছিলেন—

"বন্ধুরে কই পাবো সখি
সখি আমারে বলো না
আমার বন্ধু বিনে পাগল মনে
বোঝাইলে বুঝে না।"

শাহ্ আবদুল করিমের কাছে সরলাই ছিল মুর্শিদ।

টি এম আহমেদ কায়সার-এর একটি সাক্ষাৎকারে বাউল সম্রাট বলেছিলেন—

"আজকের এই করিম কখনোই করিম হয়ে উঠতে পারতো না যদি কপালের ফেরে সরলার মতো বউনা পেতাম। আমি সরলাকে এখনো মুর্শিদ জ্ঞান করি। দীর্ঘ বাউল জীবনে দিনের পর দিন ঘড়বাড়ি ছেড়ে ঘুরে বেড়িয়েছি। সরলা ন্যূনতম কষ্টও আমাকে বুঝতে দেয়নি। পোড়া কপাল আমার এমন বউকে ধরে রাখতে পারিনি। মৃত্যুই তাঁর সকল কষ্টের অবসান ঘটিয়েছে।"

এই সাক্ষাৎকার পাঠ করলে বোঝা যায় সরলা কোন স্থানে ছিলো বাউলের জীবনে। এই প্রাণপ্রিয় সখি চলে যাওয়ায় আবদুল করিম বিশাল বিরহ সাগরে তলিয়ে যান আর সেই বিরহের সাগর থেকে উঠে এসেছে তাঁর কালজয়ী বিচ্ছেদ গানগুলি।

বাউল সম্রাট শাহ্ আবদুল করিমের বিচ্ছেদ গানগুলি:

১. বন্ধু দরদিয়ারে
আমি তোমারে চাইরে বন্ধু
আর আমার দরদি নাইরে।

২. আমি কুল হারা কলঙ্কিনী
আমারে কেই ছুঁইও নাগো সজনী

৩. কেমনে ভুলিব আমি বাঁচিনা তারে ছাড়া
আমি ফুল বন্ধু ফুলের ভোমরা

৪. কেনে পিরীতি বাড়াইলাইরে বন্ধু
ছেড়ে যাইবা যদি

৫. বন্ধে মায়া লাগাইছে পিরিতি শিখাইছে
কী জাদু করিয়া বন্ধে মায়া লাগাইছে

৬. পিরিতে শান্তি মিলেনা, মন মিলে মানুষ মিলে
সময় মিলে না

৭. প্রাণনাথ
ছাড়িয়া যাইও না মোরে রে

৮. বসন্ত বাতাসে সইগো
বন্ধুর বাড়ি ফুলের গন্ধ আমার বাড়ি আসে

৯. আইলায় না আইলায় নারে বন্ধু
করলায় রে দেওয়ানা

১০. তুমি বিনে আকুল পরান
থাকতে চায় না ঘরেরে

১১. আসি বলে গেলে বন্ধু
আইলো না

উপরে তাঁর বহুল জনপ্রিয় কিছু বিচ্ছেদী গানের উদাহরণ দেয়া হল। যারা গবেষণা করে যা অনেক বেশি লোকসঙ্গীতের চর্চা করে তারা নির্দ্বিধায় বলতে পারবে এই গানগুলোর জনপ্রিয়তা সম্পর্কে। তরুণ প্রজন্মের মুখে মুখে ফিরে এই গানগুলো। সাধক তাঁর অনেক রচনার মধ্যে চিরস্মরণীয় হয়ে থাকবে তাঁর এই বিচ্ছেদী গানের জন্য।

আমার মাঝে মাঝে মনে হয় কেন এই গানগুলো এত জনপ্রিয়তা পেয়েছে। অনেকের সাথে কথা বলে এবং আমার নিজের অনুমানে মনে হয়, আবদুল করিমের গানের সহজ কাব্যময়তা তাঁর সরল সুর তাঁর বিচ্ছেদ গানের জনপ্রিয়তা অন্যতম কারণ। সহজ কথাটি সহজভাবে বলাই হচ্ছে সবচেয়ে কঠিন কাজ। আর এই কঠিন কাজটি করেছে খুব সহজভাবে বাউল সম্রাট। আগুনে পুঁড়ে যেমন সোনা খাঁটি হয় তেমনি দুঃখ, কষ্ট, বিরহে জ্বলে মানুষ খাঁটি হয়। আবদুল করিমের জীবনে নিত্যসঙ্গী ছিল অভাব। অভাবের সঙ্গে তার নিত্য বসবাস ছিলো জীবনের বেশির ভাগ সময়ে। তারপর প্রাণপ্রিয় স্ত্রীর বিয়োগ তাঁকে আরো প্রেমের আগুনে জ্বালিয়ে কয়লা করেছিলো। তাঁর এই অবিস্মরণীয় সৃষ্টি বিচ্ছেদ গানের জন্য তিনি যুগ যুগ বেঁচে থাকবেন বাঙ্গালীর মন ও মননে।

বাউল সম্রাট শাহ্ আবদুল করিমের জন্ম ১৯১৬ খ্রিষ্টাব্দের ১৫ ফ্রেব্রুয়ারি [বাংলা ১৩২২ ফাল্গুন মাসের প্রথম মঙ্গলবার]। বর্তমান সিলেট

বিভাগের দিরাই উপজেলার উজানধল গ্রামে। পিতার নাম ইব্রাহীম আলী মায়ের নাম নাইওরজান বিবি। ছয় ভাইবোনের মধ্যে আবদুল করিম ছিলো একমাত্র ভাই। অর্থাভাবে স্কুলের দরজা মাড়ানো হয়নি তবে তৎকালীন বৃটিশদের নৈশ স্কুলে পড়েছিলেন মাত্র ৮ দিন। পিতামহের ভাই ছিলেন নসিব উল্লাহ, যার প্রত্যক্ষ প্রভাব পড়েছিলো শিশু করিমের ওপর। নসির উল্লাহ ছিলেন শাহ আবদুল করিমের মরমিধারায় প্রবেশের প্রথম পরিবেশ, প্রথম প্রেরণা।

ধীরে ধীরে বাউল চিন্ময় কেন্দ্রীভূত হয়ে গেলেন। তিনি মৌলাবস্ত্র মুন্সীর মুরিদ হন। যার দার্শনিক প্রভাব ছিলো করিমের জীবনে। এক পর্যায়ে বিয়ে করেন বৈশাখী তথা সরলা বিবিকে। তাঁদের একজন পুত্র সন্তান ছিলো যার নাম শাহ্ নুর জালাল। তিনি ও বাবা শাহ্ আবদুল করিমের জীবনদর্শনের অন্যতম অনুসারী।

জীবনদশায় তিনি পাঁচটি গ্রন্থ রচনা করেছিলেন। সেগুলো হলো (১) কালনীর ঢেউ (২) ভাটির চিঠি (৩) কালনীর কূলে (৪) আফতাব সঙ্গী ও (৫) গণসঙ্গীত।

তিনি আনুমানিক ৫০০ গান রচনা করেন।

বাউল সম্রাট শাহ্ আবদুল করিম জীবনে অনেক কষ্ট করে দিনানিপাত করেছেন কিন্তু তাঁর জীবনের শেষ দিকে তিনি অনেক সম্মানে সম্মানিত হন। বাংলাদেশের সর্বোচ্চ পদক `একুশে পদক' পান ২০০১ সালে। মেরিল প্রথম আলো পুরস্কার আজীবন সম্মান পেয়েছেন। তাছাড়া পেয়েছেন দেশ বিদেশের অসংখ্য মানুষের ভালোবাসা এবং সম্মান, যা কিনা ৯৯% বাউলের জীবনে জীবনদ্দশায় অনুপস্থিত থাকে।

মানুষ মরণশীল। প্রকৃতির নিয়মেই প্রস্থান। তবে সে যে রাজকীয় প্রস্থান। ২০০৯ সালের ১২ সেপ্টেম্বর সকালে ৯৩ বছর বয়সে পুত্র, শিষ্য, অনুরাগীদের দুঃখের সাগরে ভাসিয়ে দিয়ে পাড়ি জমান প্রাণপ্রিয় সরলার দেশে।

বিশ্বায়নের প্লাবনে হারিয়ে যাচ্ছে আঞ্চলিক ভাষা, সংস্কৃতি, মন ও মানসিকতা। কিন্তু পলি মাটি চাপা পড়েও বীজ যেমন বহু পরেই অঙ্কুরিত তেমনি আত্মপ্রকাশ ঘটেছে বাউল সম্রাট শাহ্ আবদুল করিমের। তবে আমাদের নতুন প্রজন্মের দায়িত্ব হলো আমাদের এই সংস্কৃতি লুপ্ত হতে দেয়া যাবে না, আমাদেরই সংরক্ষণ করতে হবে। কেননা এর মধ্যে নিহিত থাকে মানুষের মন এবং মননের বীজ।

তথ্যসূত্র

১। সঙ্গীতকোষ, পৃষ্ঠা.৪৮৪।
২। শাহ্ আবদুল করিম পাঠ ও পাঠকৃতি, পৃষ্ঠা.১১২।

গ্রন্থপঞ্জী

১। দাশ সুমন কুমার, শাহ আবদুল করিম স্মারক গ্রন্থ, অন্বেষা প্রকাশনী, ২০০৯।
২। দেব চিত্তরঞ্জন, বাংলার পল্লীগীতি, ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, ১৯৯৮।
৩। দাশ সুমন কুমার, শাহ আবদুল করিম সংবর্ধন-গ্রন্থ, উৎস প্রকাশন, ২০০৮।
৪। হুদা মুহম্মদ নরুল (সম্পাদিত), লোকসঙ্গীত, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ২০০৭।
৫। আহমদ ওয়াকিল, ঘাটুগান, বইপত্র, ২০১৪।
৬। ইসলাম সামীয়ূল, বাংলাদেশের লোকসঙ্গীতে শ্রেণি বিন্যাস, বাংলা একাডেমী, ২০০৭।
৭। চৌধুরী কমল, সিলেটের ইতিহাস, দেজ পাবলিশিং, ২০১২।
৮। ইমাম শুভেন্দু (সম্পাদিত), শাহ আবদুল করিম পাঠ ও পাঠকৃতি, বইপত্র, ২০১০।
৯। চৌধুরী মিহির কান্তি, শাহ আবদুল করিম জীবন ও কর্ম, ইত্যাদি গ্রন্থ প্রকাশ, ২০১০।
১০। চক্রবর্তী মৃদুল কান্তি, বাংলা গানের ধারা, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ১৯৯৩।
১১। ইমাম শুভেন্দু (সম্পাদিত), শাহ আবদুল করিম রচনাসমগ্র, বইপত্র, ২০১৩।

মনিরা ইসলাম একজন গবেষিকা। কণ্ঠসংগীত বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, তত্ত্বাবধায়ক ড. হীরেন্দ্রনাথ মুখার্জী।

কাজী নজরুল ইসলামের আধ্যাত্মিক মনন ও রাধাকৃষ্ণ প্রসঙ্গ

শ্যামলী ভট্টাচার্য

তারুণ্যের উচ্ছ্বাস, স্বাধীনতার প্রতি সুতীব্র আকাঙ্খা নিয়ে ধর্মীয় গোঁড়ামীকে ভেঙে ফেলতে চেয়েছিলেন কবি কাজী নজরুল ইসলাম। আবার অতি শৈশব কাল থেকেই আধ্যাত্মিকতার বীজ প্রোথিত হয়েছিল তাঁর জীবনে যার ফলস্বরূপ আমরা পাই বহু সংখ্যক ভক্তিরসাপ্লুত সংগীত। এর মধ্যে একদিকে যেমন ইসলামী ধর্ম সংগীত আছে তেমনি হিন্দু ধর্ম সংগীত ও রয়েছে। এই হিন্দু ধর্ম সংগীতগুলির মধ্যে রাধা কৃষ্ণ এই দুই সনাতন প্রেমিক প্রেমিকাকে নিয়ে অসংখ্য সংগীত তিনি রচনা করেছিলেন, যেগুলি কথা, সুর ও ভাবের ত্রিবেণী সম্মিলনে হয়ে উঠেছে বৈষ্ণব পদাবলীরই সুরগত তথা ভাবগত অনুরণন ও বাংলা গানের অমূল্য রতন।

যৌবনের উদ্যামতা, স্বাধীনতার প্রতি সুতীব্র আকাঙ্খা, সাম্প্রদায়িক সম্মেলনের সেতুপথ সন্ধানী, একই সাথে প্রেম, অনুরাগ, ভক্তমনের অধিকারী কবি, সুরকার, গীতিকার, নাট্যকার কাজী নজরুল ইসলাম। পরাধীনতার যাবতীয় প্রতিকূল পরিবেশের বিরুদ্ধে, অসাম্য, অনৈক্য, সাম্প্রদায়িক হানাহানির বিরুদ্ধে সোচ্চার হয়ে একদিকে যেমন তিনি বিদ্রোহী কবি হিসাবে বাঙালী পাঠকদের মনের মণিকোঠায় নিজের আসন করে নিয়েছেন, অপর দিকে তাঁর জীবনে আধ্যাত্মিকতার স্রোত ক্রমশঃ স্রোতস্বিনী হয়ে তাঁর কবি সত্তাকে প্রভাবিত করেছিল। কবি মানসে নিহিত আধ্যাত্মিক ভাবটি তাঁর কাব্য-সাহিত্য, সংগীত ও অন্যান্য রচনার মধ্যে দিয়ে প্রস্ফুটিত হয়েছে।

অধ্যাত্ম অর্থ, অধি + আত্মা, যা আত্মাকে অধিকার করিয়া বর্তে, বা পরমাত্মা বিষয়ক।[১] সংক্ষিপ্ত বৈষ্ণব অভিধান অনুযায়ী অধ্যাত্ম্য বিদ্যার অর্থ মোক্ষপদ, আত্মবিদ্যা।[২] কাজী নজরুল ইসলামের অন্তরাত্মায় আধ্যাত্মিকতা খুবই সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। সহজেই অনুমেয়, পিতা ফকির আহমদের পরধর্ম সহিষ্ণু মনভাব, কবির জন্মভিটা চুরুলিয়া গ্রামের মাজার ও দেব-দেউল কেন্দ্রীক তৎকালীন গ্রামীন সমাজ ব্যবস্থা, আবার পিতার অকাল মৃত্যুতে সংসারের চাপে লেটোর দলে যোগদানের মাধ্যমে বহু মানুষ ও সংস্কৃতির সাথে পরিচয় খুব অল্প বয়স থেকেই যা অন্য ধর্মের প্রতি তাঁকে শ্রদ্ধাশীল করে তুলেছিল। যার ছবি কবির পরবর্তী জীবনের বিভিন্ন ঘটনায় ফুটে ওঠে।

চুরুলিয়া গ্রামের পাশ দিয়ে প্রবাহিত অজয় নদ, যার অপরপাড়ে গীত গোবিন্দ রচয়িতা, সাধবকবি জয়দেবের গ্রাম কেন্দুবিল্ব ও কাছেই রয়েছে চণ্ডীদাসের গ্রাম নান্নুর। এই দুই সাধকের সাধনার মাধ্যম ছিল কাব্য এবং সংগীত। আবার দুই জনেই সকলের উপরে মানুষকে স্থান দিয়েছিলেন। চণ্ডী দাসের একটি পদে তাঁর এই চিন্তা হয় বাঙ্ময়—"সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই"। এই ভক্তি ও মানবতার চেতনা আপামর বাঙালী হৃদয়কে উদ্বেলিত করেছিল। স্বাভাবিক ভাবে বাল্যজীবনে নজরুলের হৃদয়েও এই দুই মরমী সাধকের বাণী রেখাপাত করেছিল।

নজরুলের জ্ঞান পিপাসু মন, বিধিবদ্ধ শিক্ষার বাইরেও যেকোন শিক্ষণীয় বিষয়ের প্রতি তাঁকে আকর্ষণ করতো। "কথকতা, কীর্তন, যাত্রাগান, মৌলবীর কোরাণ পাঠ সবই তিনি গভীর আগ্রহে শুনতেন ও বাউল সুফী সাধু সন্ন্যাসীদের সঙ্গে তাঁর বিশেষ অন্তরঙ্গতা গড়ে উঠেছিল। তিনি ছিলেন স্বভাব উদাসীন, তাই তাঁকে লোকে তারাক্ষ্যাপা ও নজরআলী নামে অভিহিত করতো।"[৩] খুব অল্প বয়সেই ইসলাম ধর্মে জ্ঞান লাভের সাথে সাথে রামায়ণ, মহাভারত এই সব মহাকাব্য পাঠও তিনি সম্পন্ন করেছিলেন। লেটোর দলে থাকাকালীন বালক নজরুল রচনা করেছিলেন অনবদ্য সব পালা যার মধ্যে চাষার সঙ, মেঘনাদবদ, শকুনি বধ, দাতাকর্ণ, কবি কালিদাস, আকবর বাদশা ইত্যাদি উল্লেখযোগ্য। লেটোর দলে থাকাকালীনই আমরা পাই তাঁর রচিত রাধাকৃষ্ণের গান "একেলে যাবো না যমুনা",[৪] "সখি নিকুঞ্জ সাজান বৃথা হল।"[৪]

বিভিন্ন তথ্য বিশ্লেষণ করে জানা যায় নজরুল হজরত মনসুর হল্লাজের, 'অনাল্ হক্' তত্ত্ব ও হিন্দু 'সোহম' তত্ত্বে বিশ্বাসী ছিলেন। এই দুইয়েরই সারার্থ এক—"আমিই সত্য, আমার মধ্যে ঈশ্বর"। আবার পরবর্তী সময়ে ১৯২০-এর দশকে নজরুল বন্ধুমহলে নিজেকে নাস্তিক বলেও প্রচার করেছেন বলে শোনা যায়। অর্থাৎ নজরুল "বিধি নিষেধের উর্দ্ধে স্থির"। তাঁর জীবনে ধর্মীয় গোঁড়ামীকে কখনো স্থান দেননি, যা তাঁর পরবর্তী জীবনের বিভিন্ন কার্যাবলীর মধ্য দিয়ে ফুটে ওঠে, যেমন ১৯২৪ সালের ২৫শে এপ্রিল প্রমিলা দেবীকে (আশালতা) বিবাহ করার পরও স্ত্রীর ধর্মীয় রীতিতে হস্তক্ষেপ না করা, কবির শাশুড়ী গিরীবালা দেবীর নিজ ধর্মাচরণে কখনো হস্তক্ষেপ না করা, সন্তানদের নামকরণে ধর্মীয় ও সামাজিক গোঁড়ামিকে প্রাধান্য না দেওয়া (যেমন কৃষ্ণ মহম্মদ ইসলাম, অরিন্দম খালেদ, কাজী সব্যসাচী, কাজী অনিরুদ্ধ) আবার সমান উৎসাহে ঈদ উৎসব ও দোল উৎসব পালন, ফুল্লরা মহাপীঠে দেবীর মন্দিরের সামনে নাটমন্দিরে বসে প্রাণায়াম যোগে জপ ও জপ শেষে অর্ধবাহ্যদশায় একখানি গান রচনা করে গেয়ে ওঠা, ব্ল্যাক-আউটের রাতে নিবিড় অন্ধকারে একা-একা হেটে গিয়ে দক্ষিণেশ্বরে ধ্যানে বসা, আবার বিরজা সুন্দরীর অন্তিম শয্যার পাশে বসে ভক্ত হরিদাসের মত নাম কীর্তন করা, ইত্যাদি বিভিন্ন ঘটনাবলী। রাজ্যেশ্বর মিত্র তাঁর "আগরতলায় শচীনদেব বর্মন" স্মৃতিকথায় লিখেছেন "স্বামী প্রজ্ঞানানন্দের কাছে শুনেছি হিমাংশু দত্ত ও নজরুল ইসলাম দুজনে রামকৃষ্ণ বেদান্ত মঠে স্বামী অভেদানন্দজীর কাছে দীক্ষা গ্রহণ করতে

যান, কিন্তু সময় হয়নি বলে অভেদানন্দজী তাঁদের অপেক্ষা করতে নির্দেশ দেন।"[৫]

১৯৩০ সালে কবির প্রাণাধিক প্রিয় পুত্র বুলবুলের অকাল প্রয়াণ নজরুলকে শোকের ছায়ায় ঢেকে ফেলার সাথে সাথে আধ্যাত্মিক জগতের দিকে আরও টেনে নিয়ে যায়। যার ফলস্বরূপ লালগোলা হাইস্কুলের প্রধান শিক্ষক গৃহী যোগী বরদাচরণ মজুমদারের কাছে দীক্ষা গ্রহণের মধ্য দিয়ে যেন এক নতুন জীবনে প্রবেশ করেন। কবির ভাষায় "আমি অসত্য হতে সত্যে এলাম, তিমির হতে জ্যোতিতে এলাম, মৃত্যু হতে অমৃতে এলাম।"[৬] শোনা যায় এই সময় তিনি গেরুয়া পোশাক পরিধান শুরু করেন এবং বাড়ির চিলেকোঠায় কালী প্রতিমা স্থাপন করে মন্ত্র জপও করতেন।

কাজী নজরুল ইসলামের এহেন উদার মনোভাব, হিন্দু ধর্ম সম্পৃক্ততা, হিন্দু ধর্ম সংগীত রচনা, হিন্দু ধর্মাচরণ, গোঁড়া মুসলিম সম্প্রদায়ের মানুষেরা ভালচোখে দেখেননি । বাউল ধ্বংসের ফতোয়ার রচয়িতা রিয়াজুদ্দিন আহম্মদ "লোকটা মুসলমান না শয়তান"[৭]— এ প্রশ্ন তুলে শূলে বিদ্ধ করার ফতোয়া দিয়েছিলেন। আবার গোঁড়া হিন্দুধর্মের মানুষেরাও তাঁদের ধর্মাচরণে কাজী নজরুলের এই অনুপ্রবেশ ভালভাবে মেনে নিতে পারেননি।

এতৎসত্ত্বেও এটা বলা যায় অধ্যাত্মসাধনে তাঁর মন অন্তর্মুখী হওয়ার ফলে তাঁর সৃজনী প্রতিভায় নতুন দিকের উন্মোচন হয় এবং যা হতে সবচেয়ে বেশী সমৃদ্ধশালী হয়েছে বাংলাগান, কারণ তাঁর এই অধ্যাত্মিক মনন থেকেই তিনি রচনা করেছেন প্রায় ১২০০-র কাছাকাছি আধ্যাত্মিক ভাবাশ্রিত গান । এর মধ্যে যেমন হাম্দ্, নাতসহ ইসলামী ঐতিহ্যের গান আছে তেমনি শ্যামাসংগীত, আগমনী, বিজয়ার গান, রাধাকৃষ্ণ, শিব, পরব্রহ্মা, শঙ্খচক্র গদাপদ্মধারী নারায়ণ প্রমুখ দেব দেবী ও অবতার মহাপুরুষদের নিয়ে রচিত গানও রয়েছে, যেগুলি বাংলা গানের রত্নসম ও মহামূল্যবান।

কাজী নজরুল ইসলামের জীবনে আধ্যাত্মিকতা ও উদার ধর্মীয় মনস্তত্ব আলোচনার পর তাঁর সৃষ্টিতে কিভাবে রাধাকৃষ্ণ প্রসঙ্গ স্থান নিয়েছে তা নিয়ে আলোচনা করতে পারি। রাধা কৃষ্ণের পূর্বরাগ, অনুরাগ, বিচ্ছেদ, মিলন ব্রজলীলার পটভূমিতে রচনা করেছেন অসংখ্য গান। এগুলিকে আমরা বৈষ্ণবীয় ভাবধারার সংগীতও বলতে পারি । জয়দেবের গীতগোবিন্দ থেকে শুরু করে বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস প্রমুখ সাধক কবি ও পরবর্তীকালে শ্রী চৈতন্যদেবের হাত ধরে বাংলায় বৈষ্ণব পদাবলীর উত্তরণ । "বাংলার বৈষ্ণব সম্প্রদায় সুদীর্ঘকাল ধরিয়া পদাবলীকে যোগ রূঢ় ভাবে গানের পর্যায়ভুক্ত করিয়া আসিতেছে"।[৮] চৈতন্য দেবের পূর্বে রাধা কৃষ্ণের যে সমস্ত পদ রচিত হয়েছে তার বেশীর ভাগই হল প্রাকৃত বা লৌকিক, কিন্তু মহাপ্রভুর আবির্ভাব ও পরবর্তীকালে তাঁর ভক্তি প্রচারে সমস্ত আদিরসাত্মক কাহিনী অধ্যাত্মরাগরঞ্জিত হয়ে প্রেমভক্তি রসে পূর্ণ হয়ে ওঠে। ফলতঃ রাধাকৃষ্ণ সাধারণ প্রণয় প্রণয়ী না থেকে পরমাত্মা ও জীবাত্মা বা ভগবান ও ভক্তের প্রতীকরূপে পূজিত হন।

জয়দেব, চণ্ডীদাস, বিদ্যাপতি প্রমুখ সাধক কবিদের সুযোগ্য উত্তরসূরী কাজী নজরুল ইসলাম রচনা করেছেন তাঁর অসংখ্য ভক্তি রসাত্মক রাধাকৃষ্ণ বিষয়ক গান। কখনো তিনি মরমীয়া রাধার সঙ্গে এক হয়ে কৃষ্ণ প্রেমানুভূতি লাভ করেছেন আবার কৃষ্ণ অদর্শনে রাধার বিরহকাতর অবস্থাও অনুভব করেছেন। নজরুল রচিত রাধাকৃষ্ণ বিষয়ক গানগুলিকে প্রধান দুটিভাগে ভাগ করা যায়, যার প্রথমভাগ রাধাকৃষ্ণের প্রেম, ভক্তি, বিরহ নিয়ে রচিত, যাকে পুনরায় বিষয়ানুসারে কয়েকটি পর্যায়ে ভাগ করা যায়। দ্বিতীয় ভাগ শিষ্টের পালন ও দুষ্টের দমনকারী শঙ্খ, চক্র, গদা, পদ্মধারী নারায়ণকে নিয়ে রচিত গান।

প্রথম পর্যায়ভুক্ত রাধাকৃষ্ণ প্রেমলীলার গানগুলির মধ্যে যে বিষয় ভিত্তিক উপ-বিভাগ লক্ষ্য করা যায়, তার মধ্যে সর্বোৎকৃষ্ট সৃষ্টি হল কীর্তনাঙ্গের গান। কীর্তন, বাংলা গানের এক মূল্যবান সম্পদ। সেই সম্পদ আরো সমৃদ্ধশালী করেছেন কাজী নজরুল ইসলাম । পদাবলী কীর্তনে বর্ণিত রাধাকৃষ্ণ লীলা কাহিনীর বিভিন্ন পর্যায় এই গানের প্রধান উপজীব্য যেমন—"সখি আমিই না হয় মান করেছিনু তোরা তো সকলে ছিলি, ফিরে গেল হরি তোরা পায়ে ধরি কেন নাহি ফিরাইলি", "কোন রস যমুনার কূলে", "তোরা যা না লো সখি মথুরাতে", "নব কিশলয়ে নব শয্যা পাতিয়া ফুটিল মানস মাধবী কুঞ্জে" ইত্যাদি।

রাধাকৃষ্ণ লীলার অপর এক অঙ্গ ঝুলন উৎসবকে ঘিরে কবি রচনা করেছেন কিছু গান, যেমন "ঝুলন ঝুলনায় দে দোলায়ে", "ঝুলন দোলায় দোলে নওল কিশোর", "দোলে বন তমালের ঝুলনাতে।"

রাধাকৃষ্ণ লীলা অসম্পূর্ণ থাকে হোলী খেলা ছাড়া। যে হোলী খেলা বা রঙের উৎসবের উপর কবি রচনা করেছেন বিশেষ গান হোরী, যেমন— "আজি মনে মনে লাগে হোরী", "দোল ফাগুনের দোল লেগেছে।"

কবি হিন্দুস্থানী ভজন গানের দ্বারা প্রভাবিত হয়ে বিশেষ ধরনের গান রচনা করে ভজন নামে আখ্যায়িত করেন। এই গানের ও মূখ্য উপজীব্য শ্রীকৃষ্ণ। যেমন— "রাধা তুলসী প্রেম পিয়াসী", " তোমার নামের মহিমা শ্রীহরি", "নওল কিশোর শ্যামল এল।"

হিন্দী ভাষাতেও কিছু কৃষ্ণ বিষয়ক গান কবি রচনা করেছেন যাকে হিন্দীগীত বলা হয়েছে, এর মধ্যে উল্লেখযোগ্য, কিছু গান " চক্র সুদর্শন ছোড়কে মোহন", "তুমহি মোহন চাঁদ", "তুমহো মেরে মনকে মোহন"।

এছাড়া ভক্তিমূলক আরো অসংখ্য গান রচনা করেন যেগুলির মধ্যে কিছু খেয়ালাঙ্গ, টপ্পা, ঠুমরী, দাদরা, ধূনসহ নানা লোকসংগীত ভাঙা সুরে রচিত, যেমন—"তুমি আনন্দ ঘন শ্যাম", "তুমি যদি রাধা হতে শ্যাম", "রসঘন শ্যাম কল্যাণ সুন্দর" ইত্যাদি উল্লেখযোগ্য।

কৃষ্ণের বাল্যলীলা অবলম্বনেও কিছু গান রচনা করেন, যেমন "জাগো গোপাল জাগো গোপাল" "মদন মোহন শিশু নটবর" । আবার শ্রীকৃষ্ণ লীলাভূমি বৃন্দাবনের প্রতি দূর্নিবার আকর্ষণ কবির ভাষায় বাঙ্ময় "গোঠের রাখাল বলে দেরে কোথায় বৃন্দাবন"।

দ্বিতীয় ভাগ, অর্থাৎ নারায়ণ রূপী শ্রী বিষ্ণুর আরাধনায় কবি কিছু গান রচনা করেন যেমন "জয় নারায়ণ অনন্তরূপ ধারী", "তোমার মহাবিশ্বে কিছু হারায়নাতো কভু", "জাগো জাগো শঙ্খচক্র গদা পদ্মধারী" ইত্যাদি।

তদানীন্তন রাজনৈতিক, সামাজিক অস্থিরতা, কবির বিদ্রোহী মনে যে আলোড়ন তুলেছিল সেই উদ্দীপনার ভাবও প্রকাশ পেয়েছে, কবি রচিত অনেক গানের মধ্য দিয়ে। শ্রীকৃষ্ণের মোহন বংশীধ্বনিতে জগত যেমন প্রেমভাবে ডুবে যেত, কবি সেই সুর দিয়ে সমাজের অন্যায়, অত্যাচার, হানাহানি দূর করে মানব প্রেম জাগরিত করার আহ্বান জানিয়েছেন, তেমনি পাঞ্চজন্য শঙ্খনিনাদের মধ্য দিয়ে জনসাধারণের চিত্তের অবসাদ

ও ভয়ভীতি দূর করার আহ্বানও জানাচ্ছেন পার্থসারথীর কাছে।

কাজী নজরুল ইসলামের রাধাকৃষ্ণ বিষয়ক সংগীত, সৌন্দর্যের সঙ্গে নান্দনিক বোধের অবিচ্ছেদ্য বন্ধনে বাঁধা পড়ে রবীন্দ্রনাথের ভাষায় 'সুমিতি' অর্থাৎ সামগ্রিকভাবে সুষমামণ্ডিত হয়েছে। বৃহদারণ্যক উপনিষদে বলা হয়েছে—

"হৃদয়ে হ্যেব শ্রদ্ধা প্রতিষ্ঠিতা ভবতি
হৃদয়ে হ্যেব সত্যং প্রতিষ্ঠিত ভবতি।"

অর্থাৎ শ্রদ্ধা হৃদয়েরই বৃত্তিবিশেষ এবং হৃদয়ের দ্বারাই মানুষ সত্যকে জানে। অতএব শ্রদ্ধা ও সত্য হৃদয়েই প্রতিষ্ঠিত। সত্যদ্রষ্টা মহাসাধক কাজী নজরুল ইসলাম ভক্তি বন্দনার মধ্যে দিয়ে সর্বধর্ম সমন্বয়ের মৈত্রী বন্ধন গ্রথিত করতে চেয়েছিলেন যা আমাদের মানসচেতনার উত্তরণেরও সার্থক সহায়ক।

তথ্যসূত্র

১। জ্ঞানেন্দ্র মোহন দাস, বাঙ্গলা ভাষার অভিধান, প্রথম খণ্ড, সাহিত্য সংসদ, কলকাতা, ১৯৯৪, পৃ.৫০।
২। গৌড়ীয়, বেদান্ত শব্দকোষ, পৃ.১৭।
৩। দেবব্রত দত্ত, সংগীত তত্ত্ব (নজরুল প্রসঙ্গ), দেবব্রত দত্ত ট্রাষ্ট, কলিকাতা, ২০০৬, পৃ.১।
৪। রহমান বাবু, নজরুল সংগীতের নানা প্রসঙ্গ, সিকদার আবুলবাশার, গতিধারা, ঢাকা, ২০০৭, পৃ.৪৭।
৫। রাজ্যেশ্বর মিত্র, আগরতলায় শচীনদেব বর্মন, দেশ বর্ষ ৬২, সংখ্যা-৫, ১৯৯৪।
৬। বরদাচরণ মজুমদার, পথ হারাবার পথ, ভুমিকা, ১৯৪০।
৭। করুণাময়ী গোস্বামী, নজরুল গীতি প্রসঙ্গ, বাংলা আকাদেমী, ঢাকা, ১৯৯৬, পৃ-২৭২।
৮। খগেন্দ্রনাথ মিত্র, বৈষ্ণব পদাবলী, কলকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা ১৯৬১, পৃ.৩।

গ্রন্থপঞ্জী

১। আহমদ মুজফফর, কাজী নজরুল ইসলাম স্মৃতি কথা, ন্যাশনাল বুক এজেন্সি, কলকাতা, ১৯৬৫।
২। আবদুল ওদুত, নজরুল প্রতিভা, বর্মন পাবলিশিং হাউস, ৭২, হ্যারিসন রোড, কলিকাতা, ১৯৪৯।
৩। করুনাময় গোস্বামী, নজরুলগীতি প্রসঙ্গ, মহম্মদ নুরুল হুদা, বাংলা একাদেমী, ঢাকা, ১৯৯৬।
৪। দেবব্রত দত্ত, সংগীত তত্ত্ব, ১৫ শ্যামাচরণ দে স্ট্রিট, কলিকাতা ৭০০০৭৩, দেবব্রত দত্ত ট্রাষ্ট, ২০০৬।
৫। জ্ঞানেন্দ্র মোহন দাস, বাংলা ভাষার অভিধান (প্রথম খণ্ড), সাহিত্য সংসদ, কলকাতা, ১৯৯৪।
৬। বিশ্বনাথ দে, নজরুল স্মৃতি, নির্মল কুমার সাহা, ১৮বি, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলকাতা ১২, ১৯৭০।
৭। অরুণ কুমার বসু, নজরুল জীবনী, পশ্চিমবঙ্গ বাঙ্গলা আকাদেমী, ১/১ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কলকাতা ২০, ২০০০।
৮। বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়, নজরুল সাহিত্যে লৌকিকজীবন ও সংস্কৃতি, কলকাতা লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য সংস্কৃতি বিভাগ, ২০০৮।
৯। বরদাচরণ মজুমদার, পথ হারাবার পথ, গিরিজা লাইব্রেরী, কলকাতা ৮৯, ১৯৪০।
১০। রহমান বাবু, নজরুল সংগীতের নানা প্রসঙ্গ, সিকদার আবুলবাশার, গতিধারা, ঢাকা, ২০০৭।
১১। কল্পতরু সেনগুপ্ত, নজরুলগীতি সহায়িকা, পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমী, কলকাতা, ১৯৯১।
১২। কল্পতরু সেনগুপ্ত, জনগণের কবি কাজী নজরুল ইসলাম, আর্য ম্যানসন, সুবোধ মল্লিক স্কোয়ার, পশ্চিমবঙ্গ পুস্তক পর্ষদ, কলকাতা ১৩, ১৯৯২।

শ্যামলী ভট্টাচার্য একজন গবেষিকা, কণ্ঠসংগীত বিভাগ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, তত্ত্বাবধায়ক ড. হীরেন্দ্রনাথ মুখার্জী।

Profile of Peer Body Members

Prof. Dr. Subhankar Chakraborty An acclaimed educationist, Prof. Dr. Chakraborty was the Principal of Asutosh College, Kolkata and the Vice-Chancellor of Rabindra Bharati University, Kolkata. During his long career as an educationist, he has authored many books and received many awards.

Prof. Dr. Bashabi Fraser Dr. Bashabi Fraser is the Professor of English and Creative Writing, Director of Scottish Centre of Tagore Studies, School of Arts and Creative Industries at Edinburgh Napier University. She specializes in Postcolonial Literature and Theory, Tagore Studies, Personal Narratives and Creative Practice.

Prof. Dr. Neil Fraser Former Senior Lecturer in Social Policy, Edinburgh University (1971–2009), Neil is now an Honorary Fellow, School of Social and Political Studies, University of Edinburgh, Scotland, UK. His research project includes,amongst others, 'Social Security through Guaranteed Employment' (on MGNREGA in India) Social Policy and Administration, Nov. 2015.

Prof. Dr. Guy L. Beck A historian of religions and a musicologist associated with Tulane University, USA, Prof. Beck has been researching on Indian vocal music for many years. His work titled *Sonic Theology: Hinduism and Sacred Sound* is regarded as a unique contribution to sacred sound in Hindu religious thought and practice.

Dr. Pradip Kumar Ghosh An emnient musicologist of Bengal, Dr. Ghosh is a Ph.D. and D.Litt. in music; and has to his credit a number of publications on music. As an expert, he is associated with Visva-Bharati, Rabindra Bharati University, Calcutta University and State Music Academy (West Bengal).

Prof. Dr. Sitansu Ray Professor Emeritus of Rabindra Sangit of the Visva-Bharati University, Dr. Roy has lectured widely in India and abroad at the invitation of various educational bodies including UGC. His publications on Tagore adorn several journals, anthologies and yearbooks.



Dr. Krishnabihari Mishra Renowned Hindi writer, thinker, philosopher and the Jyanpeeth award winner Dr. Mishra was awarded honorary D.Litt. from Makhanlal Chaturvedi National University of Journalism and Communication, U.P., for his contribution in Hindi literature. He has taken a lead role in various universities in educational matters.

Sanjib Chattopadhyay Eminent Bengali novelist and writer of short stories, Chattopadhyay has also written fiction for children. His most famous novella *Swetpatharer Tebil* (*The Ivory Table*) is an example of his characteristic style of story-telling which mixes tension, dilemma, curiosity, pity, humor, and satire.

Ajay Bhattacharya A celebrated scholar and a philosopher, Bhattacharya has written and edited a number of books on comparative religion, philosophy and mythology. He has a number of CDs containing recitations and hymns from scriptures like the *Veda*, *Tantra* and *Vedanta*.

Jagannath Basu Thespian and a former Director, Doordarshan Kendra, Kolkata, Basu is one of the pioneers in Bengal who took the initiative to bring talk theater to a live on-stage environment, devoid of any sets, props and make-up,directly communicating with the audience purely by modulations of voice.

Prasanta Daw An eminent art historian and art critic, Daw has authored several books on art. He was awarded the *Paschim Banga Bangla Academy Life-Time Achievement Award* for his contribution in the field of visual art.



Release of the Dictionary on November 28, 2015 at Calcutta

From L. to R. Hon'ble. Mr. Justice Joymalya Bagchi of Calcutta High Court; Hon'ble. Mr Justice Altamas Kabir, former Chief Justice of India; the author; and Hon'ble. Mrs. Justice Manjula Chellur, Chief Justice of Calcutta High Court.

Gan Choudhury's
Medico-Legal Dictionary and Jurisprudence

First Edition, January 2016

Tapash Gan Choudhury

VIEWS

"The pursuit of legal endeavours by all those involved relating to medicine and health care requires the study of a medical dictionary which not only defines a particular medical word in the science of medicine with accuracy but discusses various aspects emerging out of that word based on medical and, where found necessary, with legal analysis. *Gan Choudhury's Medico-Legal Dictionary and Jurisprudence* serves this purpose exceedingly well. … The dictionary will be of immense value to the consumers and distributors of medical and health care services, social security investigators, lawyers and judges dealing with medico-legal cases".

P.N.Bhagwati, Former Chief Justice of India

"Finally, a well-researched dictionary with medico-legal analysis of various words used in the science of medicine, amongst others, has has ben presented by Tapash Gan Choudhury. The genius and usefulness of *Gan Choudhury's Medico-Legal Dictionary and Jurisprudence* is that issues involving the use of many medical terms have been analysed with sound and balanced judgment".

Altamas Kabir, Former Chief Justice of India

"This book of utility and quality is an excellent contribution not in one field but in three. It has an integrated approach of three related subjects of Law, Medicine and Jurisprudence. This dictionary is quite expansive besides being comprehensive, defining words/terms in as many words as required, not less not more, touching various aspects including their import and impact in terms of law. Wherever necessary, they are supported by judicial pronouncements as to how they are read, understood and interpreted".

Shivaraj V. Patil,Former Judge, Supreme Court of India

Medical jurisprudence is getting importance now-a-days with the terms like DNA, brain mapping and lie detection etc coming into picture in many cases. There is need for more awareness on medical jurisprudence with many cases of medico-legal nature coming before the courts. The book *Gan Choudhury's Medico-Legal Dictionary and Jurisprudence*, a rare publication, would throw light on many grey areas helping the practitioners in legal and medical profession. The dictionary would come to immense help in the administration of justice.

Manjula Chellur, Chief Justice, Calcutta High Court

inkdia Books
BE - 277, Salt Lake City, Kolkata - 700 064
(M) - 9830503409
E - inkdiabooks@gmail.com

INDIAN NATIONAL FORUM OF ART AND CULTURE

Administrative Ofiice:
P. 867, BLOCK 'A' , LAKE TOWN , KOLKATA 700 089
***E-mail** : infac05@gmail.com ***Web**: www.infac.co.in
Tel. No. (033) 2534 4200
Mobile - 9830266029

Printed and published by Shyamal Baran Roy on behalf of Indian National Forum of Art and Culture (owner) and printed at Photo Process, 13-M/1B, Ariff Road, P.S. Ultadanga, Kolkata 700067 and published at P 222, Block 'A', Lake Town, P.O. and P.S. Lake Town, Kolkata 700089.
Editor: Dr. Nupur Ganguly